under this Section shall be made subject to all the provisions and rules both as to the payment of fees and otherwise which are applicable to surveys made in ordinary cases under this Act. If the Surveyors appointed under this Section unanimously refuse to give any Certificate and Declaration, or agree as to the terms of their Certificate and Declaration, such refusal or such Certificate and Declaration shall be final and conclusive; but if they do not agree, the refusal originally made or the Certificate and Declaration originally granted by the Surveyors who surveyed the said Steam Vessel in the first instance, shall remain and be of full force and effect.

আইনমতে সাধারণ স্থলে যে অনুসন্ধান হয় তদ্বিষয়ে ফীসপ্রভৃতি দিবার যে সকল বিধান ও বিধি খাটে তাহা এই ধারামত সকল অনুসন্ধান কার্য্যের প্রতি খাটিবেক। এই ধারামতে নিযুক্ত অনুসন্ধানকারকেরা যদি একবাক্য হইয়া কোন সর্টিফিকট ও জ্ঞাপনপত্র দিতে স্বীকার না করেন, কিম্বা সর্টিফিকটে ও জ্ঞাপনপত্রে যে কথা লিখিতে হইবেক তদ্বিষয়ে সম্মত হন, তবে সেই অস্বীকার করণ কিম্বা সেই সর্টিফিকট ও জ্ঞাপনপত্র চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবেক। কিন্তু যে কথা লিখিতে হইবেক তদ্বিষয়ে যদি তাঁহারা সম্মত না হন, তবে যে অনুসন্ধানকারকেরা উক্ত বাষ্পীয় জাহাজ প্রথমে অনুসন্ধান করিয়াছিলেন তাঁহারা প্রথমে যে অস্বীকার করিলেন কিম্বা প্রথমে যে সর্টিফিকট ও জ্ঞাপনপত্র দিয়াছিলেন তাহাই সম্পূর্ণরূপে বলবৎ ও ফলবৎ ও হইয়া থাকিবেক ইতি।

[Offences under this Act by whom to be tried.]

XV. Any case arising out of this Act may be tried by any Officer having the full powers of a Magistrate, within whose jurisdiction the Offence may have been committed, or by any Police Magistrate of the Town of Calcutta. The provisions of Section LV. of Act XXII. of 1855 (*for the regulation of Ports and Port-dues*) are hereby extended to all penalties imposed under this Act, and all fees due under Section X of this Act shall be recoverable in like manner as penalties are recoverable.

[এই আইন নির্দ্দিষ্ট অপরাধের বিচার যাঁহার করিতে হইবেক তাঁহার কথা।]

১৫ ধারা। এই আইন জন্য কোন মোকদ্দমা উত্থাপন হইলে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত যে কোন কার্য্যকারকের এলাকার মধ্যে অপরাধ করা যায়, তাঁহার দ্বারা কিম্বা কলিকাতা নগরের পোলীসের কোন মাজিষ্ট্রেটের দ্বারা তাহার বিচার হইতে পারিবে। এই আইনমতে যে সকল অর্থদণ্ডের আজ্ঞা হয় তাহার বিষয়ে বন্দরের ও বন্দরীয় মাসুলের বিধান করণার্থ ১৮৫৫ সালের ২২ আইনের ৫৫ ধারার সকল বিধান এই ধারাক্রমে প্রবল হইবেক ও এই আইনের ১০ ধারামতে যে সকল ফীস প্রাপ্য হয় তাহা অর্থদণ্ডের ন্যায় আদায় হইতে পারিবেক ইতি।

[Surveyor acting alone included in term "Surveyors."]

XVI. The word "Surveyors" as used in this Act shall be taken to include any Surveyor acting alone when authorized so to do by the Lieutenant-Governor of Bengal under the provisions of this Act.

[অনুসন্ধানকারকেরা বহুবচনান্ত এই শব্দের মধ্যে একা কর্ম্মকারি অনুসন্ধানকারক গণ্য হইবার কথা।]

১৬ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব যখন কোন অনুসন্ধানকারককে এই আইনের বিধানমতে একলা কর্ম্ম করিতে ক্ষমতা দেন, তখন এই আইনেতে বহুবচনান্ত অনুসন্ধানকারকেরা যে শব্দ ব্যবহার হয় তন্মধ্যে একলা কর্ম্মকারি ঐ অনুসন্ধানকারককে বুঝাইবেক ইতি।

SCHEDULE A.

Form of Surveyors' Certificate and Declaration.

Name of Steam Vessel.	
Tonnage.	
When and where built and Material.	
Power.	
Description of Engines and age.	
Description of Boilers and age.	
Ground Tackle.	
Condition of Hull.	
General Equipment.	
Name of Master and number of Officers and deck-crew, and of Engineers and engine-room crew.	
When and where last coppered, repaired, or cleaned.	
Limits (if any) beyond which the vessel is not fit to ply.	
Time, if less than six months, for which the Hull, Boilers, Engines, or any of the Equipments will be sufficient.	
REMARKS.	

We, the undersigned, declare that we have examined the abovenamed Steamer, and to the best of our judgment she and her engines, as shewn in the above Statement, are fully sufficient for the service on which it is intended to employ the said Steamer, that is to say for (*as the case may be*)

A. B.
C. D.

বাষ্পীয় জাহাজের নাম।	
যত টন বোঝাই ধরে।	
যে সময়ে যে স্থানে ও যে দ্রব্যে নির্ম্মিত হয়।	
যত বল।	
কল যে প্রকারের ও যত বৎসরের হয়।	
বায়লর যে প্রকারের ও যত বৎসরের হয়।	
লঙ্গর ও কাচি।	
জাহাজের অবস্থা।	
সাধারণ সরঞ্জাম।	
অধ্যক্ষের নাম ও যত জন মালিম ও মল্লা ও কল যাহারা চালায় তাহারদের ও কলের কর্ম্মকারকেরদের সংখ্যা।	
শেষে যে সময়ে ও যে স্থানে তলে তামা দেওয়া যায় কি মেরামত কি পরিষ্কার হয়।	
জাহাজ যত দূর গমনাগমন করিবার যোগ্য হয়।	
জাহাজ ও বায়লর ও কল কিম্বা কোন সরঞ্জাম যদি ছয় মাসের ন্যূন কালের কর্ম্মের যোগ্য হয় তবে যতকাল।	
মন্তব্য কথা।	

পশ্চাৎ লিখিত আমরা জ্ঞাপন করিতেছি যে আমরা উপরোক্ত জাহাজের অবস্থার অনুসন্ধান করিয়াছি ও উক্ত জাহাজ (অমুক স্থানে অমুক) এ কার্য্যেতে নিযুক্ত করিবার অভিপ্রায় থাকে সেই কর্ম্মের নিমিত্তে পূর্ব্বোক্তমতে ঐ জাহাজ ও তাহার অলঙ্কার আমারদের নিরূপণমতে সম্পূর্ণরূপে উপযুক্ত।

ক, খ, গ,

A চিহ্নিত তক্তপোষ।

জাহাজের সার্টিফিকেট ও জাপনের লিখিবার পাঠ।

SCHEDULE B.

Rates of Fees to be charged—(referred to in Section X.)

			Rs.	As.	P.
For Steamers of less than 200 Tons	...	...	20	0	0
„ „ 200 Tons and up to	...	350 ...	25	0	0
„ „ 350 „ „ „	...	700 ...	30	0	0
„ „ 700 „ „ „	...	1,000 ...	40	0	0
„ „ 1,000 „ „ „	...	1,500 ...	50	0	0
„ „ 1,500 „ and upwards	...	...	60	0	0

A. G. MACPHERSON,
Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

B চিহ্নিত তফসীল।

[১০ ধারার লিখিতমতে যে হারানুসারে ফীস লইতে হইবেক তাহার কথা।]

				টাকা।
২০০ টনের ন্যূন বোঝাইধারি বাষ্পীয় জাহাজের নিমিত্তে ..			...	২০৲
২০০ টনঅবধি ৩৫০ টনপর্য্যন্ত	ঐ	ঐ	... ...	২৫৲
৩৫০ ঐ ৭০০ ঐ	ঐ	ঐ	... ...	৩০৲
৭০০ ঐ ১০০০ ঐ	ঐ	ঐ	... ...	৪০৲
১০০০ ঐ ১৫০০ ঐ	ঐ	ঐ	... ...	৫০৲
১৫০০ ঐ ও তদোধিক	ঐ	ঐ	... ...	৬০৲

এ জি মাকফরসন।
লেজিসলেটিব ডিপার্টমেণ্টে
বাঙ্গলাদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

THE following Act of the Lieutenant Governor of Bengal in Council, received the assent of His Excellency the Governor General on the 1st May 1862, and is hereby promulgated for general information :—

Act No. VI. of 1862.

To amend Act X. of 1859 (*to amend the law relating to the recovery of Rent in the Presidency of Fort William in Bengal.*)

[Preamble.]

WHEREAS it is expedient to amend Act X. of 1859, so far as the same relates to the Provinces subject to the Government of Bengal; It is enacted as follows:—

[Repeals Sections 26, 40, 74, 79, 86, 150, and 162 of Act X. of 1859.]

I. Sections XXVI., XL., LXXIV., LXXIX., LXXXVI., CL., and CLXII. of Act X. of 1859 are hereby repealed, except as regards suits under the said Act X. of 1859 instituted prior to the passing of this Act.

[The Court may in certain cases award to the plaintiff additional damages not exceeding 25 per cent.]

II. In any suit hereafter to be brought for rent under Act X. of 1859, if it shall appear to the Court that the defendant has without reasonable or probable cause neglected or refused to pay the amount due by him, and that he has not before the institution of the suit tendered such

হুজুর কৌন্‌সেলে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের পশ্চাৎ লিখিত আইনেতে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬২ সালের ১ মে তারিখে স্বীয় সম্মতি জ্ঞাপন করেন। তাহা এইক্ষণে সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬২ সালের ৬ আইন।

১৮৫৯ সালের ১০ আইন (অর্থাৎ ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বঙ্গদেশের মধ্যে খাজানা আদায় করণের আইন সংশোধন করিবার আইন) সংশোধন করণের আইন।

[হেতুবাদ।]

বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন প্রদেশ সম্পর্কে ১৮৫৯ সালের ১০ আইন সংশোধন করা বিহিত এই কারণে পশ্চাৎ লিখিত বিধান হইল।

[১৮৫৯ সালের ১০ আইনের ২৬ ও ৪০ ও ৭৪ ও ৭৯ ও ৮৬ ও ১৫০ ও ১৬২ ধারা রহিত হইবার কথা।]

১ ধারা। এই ধারাক্রমে ১৮৫৯ সালের ১০ আইনের ২৬ ও ৪০ ও ৭৪ ও ৭৯ ও ৮৬ ও ১৫০ ও ১৬২ ধারা রহিত হইয়াছে। কিন্তু এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে সকল মোকদ্দমা ১৮৫৯ সালের উক্ত ১০ আইনমতে উপস্থিত করা গিয়াছিল সেই সকল মোকদ্দমাসম্পর্কে এই ধারা রহিত হইবেক না ইতি।

[আদালত কোন২ স্থলে ফরিয়াদীর ক্ষতিপূরণার্থ অতিরিক্ত শতকরা ২৫৲ টাকাপর্য্যন্ত দিবার আজ্ঞা করিতে পারিবার কথা।]

২ ধারা। ইহার পরে খাজানার নিমিত্তে কোন মোকদ্দমা ১৮৫৯ সালের ১০ আইনমতে উপস্থিত করা গেলে, যদি আদালত দেখিতে পান যে আসামীর নিকটে যে টাকা পাওনা আছে তাহা না দিবার যুক্তি সিদ্ধ কি সম্ভব কোন কারণ না থাকিলেও আসামী তাহা দিতে শৈথিল্য কি অস্বীকার করিয়াছে, ও সেই মোকদ্দমা

amount to the plaintiff or his duly authorized Agent, or, in case of refusal of the plaintiff or such Agent to receive the amount tendered, has not deposited such amount with the Collector before the institution of the suit in manner hereinafter mentioned, it shall be lawful for the Court to award to the plaintiff, in addition to the amount decreed for rent and costs, such damages, not exceeding twenty-five per cent. on the amount of rent decreed, as the Court may think fit. These damages, if awarded, as well as the amount of rent and costs decreed in the suit, shall carry interest at the rate of twelve per cent. per annum from the date of decree until payment thereof, and shall be recoverable from the defendant in like manner as sums decreed to be paid by defendants under Act X. of 1859 are recoverable.

[The Court may award compensation, not exceeding 25 per cent. on the amount sued for, to a defendant improperly sued.]

III. In any suit hereafter to be brought for rent under Act X. of 1859, if it shall appear to the Court that the plaintiff has instituted the suit against the defendant without reasonable or probable cause, or that the defendant before the institution of the suit duly deposited with the Collector in the manner hereinafter mentioned, the full amount which the Court shall find to have been due to the plaintiff at the date of such deposit, it shall be lawful for the Court to award to the defendant by way of compensation such sum, not exceeding twenty-five per cent. on the whole amount claimed by the plaintiff, as the Court may think fit, and such sum, with interest at the rate of twelve per cent per annum, until payment thereof, shall be recoverable from the plaintiff in like manner as sums decreed to be paid by defendants under Act X. of 1859 are recoverable.

[Under-tenant or ryot may, after tender, &c., pay into Court, without any action being brought against him, what he admits to be due to his Zemindar, &c. Payment into Court to have effect of payment to Zemindar or other person entitled.]

IV. If any under-tenant or ryot shall, at the Mal Kutcherry for the receipt of rents or other place where the rents of the land held or cultivated by him are usually payable, tender payment of what he shall consider to be the full amount of rent due from him at the date of the tender to the Zemindar or other person in receipt of the rent of such land, and if the amount so tendered shall not be accepted, and a receipt in full forthwith

[*Government Gazette, 3rd June, 1862.*]

হইবার অগ্রে সেই আসামী ফরিয়াদীকে কি তাঁহার উপযুক্ত মত ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারককে ঐ টাকা দিতে উদ্যত হয় নাই, কিম্বা উদ্যত হইলেও ফরিয়াদী কি ঐ কর্ম্মকারক সেই টাকা গ্রহণ করিতে অস্বীকার করাতে সেই আসামী ঐ মোকদ্দমা উপস্থিত হইবার অগ্রে সেই টাকা পশ্চাৎ লিখিতমতে কালেক্টর সাহেবের নিকটে আমানৎ করে নাই, তবে এমত স্থলে আদালত আজ্ঞা করিতে পারিবেন যে ফরিয়াদীর পক্ষে খাজানা ও খরচা বলিয়া যত টাকা ডিক্রী হয় তদতিরিক্ত ঐ ডিক্রীমতের খাজানার উপর শতকরা পঁচিশ টাকার অনধিক আদালত যত টাকা উপযুক্ত বোধ করেন, তত টাকা ফরিয়াদীর ক্ষতিপূরণস্বরূপে আসামীর দিতে হইবেক। ঐ ক্ষতিপূরণের টাকা দিবার আজ্ঞা হইলে তাহা ও মোকদ্দমাতে খাজানা ও খরচা যত টাকার ডিক্রী হয় তাহা ঐ ডিক্রীর তারিখঅবধি যত দিন না দেওয়া যায়, তত দিনপর্য্যন্ত তাহার উপর বৎসরে শতকরা বারো টাকার হিসাবে সুদ চলিবে। ও ১৮৫৯ সালের ১০ আইনমতে আসামীর কোন টাকা দিবার হুকুম হইলে তাহা যেরূপে আদায় হয় সেইরূপে পূর্ব্বোক্ত টাকা আসামীর স্থানে আদায় হইতে পারিবেক ইতি।

[আসামীর নামে অনুপযুক্তমতে নালিশ হইলে ঐ দাওয়ার উপর আসামীর শতকরা পঁচিশ টাকা পর্য্যন্ত ক্ষতিপূরণস্বরূপ পাইতে আদালতের আজ্ঞা করিবার কথা।]

৩ ধারা। ইহার পরে খাজানার নিমিত্ত কোন মোকদ্দমা ১৮৫৯ সালের ১০ আইনমতে উপস্থিত করা গেলে, যদি আদালত দেখিতে পান যে ফরিয়াদী যুক্তি সিদ্ধ কি সম্ভব কোন কারণ না থাকিলেও আসামীর নামে নালিশ করিয়াছেন, অথবা মোকদ্দমা উপস্থিত হইবার অগ্রে আসামীর স্থানে ফরিয়াদীর যত টাকা পাওনা ছিল তাহা সেই আসামী পশ্চাৎ লিখিত মতে উপযুক্তরূপে কালেক্টর সাহেবের নিকটে আমানৎ করিয়াছে ও আদালত যদি পরে দেখিতে পান যে সেই টাকা দাখিল করিবার তারিখপর্য্যন্ত আসামীর স্থানে যত টাকা পাওনা ছিল তাহা সমুদয় আসামী দাখিল করিয়াছে, তবে আদালত আজ্ঞা করিতে পারিবেন যে ফরিয়াদী যত টাকা দাওয়া করেন তাহার উপর শতকরা পঁচিশ টাকার অনধিক যত টাকা উপযুক্ত বোধ করেন তত টাকা আসামীর ক্ষতিপূরণস্বরূপে ফরিয়াদীর দিতে হইবেক। ও সেই টাকা যত কাল না দেওয়া যায় তত কালপর্য্যন্ত সেই টাকার উপর বৎসরে শতকরা বারো টাকার হিসাবে সুদ চলিবে। ও ১৮৫৯ সালের ১০ আইনমতে আসামীর কোন টাকা দিবার হুকুম হইলে তাহা যেরূপে আদায় হয় সেই রূপে সুদসমেত ঐ টাকা ফরিয়াদীর স্থানে আদায় হইতে পারিবেক ইতি।

[পেটাও প্রজা কি রায়ৎ জমীদারের প্রাপ্য বলিয়া যত টাকা স্বীকার করে, তত টাকা তাহার নামে নালিশ না হইলেও আদালতে দাখিল করিতে পারিবার কথা ও সেই টাকা আদালতে দেওয়া গেলে জমীদারকে কিম্বা অন্য অধিকারিকে দিবার ন্যায় হওয়ার কথা।]

৪ ধারা। কোন পেটাও প্রজা কি রায়ৎ যে জমী দখল কি চাষ করে, তাহার খাজানা আদায়ের মাল কাছারীতে কি অন্য যে স্থানে খাজানা নিয়ত আদায় হইয়া থাকে সেই স্থানে, আপনার নিকটে জমীদারের কি ঐ ভূমির খাজানা গ্রহণকারি অন্য ব্যক্তির যত খাজানা পাওনা জ্ঞান করে, তৎ সমুদয় দাখিল করিতে পারিবে, অর্থাৎ যে দিনে খাজানা দাখিল করিবে সেই দিনপর্য্যন্ত যত খাজানা পাওনা জ্ঞান করে তত দাখিল করিতে পারিবে ও তদ্রূপ যত

with granted, it shall be lawful for the under tenant or ryot, without any suit having been instituted against him, to deposit such amount in the Collector's Court, to the credit of the Zemindar or other person aforesaid, and such deposit shall, so far as the under-tenant or ryot and all persons claiming through or under him are concerned, in all respects operate as and have the full effect of a payment then made by the under-tenant or ryot of the amount deposited to such Zemindar or other person.

[Proceedings on making a payment into Court and the drawing out the money.]

V. The Collector shall receive such deposit on the application of the under-tenant or ryot, or his agent, made in writing upon paper bearing a stamp of such value as would be necessary on the institution of a suit for arrears of rent under Section XXXVII. of Act X. of 1859 for an amount equal to that which it is intended to deposit, and on the under-tenant or ryot, or his agent, making a declaration in the form, or as nearly as circumstances will admit in the form, set forth in the Schedule (A) hereto annexed, and the Collector shall give a receipt for the same. If the declaration shall contain any averment which the person making the declaration shall know or believe to be false or shall not know or believe to be true, such person shall be subject to punishment according to the law for the time being in force for the punishment of giving or fabricating false evidence. Upon receiving the money so deposited, the Collector shall issue a notice to the person to whose credit it has been deposited, in the form set forth in the schedule (B) hereto annexed, and such notice shall be served by the Collector, without the payment of any fee, either upon the person to whom it is addressed or upon his Naib, Gomastah, or other Agent, and in the absence of any such Agent it shall be served by sticking up a copy of the same in the Office of the Collector, and another copy at the Mal Kutcherry for the receipt of rents, or other place where the rents are usually paid for the land in respect of which the money has been deposited. If the person to whom such notice is issued, or his duly authorized Agent, shall appear and apply that the money in deposit be paid to him, it shall be immediately made over to him.

[Suit for further balance to be instituted within six months of service of notice of deposit.]

VI. Whenever a deposit shall have been made under the provisions of this Act, no suit shall be brought against the person making the deposit or his representatives on account of any rent which accrued due prior to the date of the deposit, unless such suit is instituted within six months from the date of the service of the notice in the fifth Section of this Act mentioned.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ৩ জুন।]

টাকা দাখিল করিতে চাহে তাহা যদি গ্রাহ্য না হয়, ও তৎ মমুদয়ের রসীদ তাহাকে না দেওয়া যায়, তবে সেই পেটাও প্রজার কি রায়তের নামে নালিশ না হইলেও সে ঐ টাকা কালেক্টরী কাছারীতে জমীদারের কি পূর্ব্বোক্ত অন্য ব্যক্তির নামে জমা করাইয়া আমানৎ করিতে পারিবে। ও সেই পেটাও প্রজা কি রায়ৎ সেই আমানতী টাকা ঐ জমীদারকে কি উক্ত অন্য ব্যক্তিকে দিলে তাহার যে ফল হইত, ঐ টাকা তদ্রূপে আমানৎ করিলে সেই পেটাও প্রজার কি রায়তের কি তাহার দ্বারা কি তাহার অধীনে যে সকল ব্যক্তি দাওয়া রাখে তাহাদের সম্পর্কে সর্ব্বতোভাবে সেই সম্পূর্ণ ফল হইবে।

[ঐ টাকা আদালতে আমানৎ করিলে ও আদালতহইতে বাহির করিলে যেরূপে কার্য্য করিতে হইবে তাহার কথা।]

৫ ধারা। পেটাও প্রজা কি রায়ৎ কি তাহার কর্ম্মকারক সেই টাকা আমানৎ করিতে চাহিলে কালেক্টর সাহেবের নিকটে ইষ্টাম্প কাগজে দরখাস্ত করিবে, অর্থাৎ যত টাকা আমানৎ করিবে তত টাকার বাকী খাজানার বাবৎ মোকদ্দমা উপস্থিত করিতে হইলে, ১৮৫৯ সালের ১০ আইনের ৩৭ ধারামতে যত টাকার ইষ্টাম্প কাগজে আরজী লিখিতে হয়, তত টাকার ইষ্টাম্প কাগজে দরখাস্ত লিখিবে। তাহা করিলে কালেক্টর সাহেব ঐ আমানতের টাকা গ্রাহ্য করিবেন। ও পেটাও প্রজা কি রায়ৎ কি তাহার কর্ম্মকারক এই আইনসংযুক্ত A চিহ্নিত তফসীলের লিখিত পাঠে, (কিম্বা বিষয় বুঝিয়া যেপর্য্যন্ত হইতে পারে সেইপর্য্যন্ত ঐ পাঠে) প্রতিজ্ঞা করিলে পর কালেক্টর সাহেব তাহাকে ঐ টাকার রসীদ দিবেন। সেই প্রতিজ্ঞাপত্রে যে কথা থাকে তাহার মধ্যে ঐ প্রতিজ্ঞাকারি ব্যক্তি যাহা মিথ্যা জানে কি বিশ্বাস করে কি সত্য নহে এমত জানে কি বিশ্বাস করে, এমত কোন কথা থাকিলে, মিথ্যা প্রমাণ দেওনের কি করণের দণ্ড যে সময়ে যে আইনমতে হইতে পারে ঐ ব্যক্তির সেই দণ্ড হইবেক। কালেক্টর সাহেব উক্ত আমানতী টাকা পাইলে যাঁহার নামে জমা করিয়া আমানৎ করা যায়, তাঁহাকে পশ্চাৎ লিখিত B চিহ্নিত তফসীলের পাঠে এত্তেলা দিবেন। ও কালেক্টর সাহেব কোন ফীস না লইয়া যাঁহার নামে এত্তেলা দেওয়া যায় তাহার উপর কি তাহার নায়েবের কি গোমাশ্তার কি অন্য কর্ম্মকারকের উপর ঐ এত্তেলা জারী করাইবেন। ও তদ্রূপ কোন কর্ম্মকারক না থাকিলে ঐ এত্তেলার এক কেতা নকল কালেক্টর সাহেবের কাছারীতে ও অন্য এক কেতা যে জমীর নিমিত্তে টাকা আমানৎ হইয়াছে তাহার খাজানা যে মাল কাছারীতে কি অন্য স্থানে নিয়ত আদায় হইয়া থাকে সেই স্থানে লটকাইয়া ঐ এত্তেলা জারী করাইবেন। যে ব্যক্তির নামে ঐ এত্তেলা জারী হয় তিনি কি তাঁহার উপযুক্তমত ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারক যদি উপস্থিত হইয়া ঐ আমানতী টাকা পাইবার প্রার্থনা করেন, তবে সেই টাকা তৎক্ষণাৎ তাঁহাকে দেওয়া যাইবে ইতি।

[অধিক টাকা বাকী থাকিলে তাহার মোকদ্দমা আমানতের এত্তেলা জারী হইবার পর ছয় মাসের মধ্যে উপস্থিত করিতে হইবার কথা।]

৬ ধারা। যখন এই আইনের বিধানমতে কোন টাকা আমানৎ হয়, তখন এই আইনের পাঁচ ধারার লিখিত এত্তেলা জারী হইবার তারিখঅবধি ছয় মাসের মধ্যে মোকদ্দমা উপস্থিত না করিলে, ঐ আমানৎ করিবার তারিখের পূর্ব্বে যে কোন খাজানা বাকী ছিল তাহার জন্যে ঐ আমানৎকারি ব্যক্তির কি তাহার স্থলাভিষিক্ত ব্যক্তিদের নামে কোন মোকদ্দমা করা যাইতে পারিবে না ইতি।

[After action brought defendant may pay into Court, without costs, money tendered before action brought. Costs if plaintiff goes on and recovers no more.]

VII. The defendant in any suit under this Act or under Act X. of 1859, instituted after the passing of this Act, may, if he have duly tendered the same to the plaintiff before the institution of the suit, pay into Court such sum of money as he shall consider to be due to the plaintiff, without paying in any costs incurred by the plaintiff up to the time of such payment, and such sum shall be immediately paid out of Court to the plaintiff. If after such payment the plaintiff elects to proceed in the suit and ultimately recovers no further sum than shall have been paid into Court, the plaintiff shall be charged with the whole costs of the suit incurred by the defendant; but if the plaintiff ultimately recovers a further sum than shall have been paid into Court, the defendant shall be charged with the whole costs of the suit.

[If no previous tender has been made, defendant may pay into Court what he admits to be due with costs on that sum. Costs if plaintiff goes on with the suit.]

VIII. The defendant in any suit under this Act or under Act X. of 1859 instituted after the passing of this Act (may, without having made any tender before action brought, pay into Court such sum of money as he shall consider to be due to the plaintiff, together with the costs (to be fixed by the Court if necessary, as of a suit originally instituted for the amount so paid into Court) incurred by the plaintiff up to the time of such payment, and such sum shall immediately be paid out of Court to the plaintiff. If after such payment the plaintiff elects to proceed in the suit and ultimately recovers no further sum than shall have been paid into Court, he shall be charged with all costs incurred by the defendant subseqnently to such payment; but if the plaintiff ultimately recovers a further sum than shall have been paid into Court, the defendant shall (including the sum paid into Court by him in the first instance on account of costs) be charged with costs as upon a suit originally instituted for the whole amount for which the plaintiff altimately obtains a decree.]

[Survey and measurement of lands.]

IX. Every proprietor of an estate or tenure, or other person in receipt of the rents of an estate or tenure, has a right of making a general survey and measurement of the lands comprised in such estate or tenure or any part thereof, unless restrained from doing so by express engagement with the occupants of the lands. If any person intending

[নালিশ হইবার পূর্ব্বে আসামী যে টাকা দিতে চাহিয়াছিল তাহা নালিশ হইবার পরে বিনাখরচে আদালতে দাখিল করিতে পারিবার কথা, ও তৎপরে ফরিয়াদী মোকদ্দমা চালাইয়া অধিক টাকার হুকুম না পাইলে খরচার কথা।]

৭ ধারা। এই আইন প্রচলিত হওনের পরে যে কোন মোকদ্দমা এই আইনমতে কিম্বা ১৮৫৯ সালের ১০ আইনমতে করা যায়, তাহার আসামী যদি ঐ মোকদ্দমা উপস্থিত হইবার পূর্ব্বে ফরিয়াদীকে ঐ টাকা দিতে চাহিয়াছিল, তবে ফরিয়াদীর যত টাকা প্রাপ্য জ্ঞান করে তত টাকা আদালতে দাখিল করিতে পারিবে। তাহাতে ঐ টাকা দেওনের কালপর্য্যন্ত ফরিয়াদীর যে কিছু খরচা হইয়া থাকে তাহার কোন অংশ আসামীর দিতে হইবেক না। ও সেই টাকা তৎক্ষণাৎ আদালত হইতে ফরিয়াদীকে দেওয়া যাইবেক। সেই টাকা দেওয়া গেলে পরও যদি ফরিয়াদী মোকদ্দমা চালাইতে মনস্থ করেন, ও আসামী যত টাকা দাখিল করিয়াছে তাহার অধিকের ডিক্রী যদি পেয়ে না পান, তবে মোকদ্দমায় আসামীর যত খরচা হইয়াছে তাহা সমুদয় ফরিয়াদীর দিতে হইবেক। কিন্তু যত টাকা আদালতে দেওয়া গিয়াছিল তাহার অধিকের ডিক্রী যদি ফরিয়াদী পান, তবে মোকদ্দমার সমস্ত খরচা আসামীর দিতে হইবেক ইতি।

[যদি পূর্ব্বে টাকা দিবার উদ্যোগ না হয়, তবে আসামী যত টাকা আপনার দেনা স্বীকার করে তাহা খরচাসমেত আদালতে দাখিল করিতে পারিবার কথা। ও ফরিয়াদী মোকদ্দমা চালাইলে খরচের কথা।]

৮ ধারা। এই আইন প্রচলিত হওনের পরে যে কোন মোকদ্দমা এই আইনমতে কি ১৮৫৯ সালের ১০ আইনমতে করা যায় তাহার আসামী যদি ঐ মোকদ্দমা উপস্থিত হইবার পূর্ব্বে টাকা দিবার কোন উদ্যোগ না করিয়া থাকে, তবে আপনার স্থানে ফরিয়াদীর যত টাকা প্রাপ্য জ্ঞান করে, তাহা খরচা সমেত অর্থাৎ ঐ টাকা দেওনের সময়পর্য্যন্ত ফরিয়াদীর যত খরচা হইয়াছে সেই খরচা সমেত আদালতে দাখিল করিতে পারিবে। (যদি আবশ্যক হয়, তবে যত টাকা আদালতে দাখিল হইয়াছে তত টাকার মোকদ্দমা আদৌ উপস্থিত করিবার খরচার তুল্য আদালত সেই খরচা নিরূপণ করিতে পারিবেন।) ও সেই টাকা তৎক্ষণাৎ আদালত হইতে ফরিয়াদীকে দেওয়া যাইবেক। সেই টাকা দেওয়া গেলে পর যদি ফরিয়াদী মোকদ্দমা চালাইতে মনোনীত করেন, ও যত টাকা আদালতে দাখিল হইয়াছে তাহার অধিক যদি পেয়ে না পান, তবে সেই টাকা দাখিল করণের পরে আসামীর যত খরচা হয় তাহার সমুদয় ফরিয়াদীর দিতে হইবেক। কিন্তু যত টাকা আদালতে দাখিল হইয়াছে তাহার অধিকের ডিক্রী যদি ফরিয়াদী পেয়ে পান, তবে ফরিয়াদী যত টাকার ডিক্রী পান, সেই সমুদয় টাকার মোকদ্দমা আদৌ উপস্থিত হইলে, তাহার যত খরচা হইত তাহা এবং খরচা বলিয়া আসামী প্রথমে যে টাকা আদালতে দাখিল করিয়াছে তাহা সমেত, সমুদয় খরচা আসামীর দিতে হইবেক ইতি।

[জমীর জরীপ ও মাপ করিবার কথা।]

৯ ধারা। মহালের কি তালুকের প্রত্যেক অধিকারির, কিম্বা অন্য যে ব্যক্তি ঐ মহালের কি তালুকের খাজানা গ্রহণ করিয়া থাকেন তাঁহার, ঐ মহালের কি তালুকের কি তাহার কোন অংশের জমী সাধারণমতে জরীপ ও মাপ করাইবার ক্ষমতা আছে। কেবল যদি ঐ জমীর দখীলকারেরদের সঙ্গে কোন বিশেষ করার থাকাতে জমী মাপ নিবারণ হয় তবে পারিবেন না। কোন

to measure any land which he has a right to measure, is opposed in making such measurement by the occupant of the land, or if any under-tenant or ryot, having received notice of the intended measurement of land held or cultivated by him which is liable to such measurement, refuses to attend and point out such land, such person may make application to the Collector, and the Collector shall thereupon proceed to enquire into the case in the manner provided for suits under Act X. of 1859, and shall pass a decision either allowing or disallowing the measurement, and, if the case so require, enjoining or excusing the attendance of any such under-tenant or ryot. If any under-tenant or ryot, after the issue of an order enjoining his attendance, neglects to attend and to point out the land, it shall not be competent to him to contest the correctness of the measurement made or any of the proceedings held in his absence.

[Measurement of lands, where it cannot be ascertained who are the persons liable to pay rent.]

X. If the proprietor of an estate or tenure, or other person entitled to receive the rents of an estate or tenure, is unable to measure the lands comprised in such estate or tenure or any part thereof, by reason that he cannot ascertain who are the persons liable to pay rent in respect of the lands or any part of the lands comprised therein, such proprietor or other person may petition the Collector in respect of the lands which he cannot measure as aforesaid, and the Collector thereupon and on the necessary costs being deposited with him by the applicant, shall proceed to measure the land and to ascertain and record the names of the persons in occupation of the same, or on the special application of the proprietor or other person aforesaid, but not otherwise, shall proceed to ascertain, determine, and record the tenures and under-tenures, the rates of rent payable in respect of such lands, and the persons by whom respectively the rents are payable. The provisions of Section LXVII. of Act X. of 1859 shall apply to any proceeding of the Collector instituted under this Section. If after due enquiry the Collector shall be unable to measure the land, or to ascertain or record the names of the persons in occupation of the same, or if he shall (in any case in which such special application shall have been made as aforesaid) be unable to ascertain who are the persons having tenures or under-tenures in such lands or any part thereof, then and in any such case he may declare the same to have lapsed to the party on whose petition he has made the enquiry. If any person, within fifteen days after the Collector shall have recorded the name of such person as being in occupation of such land, or any part thereof, or shall have declared a tenure to have lapsed, shall appear and show

করিবার অধিকার যে ব্যক্তির থাকে, তিনি ঐ জমী মাপ করিবার মনস্থ করিলে, যদি ঐ জমীর দখীলকার তাঁহার সেই কর্ম্মেতে বাধা দেয়, অথবা মাপ হইবার যোগ্য যে ভূমি কোন পেটাও প্রজা দখল কি কৃষি করে এমত জমী মাপ হইবার মনস্থের মিয়াদ পাইলে পর, যদি সেই প্রজা কি রায়ৎ উপস্থিত হইয়া সেই জমী দেখাইয়া দিতে স্বীকার না করে, তবে সেই অধিকারী কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত করিতে পারিবেন। তাহা করিলে কালেক্টর সাহেব ১৮৫৯ সালের ১০ আইনমতের মোকদ্দমার নির্দ্দিষ্ট প্রকারে ঐ বিষয়ের তদারক করিয়া, ঐ মাপ হইবার কিম্বা না, হইবার হুকুম করিবেন। ও যদি প্রয়োজন হয় তবে সেই পেটাও প্রজার কি রায়তের উপস্থিত হইবার আজ্ঞা করিবেন কিম্বা তাহার অনুপস্থিত থাকা ক্ষমা করিবেন। কোন পেটাও প্রজার কি রায়তের উপস্থিত হইবার আজ্ঞা জারী হইলে পর যদি উপস্থিত না হয় ও সেই জমী দেখাইয়া না দেয়, তবে ঐ মাপ যথার্থমতে হওয়ার কি না হওয়ার বিষয়ে কিম্বা তাহার অনুপস্থিতকালে যে কোন কার্য্য হইয়া থাকে তদ্বিষয়ে সে আপত্তি করিতে পারিবে না ইতি।

[খাজানা দিবার যোগ্য যে ব্যক্তিরা হয় ইহা নিশ্চয়মতে জানিতে না পারা গেলে, ভূমির মাপ হইবার কথা।]

১০ ধারা। কোন মহালের কি তালুকের কি তাহার কোন অংশের অন্তর্গত জমীর কি ঐ জমীর কোন অংশের খাজানা যে ব্যক্তিদের দিতে হয়, ইহা নিশ্চয়মতে জানিতে না পারাপ্রযুক্ত, যদি ঐ মহালের কি তালুকের অধিকারী কিম্বা সেই মহালের কি তালুকের খাজানা গ্রহণ করিবার ক্ষমতাপন্ন অন্য ব্যক্তি ঐ জমী মাপ করিতে না পারেন, তবে তিনি পূর্ব্বোক্তমতে যে জমী মাপ করিতে অপারক হইলেন তদ্বিষয়ে কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত করিতে পারিবেন। তাহা করিলে ও দরখাস্তকারী আবশ্যক খরচা কালেক্টর সাহেবের নিকটে আমানৎ করিলে, তিনি ঐ জমী মাপ করিবেন, ও যাহারদের দখলে জমী থাকে তাহারদের নাম নিশ্চিতমতে জানিয়া লিখিবেন, অথবা ভূমাধিকারী কি পূর্ব্বোক্ত অন্য ব্যক্তির স্থানে বিশেষ দরখাস্ত পাইলে, তিনি ঐ তালুক ও পেটাও তালুক ও সেই জমীর নিমিত্তে যে হারে খাজানা দিতে হয় ও যে২ ব্যক্তিরদের সেই খাজানা দিতে হয় এই সকল কথা নিশ্চিতমতে জানিয়া নির্দ্ধার্য্য ও রিকার্ড করিবেন, কিন্তু উক্ত প্রকারের বিশেষ দরখাস্ত না পাইলে তিনি তাহা করিবেন না। এই ধারামতে কালেক্টর সাহেব তদারকপ্রভৃতি যে কোন কার্য্য করেন, তদ্বিষয়ে ১৮৫৯ সালের ১০ আইনের ৬৭ ধারা খাটিবে। যদি কালেক্টর সাহেব উপযুক্তমতের অনুসন্ধান করিলে পরও ঐ জমী মাপ করিতে না পারেন, কিম্বা সেই জমী যাহারদের দখলে থাকে তাহারদের নাম নিশ্চয় করিয়া রিকার্ড করিতে না পারেন, কিম্বা পূর্ব্বোক্তমতের বিশেষ দরখাস্ত করা গেলেও সেই জমী কি তাহার কোন অংশ যাহারদের তালুক কি পেটাও তালুক হয় ইহা যদি নিশ্চয় করিতে না পারেন, তবে তিনি এই আজ্ঞা করিতে পারিবেন যে যাঁহার দরখাস্তমতে ঐ তদারক করিয়াছেন সেই জমী তাঁহারই প্রতি বর্ত্তে। তদ্রূপ জমীর কিম্বা তাহার কোন অংশের দখীলকার বলিয়া কোন ব্যক্তির নাম কালেক্টর সাহেব যে দিনে রিকার্ড করেন, কিম্বা সেই তালুক ভূম্যধিকারির প্রতি বর্ত্তিবার আজ্ঞা যে দিনে করেন, সেই দিবসাবধি পনেরো দিনের মধ্যে যদি সেই দখীলকার উপস্থিত হইয়া আপনার পূর্ব্বে উপস্থিত না হইবার উত্তম ও উপযুক্ত কারণ দর্শায়, কিম্বা ন্যায্য বিচারের ত্রুটি হইয়াছে এই বিষয় কালেক্টর

good and sufficient cause for his previous non-appearance, and shall satisfy the Collector that there has been a failure of justice, the Collector may, upon such terms or conditions as he may think proper, alter or rescind his declaration according to the justice of the case. Save as aforesaid, the decision of the Collector on all matters enquired into and determined by him under this or the last preceding Section, shall be final unless the same shall be reversed on appeal therefrom to the Civil Court. Such appeals shall lie to the Zillah Judge or to the Sudder Court subject to the provisions and conditions contained in Section CLX. and CLXI. of Act X. of 1859.

[Measurements to be made by the Pergunnah Pole.]

XI. All measurements made under this Act shall be made by the Standard pole of measurement of the Pergunnah in which the land is situated.

[Form of plaint in suits for arrears of rent.]

XII. In any suit hereafter to be brought for the recovery of an arrear of rent the statement shall specify the name of the village and estate and of the Pergunnah or other local division in which the land is situate, the yearly rent of the land, the amount (if any) received on account of the year for which the claim is made, the amount in arrear, and the time in respect of which it is alleged to be due. If the arrear is alleged to be due from any ryot, the statement shall further specify the quantity of land, and where fields have been numbered in a Government Survey the number (if it be possible to give it) of each field.

[Order under Section 58 of Act X. of 1859 to set aside judgment shall be final, but rejection of application to set it aside shall be appealable.]

XIII. In all cases in which the Collector shall pass an order under Section LVIII. of Act X. of 1859 for setting aside a judgment, the order shall be final; but in all appealable cases in which the Collector shall reject the application, an appeal shall lie from the order of rejection to the tribunal to which the final decision in the suit would be appealable; provided that the appeal be preferred within the time allowed for an appeal from such final decision, and be written upon Stamp Paper of the value prescribed for petitions to the Court to which the appeal lies where a Stamp is required for petitions.

[Fees to Agents and Mookteears.]

XIV. So much of Section LXXI. of Act X. of 1859 as directs that no fee for any Agent shall be charged as part of the costs of suit in any case under the Act, is hereby repealed. In awarding

সাহেবের অনুরোধ করায় তবে কালেক্টর সাহেব যে শর্ত ও নিয়ম উপযুক্ত বোধ করেন, তদনুসারে তদ্বিষয়ের যথার্থ বিচারানুক্রমে আপনার সেই আজ্ঞা পরিবর্ত্তন কি রাতিল করিতে পারিবেন। তদ্রূপ স্থলভিন্ন, কালেক্টর সাহেব এই ধারা কি ইহার পূর্ব্বের ধারানুসারে যে সকল বিষয়ের তদারক ও নিষ্পত্তি করেন, তাহা দেওয়ানী আদালতে আপীল হইয়া যদি অন্যথা না হয়, তবে চূড়ান্ত হইবেক। তদ্রূপ আপীল জিলার জজ সাহেবের নিকটে কি সদর আদালতে হইতে পারিবেক, ও ১৮৫৯ সালের ১০ আইনের ১৬০ ও ১৬১ ধারাতে যে বিধান ও নিয়ম নির্দ্দিষ্ট হইয়াছে তদনুসারে ঐ আপীল হইবেক ইতি।

[পরগনার নির্দ্ধারিত দণ্ড দ্বারা মাপ হইবার কথা।]

১১ ধারা। ঐ জমী যে পরগনার শামিল থাকে সেই পরগনার খাটি পরিমাণের যে নলদ্বারা জমীর মাপ হইয়া থাকে তদ্দ্বারা এই আইনমতের মাপ হইবেক ইতি।

[বাকী খাজানার বাবৎ মোকদ্দমায় নালিশের আরজী যেরূপে লিখিতে হইবেক তাহার কথা।]

১২ ধারা। ইহার পরে বাকী খাজানা আদায়ের যে মোকদ্দমা উপস্থিত করা যায়, তাহার বর্ণনাপত্রে এই২ কথা লিখিতে হইবেক। অর্থাৎ, গ্রামের ও মহালের নাম, ও জমী যে পরগনায় কি স্থলবিশেষের অন্য যে কিসমৎপ্রভৃতির শামিল থাকে তাহার নাম, ও জমীর সালিয়ানা খাজানা, ও যে বৎসরের খাজানার দাওয়া হয় তাহার কোন অংশ পূর্ব্বে আদায় হইলে যত আদায় হইয়াছে তাহা ও যত বাকী থাকে, ও যে কালের বাকী বলিয়া নির্দ্দিষ্ট হয় তাহা লিখিতে হইবে। ঐ বাকী কোন রায়তের স্থানে পাওনা বলিয়া ব্যক্ত হইলে, যত জমী থাকে তাহাও ঐ বর্ণনাপত্রে লিখিতে হইবেক। ও গবর্ণমেণ্টের জরীপী নক্‌শাতে যদি ক্ষেত্রের নম্বর দেওয়া গিয়া থাকে, তবে প্রত্যেক ক্ষেত্রের নম্বর জানিতে পারিলে তাহাও লিখিতে হইবেক ইতি।

[১৮৫৯ সালের ১০ আইনের ৫৮ ধারামতে নিষ্পত্তি অসিদ্ধ করিবার যে আজ্ঞা হয় তাহা চূড়ান্ত হইবার, কিন্তু অসিদ্ধ করিবার দরখাস্ত অগ্রাহ্য করিবার আজ্ঞা হইলে তাহার উপর আপীল হইতে পারিবার কথা।]

১৩ ধারা। যে সকল স্থলে কালেক্টর সাহেব ১৮৫৯ সালের ১০ আইনের ৫৮ ধারামতে নিষ্পত্তি অসিদ্ধ করিবার আজ্ঞা করেন সেই স্থলে তাঁহার আজ্ঞা চূড়ান্ত হইবেক। কিন্তু যে স্থলে আপীল হইতে পারে এমত কোন স্থলে, কালেক্টর সাহেব ঐ দরখাস্ত অগ্রাহ্য করিলে, ঐ মোকদ্দমার শেষ নিষ্পত্তির উপর আপীল যে আদালতে হইতে পারে সেই আদালতে ঐ অগ্রাহ্য করিবার হুকুমের উপর আপীল হইতে পারিবেক। কিন্তু ইহাতে প্রয়োজন যে শেষ নিষ্পত্তির উপর আপীল করিবার যে মিয়াদ নির্দ্ধারিত হইয়াছে সেই মিয়াদের মধ্যে ঐ আপীল করা যায়। ও যে আদালতে আপীল হয় সেই আদালতে দরখাস্ত ইষ্টাম্প কাগজে লিখিতে হইলে দরখাস্তের নিমিত্তে যে মূল্যের ইষ্টাম্প কাগজ নির্দ্ধারিত আছে সেই মূল্যের ইষ্টাম্প কাগজে ঐ আপীলের দরখাস্ত ও লিখিতে হইবেক ইতি।

[কর্ম্মকারকেরদের ও মোক্তারেরদের রসুমের কথা।]

১৪ ধারা। ১৮৫৯ সালের ১০ আইনের ৭১ ধারার যে কথাতে আজ্ঞা হইয়াছে যে ঐ আইনমতের কোন মোকদ্দমায়, মোক্তারের রসুম মোকদ্দমার খরচার এক অংশস্বরূপে ধরিতে হইবেক না, সেই কথা রহিত হইল।

costs to either party in any suit hereafter to be brought under the said Act or under this Act, it shall be competent for the Collector to award to such party, on account of the fees of any Agent or Mooktear employed by him, such a sum, not exceeding the rate of fee chargeable under the provisions of Section VII. of Act I. of 1846 for Pleaders in the Civil Courts, as the Collector may direct.

[Language in which the Collector is to write his judgment.]

XV. The Collector shall pronounce judgment in all cases tried under this Act or under Act X. of 1859 in open Court. The judgment shall be written in the vernacular language of the Collector, and shall contain the reasons for the same, and shall be dated and signed by the Collector at the time when it is pronounced. Provided that if the vernacular language of the Collector be not English, and the Collector be sufficiently conversant with the English language to be able to write a clear and intelligible decision in that language, and prefer to write his judgment in it, the judgment may be written in English.

[Attachment before Judgment.]

XVI. The provisions relating to attachment before judgment contained in Sections LXXXI. to XC., both inclusive, of Act VIII. of 1859, (*for simplifying the Procedure of the Courts of Civil Judicature not established by Royal Charter*) are hereby extended to all suits hereafter to be brought under this Act or Act X. of 1859.

[Execution to issue at time of decree on oral application: afterwards on application in writing.]

XVII. Process of execution in any suit hereafter to be instituted under this Act or under Act X. of 1859 may be issued against either the person or the property of a judgment debtor, but process shall not be issued simultaneously against both person and property. It may be issued on the oral application of the judgment creditor, his Agent, or Mooktear, made at the time the judgment is pronounced, or thereafter upon the written application of the judgment creditor, his Agent, or Mooktear, presented to the Court by which the judgment was given. Process of execution against the person or moveable property of a debtor shall be in the Form (E) or the Form (F) contained in the Schedule to Act X. of 1859, or in a form as nearly resembling those forms as the circumstances of the case may admit.

[If person is arrested under Section 145 of Act X. of 1859, case to be disposed of at once.]

XVIII. If any person shall after the date of the passing of this Act be arrested under Section CXLV. of the said Act X. of 1859, he shall be brought before the Collector with all convenient

এহার পরে উক্ত আইনমতে কি এই আইনমতে যে কোন মোকদ্দমা উপস্থিত করা যায়, তাহাতে কালেক্টর সাহেব যখন কোন পক্ষের মোকদ্দমার খরচা পাইবার আজ্ঞা করেন, তখন ঐ পক্ষ যে মোক্তারকে নিযুক্ত করেন তাহার রসুমও সেই খরচার মধ্যে ধরিতে পারিবেন, অর্থাৎ ১৮৪৬ সালের ১ আইনের ৭ ধারামতে দেওয়ানী আদালতের উকীলদিগের রসুম যে হিসাবে ধরিতে হইবেক তাহার অনধিক যত টাকা কালেক্টর সাহেব আজ্ঞা করেন তত টাকা ধরিতে পারিবেন ইতি।

[কালেক্টর সাহেব যে ভাষাতে নিষ্পত্তি লিখিবেন তাহার কথা।]

১৫ ধারা। কালেক্টর সাহেব এই আইনমতে কি ১৮৫৯ সালের ১০ আইনমতে যে সকল মোকদ্দমার বিচার করেন তাহাতে আপনার যে নিষ্পত্তি হয়, তাহা খোলা কাছারীতে প্রকাশ করিবেন। সেই নিষ্পত্তি কালেক্টর সাহেবের স্বদেশীয় ভাষায় লেখা যাইবে, ও সেই নিষ্পত্তির হেতু তাহাতে ব্যক্ত থাকিবে। ও যে সময়ে কালেক্টর সাহেব ঐ নিষ্পত্তি জ্ঞাত করেন সেই সময়ে তিনি তাহাতে তারিখ লিখিয়া স্বাক্ষর করিবেন। যদি ইঙ্গরেজী ভাষা ঐ কালেক্টরের স্বদেশীয় ভাষা না হয় কিন্তু তিনি ইঙ্গরেজী ভাষা উপযুক্তমতে জ্ঞাত হওয়াতে আপনার নিষ্পত্তি সেই ভাষায় স্পষ্ট ও বোধগম্যরূপে লিখিতে সক্ষম হইয়া সেই ভাষায় লিখিতে চাহেন, তবে ঐ নিষ্পত্তি ইঙ্গরেজী ভাষায় লেখা যাইতে পারিবেক ইতি।

[নিষ্পত্তির পূর্ব্বে ক্রোক করণের কথা।]

১৬ ধারা। ১৮৫৯ সালের ৮ আইনের (অর্থাৎ রাজকীয় চার্টর দ্বারা যে দেওয়ানী আদালত স্থাপিত হয় নাই তাহার কার্য্য সুগম করণের আইনের) ৮১ অবধি ৯০ পর্য্যন্ত সকল ধারাতে নিষ্পত্তির পূর্ব্বে ক্রোক করিবার বিষয়ে যে বিধান আছে তাহা এই আইনমতে কিম্বা ১৮৫৯ সালের ১০ আইনমতে যে সকল মোকদ্দমা ইহার পরে উপস্থিত করা যাইবে সেই মোকদ্দমার প্রতি খাটিবে ইতি।

[ডিক্রী হইবার সময়ে বাচনিক প্রার্থনামতে ও পরে লিখিত দরখাস্তমতে ডিক্রী জারীর কথা।]

১৭ ধারা। ইহার পরে যে কোন মোকদ্দমা এই আইনমতে কিম্বা ১৮৫৯ সালের ১০ আইনমতে উপস্থিত করা যায় তাহাতে ডিক্রী জারীর পরওয়ানা ডিক্রীমতের খাতকের অথবা তাহার সম্পত্তির উপর জারী হইতে পারিবে, কিন্তু খাতক ও তাহার সম্পত্তি এই উভয়ের উপর একি কালে জারী হইবেক না। ডিক্রী যে সময়ে প্রকাশ হয় সেই সময়েতে ডিক্রীমতের মহাজন কি তাহার গোমাশ্তা কি মোক্তার বাচনিক প্রার্থনা করিলে এ পরওয়ানা জারী হইতে পারিবে কিন্তু তৎপরে হইলে, যে আদালতে ডিক্রী হইয়াছে সেই আদালতে ডিক্রীপ্রাপ্ত মহাজন কি তাহার গোমাশ্তা কি মোক্তার দরখাস্ত লিখিয়া দিলে ঐ পরওয়ানা জারী হইতে পারিবে। খাতকের উপর কি তাহার অস্থাবর সম্পত্তির উপর ডিক্রী জারীর পরওয়ানা ১৮৫৯ সালের ১০ আইনের তফসীলের E চিহ্নিত কিম্বা F চিহ্নিত পাঠে অথবা বিষয় বুঝিয়া যেপর্য্যন্ত হইতে পারে সেইপর্য্যন্ত সেই২ পাঠানুসারে লিখিতে হইবে ইতি।

[১৮৫৯ সালের ১০ আইনের ১৪৫ ধারামতে ব্যক্তি গ্রেফ্তার হইলে মোকদ্দমার অবিলম্বে নিষ্পত্তি করিতে হইবার কথা।]

১৮ ধারা। এই আইন প্রচলিত হইবার তারিখের পরে যদি কোন ব্যক্তিকে ১৮৫৯ সালের উক্ত ১০ আইনের ১৪৫ ধারামতে গ্রেফ্তার করা যায়, তবে তাহাকে সাধ্যমতে ত্বরা করিয়া কালেক্টর সাহেবের সম্মুখে উপস্থিত

speed, and the Collector shall proceed forthwith to try the case. If the case cannot be at once heard and determined, the Collector may, if he think fit, require the person arrested to give security for his appearance whenever the same is required. In default of such security the person arrested shall be committed to the Civil Jail till the case is heard.

[Deputy Collector's powers.]

XIX. All the powers vested in the Collector by any of the Sections of this Act or of Act X. of 1859, may be exercised by any Deputy Collector in cases referred to him by a Collector, and in all cases without such reference by any Deputy Collector placed in charge of any Sub-Division of a District, or who is specially authorized by Government to receive such cases; and all applications and reports allowed or required by the said Act X. of 1859 or by this Act to be made to the Collector, may be made to any Deputy Collector having such local jurisdiction or such special authority as aforesaid.

[In what Court suits are to be instituted.]

XX. Suits under this Act or under Act X. of 1859 shall be preferred in the Revenue Office of the District, or when a Sub-Division of a District has been placed under the Jurisdiction of a Deputy Collector, in the Revenue Office of the Sub-Division in which the cause of action shall have arisen, or when the cause of action shall have arisen within the limits of the local jurisdiction of any Deputy Collector not in charge of a Sub-Division but who has been specially authorized by Government to receive such suits, then in the Office of such last mentioned Deputy Collector. Provided always that the Collector may withdraw any suit from any Deputy Collector, and try it himself, or refer it to another Deputy Collector. If the lands comprised in any talook, farm, or other tenure, or any lands held under one lease or engagement, or at one entire rent, in respect of which arrears of rent may be due, are situated in more than one District or Sub-Division, or within the local limits of the jurisdiction of more than one Deputy Collector so specially authorized as aforesaid, the District or Sub-Division, or local limits in which the greater part of such lands is situate, shall be held to be the District, or Sub-Division, or local limits in which the cause of action has arisen, and if any question shall be raised respecting the District, or Sub-Division, or local limits within which the greater part of the lands is situate, the Board of Revenue, or if all the lands be situate in one District, the Collecter of the District shall decide the question, and such decision shall be conclusive on the point of jurisdiction.

[This Act to be read with Act X. of 1859.]

XXI. This Act shall be read with and taken as

করিতে হইবেক ও কালেক্টর সাহেব অগৌণে ঐ মোকদ্দমার বিচার কার্য্যে প্রবর্ত্ত হইবেন। যদি সেই মোকদ্দমা তৎক্ষণাৎ শুনা যাইতে ও নিষ্পত্তি হইতে না পারে, তবে কালেক্টর সাহেব উপযুক্ত বোধ করিলে ঐ ব্যক্তিকে আজ্ঞা করিবেন যে তাহার যে সময়ে হাজির হইতে হইবে সেই সময়ে হাজির হইবার জামিন দেয়। যদি জামিন না দেয়, তবে যত কাল মোকদ্দমা শুনা না যায় তত কাল সেই ধৃত ব্যক্তিকে দেওয়ানী জেলখানায় রাখিতে হইবে ইতি।

[ডেপুটী কালেক্টরেরদের ক্ষমতার কথা।]

১৯ ধারা। কালেক্টর সাহেব যে কোন মোকদ্দমা ডেপুটী কালেক্টরের প্রতি অর্পণ করেন সেই সকল মোকদ্দমায়, ও কোন ডেপুটী কালেক্টর জিলার কোন মহকুমার ভারপ্রাপ্ত হইলে কিম্বা তদ্রূপ মোকদ্দমা গ্রাহ্য করিতে গবর্ণমেণ্টের দ্বারা বিশেষমতে ক্ষমতা প্রাপ্তহইলে মোকদ্দমা উক্ত প্রকারে অর্পিত না হইলেও সকল মোকদ্দমায়, ডেপুটী কালেক্টর এই আইনের কিম্বা ১৮৫৯ সালের ১০ আইনের কোন ধারাক্রমে কালেক্টর সাহেবের প্রতি অর্পিত সকল ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন। এবং ১৮৫৯ সালের উক্ত ১০ আইনমতে কিম্বা এই আইন মতে যে সকল দরখাস্ত ও রিপোর্ট কালেক্টর সাহেবের নিকটে করিবার অনুমতি কি আজ্ঞা হয় তাহা পূর্ব্বোক্ত মতে স্থানবিশেষের ভারপ্রাপ্ত কিম্বা বিশেষ ক্ষমতাপ্রাপ্ত ডেপুটী কালেক্টরের নিকটে করা যাইতে পারিবে ইতি।

[যে আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে হইবে তাহার কথা।]

২০ ধারা। এই আইনমতের কিম্বা ১৮৫৯ সালের ১০ আইনমতের মোকদ্দমার হেতু যে জিলার মধ্যে হয়, সেই জিলার রাজস্ব সম্পর্কীয় কাছারীতে, অথবা যদি জিলার কোন মহকুমা ডেপুটী কালেক্টরের প্রতি অর্পিত হইয়া থাকে, তবে যে মহকুমার মধ্যে ঐ মোকদ্দমার হেতু হয় সেই মহকুমার রাজস্ব সম্পর্কীয় কাছারীতে, ঐ মোকদ্দমা উপস্থিত করিতে হইবেক, অথবা মহকুমার ভারপ্রাপ্ত না হইয়া যে ডেপুটী কালেক্টর উক্তপ্রকারের মোকদ্দমা গ্রাহ্য করিতে গবর্ণমেণ্টের দ্বারা বিশেষ ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন, তাঁহার এলাকার অন্তর্গত স্থানের মধ্যে যদি ঐ মোকদ্দমার হেতু হয়, তবে সেই ডেপুটী কালেক্টরের কাছারীতে ঐ মোকদ্দমা উপস্থিত করিতে হইবেক। কিন্তু কালেক্টর সাহেব কোন ডেপুটী কালেক্টরের নিকটহইতে কোন মোকদ্দমা উঠাইয়া লইয়া আপনি তাহার বিচার করিতে পারিবেন কিম্বা অন্য ডেপুটী কালেক্টরের প্রতি অর্পণ করিতে পারিবেন। কোন তালুকের কি ইজারার কি অন্য প্রকারের পাট্টাই ভূমির, কিম্বা একি পাট্টা কি বন্দোবস্তমতে কিম্বা একি মোট জমামতে ভোগ করা ভূমির অন্তর্গত, যে জমীর খাজানা বাকী পড়িয়াছে সেই জমী যদি একি জিলার কি মহকুমায় শামিল কিম্বা পূর্ব্বোক্ত মতে বিশেষ ক্ষমতাপ্রাপ্ত একি ডেপুটী কালেক্টরের এলাকার অন্তর্গত স্থানের মধ্যে না থাকে, তবে ঐ জমীর অধিকাংশ যে জিলার কি মহকুমার কি স্থানের মধ্যে থাকে সেই জিলাতে কি মহকুমায় কি স্থানে মোকদ্দমার হেতু হইল জ্ঞান হইবে। এবং ঐ জমীর অধিকাংশ কোন্ জিলার কি মহকুমার কি স্থানের সীমার মধ্যে আছে, এই বিষয়ের যদি কোন বিবাদ হয়, তবে রেবিনিউ বোর্ডের সাহেবেরা, অথবা সমস্ত জমী একি জিলার মধ্যে থাকিলে ঐ জিলার কালেক্টর সাহেব, সেই বিবাদ নিষ্পত্তি করিবেন, ও এলাকা বিষয়ে তাঁহার সেই নিষ্পত্তি চূড়ান্ত হইবে ইতি।

[১৮৫৯ সালের ১০ আইনের সঙ্গে এই আইন পাঠ করিতে হইবার কথা।]

২১ ধারা। এই আইন প্রচলিত হওনের পূর্ব্বে যে

part of Act X. of 1859, except as regards suits instituted thereunder before the passing of this Act.

SCHEDULE A.*

I, A. B. of &c., do solemnly declare that I did personally (*or* by my Agent C. D.) on the day of tender payment to E. F. at his Mal Kutchery (*or* at) the place where the rent of the lands at held or cultivated by me under or from the said E. F., are usually payable, of the sum of Company's Rupees as and for the whole amount due from me in respect of the rent of the said lands from the month of to the month of both inclusive. I further declare that the said E. F. refused to accept the said sum so tendered (*or* to give me a receipt in full forthwith for the same.) And I do declare that to the best of my belief the sum of Company's so tendered and which I now desire to pay into Court, is the full amount which I owe the said E. F. on account of the rent of the said lands from the month of to the month of both inclusive, and that I owe the said E. F. no further sum on account of the rent of the said lands.

SCHEDULE B.†

Court of the Collector (or Deputy Collector) of

Dated the day of 18

To E. F. of &c.

With reference to the within declaration you are hereby informed that the sum of Company's Rupees therein mentioned is now in deposit in this Court, and that the above sum will be paid to you or to your duly authorized Agent on application. And take notice that if you have any further claim or demand whatsoever to make against the said A. B. in respect of the rent of the said lands, you must institute a suit in Court for the establishment of such claim or demand within six calendar months from this date; otherwise your claim will be for ever barred.

A. G. MACPHERSON,
Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

---

* If this Declaration is made by an Agent, it must be altered accordingly.

† This is to be by indorsement on a copy of the Declaration under Schedule A made by the person paying the money into Court.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ৩ জুন।]

সকল মোকদ্দমা ১৮৫৯ সালের ১০ আইনমতে উপস্থিত করা যায়, তদ্ভিন্ন অন্য সকল মোকদ্দমা সম্পর্কে এই আইন উক্ত ১০ আইনের সঙ্গে পাঠ করিতে হইবেক ও তাহার একাংশ জ্ঞান করিতে হইবেক ইতি।

A* চিহ্নিত তফসীল।

অমুক স্থানবাসি আমি (আনন্দ) ধর্ম্মতঃ কহিতেছি যে, (ঈশানচন্দ্রের) অধীনে কি তাহাইতে আমি অমুক স্থানের শামিল যে জমী দখল কি চাষ করিতেছি, তাহার খাজানা আমি আপনি (কিম্বা আমার কর্ম্মকারক চন্দ্রকুমার দর দ্বারা) অমুক সালের অমুক মাসের অমুক তারিখে উক্ত (ঈশানচন্দ্রের) মল কাছারীতে কিম্বা (অমুক) যে স্থানে ঐ জমীর খাজানা আদায় হইয়া থাকে সেই স্থানে, অমুক সালের অমুক মাসাবধি অমুক সালের অমুক মাসপর্য্যন্ত ঐ জমীর খাজানার বাবৎ আমার দেনা সমুদয় টাকা অর্থাৎ কোং টাকা দাখিল করিতে উদ্যত ছিলাম। আরো কহিতেছি যে, উক্ত যে টাকা দিতে উদ্যত ছিলাম তাহা উক্ত (ঈশানচন্দ্র) গ্রহণ করিতে স্বীকার করিলেন না (কিম্বা আমাকে তৎক্ষণাৎ সেই সমুদায় টাকার রসীদ দিতে স্বীকার করিলেন না।) আরো জানাইতেছি যে উক্ত যে টাকা দিতে উদ্যত ছিলাম ও এইক্ষণে এই আদালতে দাখিল করিতে ইচ্ছা করি তাহা অমুক সালের অমুক মাসাবধি অমুক সালের অমুক মাসপর্য্যন্ত আমার নিকটে ঐ জমীর খাজানার জন্যে উক্ত (ঈশানচন্দ্রের) প্রাপ্য সমস্ত টাকা, ও উক্ত জমীর খাজানার বাবৎ আমি উক্ত (ঈশানচন্দ্রের) আর কিছুই ধারি না আমার এই দৃঢ় বিশ্বাস।

B চিহ্নিত তফসীল।†

অমুক স্থানের কালেক্টর সাহেবের (কি ডেপুটী কালেক্টরের) আদালত।

সাল তাং

শ্রী(ঈশানচন্দ্র) প্রতি আগে।

এই পত্রের অপর পৃষ্ঠে লিখিত প্রতিজ্ঞাপত্রের বিষয়ে তোমাকে জ্ঞাত করা যাইতেছে যে ঐ পত্র লিখিত কোং টাকা এই আদালতে আমানত হইয়াছে। তুমি কি তোমার উপযুক্তমত ক্ষমত প্রাপ্ত কর্ম্মকারক দরখাস্ত করিলে দেওয়া যাইবে। আর জানিতে হইবে যে উক্ত জমীর খাজানার বাবতে যদি উক্ত (আনন্দের) উপর তোমার অধিক কোন টাকার দাওয়া থাকে, তবে সেই দাওয়া কি দাবি সাব্যস্ত করণার্থে তোমার অদ্যকার তারিখঅবধি ছয় মাসের মধ্যে আদালতে মোকদ্দমা করিতে হইবেক। নতুবা তোমার দাওয়া চিরকাল রহিত থাকিবে।

এ জি মাকফরসন।
ব্যবস্থাপক ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

---

* এই কথায় যদি কর্ম্মকারক স্বীকার করে তবে তদনুসারে তাহা পরিবর্ত্তন করিতে হইবেক।

† যে ব্যক্তি টাকা আদালতে দাখিল করে সে A চিহ্নিত তফসীলের যে প্রতিজ্ঞাপত্র লেখে তাহা নকল হইয়া সেই নকলের পৃষ্ঠে এই তফসীলের কথা লিখিতে হইবেক।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরুনর্ সাহেবের হুকুম।

৭৩৩ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ২০ মে।

ইঞ্জিনিয়রদিগের মধ্যে মেজর শ্রীযুত জে জি মেডলী সাহেব (Major J. G. Medley,) গত মাসের ৭ তারিখঅবধি সিবিল ইঞ্জিয়রিং কালেজের অধ্যক্ষের কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ২১ মে।

লেপ্টেনেণ্ট শ্রীযুত আর সি মনি সাহেব (Lieutenant R. C. Money,) ছোট নাগপুরে আসিস্টণ্ট কমিসনর হইবেন।

১৮৬২ সাল ২২ মে।

দেশীয় চিকিৎসক শ্রীযুত সেখ মনু কোট চাঁদপুরে দাতব্য ঔষধালয়ের কর্ম্মের ভার প্রাপ্ত হইয়াছেন।

১৮৬২ সাল ২৭ মে।

কটকের একটিং সিবিল ও সেসন জজ শ্রীযুত ও টুগুড সাহেব (Mr. O. Toogood,) এ জিলার সিবিল ও সেসন জজ হইবেন।

শ্রীযুত আর এন শোর সাহেব (Mr. R. N. Shore) পুরণিয়ার সিবিল ও সেসন জজ হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত কটকের কমিস্যনরের কর্ম্ম করিতে থাকিবেন।

বর্দ্ধমানের মাজিস্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এস এস হগ সাহেব (Mr. S. S. Hogg,) প্রথম শ্রেণীর মাজিস্ট্রেট ও কালেক্টর হইবেন।

দিনাজপুরের একটিং মাজিস্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ বি সিমসন সাহেব (Mr. H. B. Simson,) দ্বিতীয় শ্রেণীর মাজিস্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত জে পি এচ ওয়র্ড সাহেব (Mr. J. P. H. Ward,) বালেশ্বরের মাজিস্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত চব্বিশ পরগনার মাজিস্ট্রেটের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত জে বিমস সাহেব (Mr. J. Beames,) দিনাজপুরের জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত পুরণিয়ার মাজিস্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত এচ এল অলিফাণ্ট সাহেব (Mr. H. L. Oliphant,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

ছুটী।

১৮৬২ সাল ২২ মে।

তমলুকের আসিস্টণ্ট নিমক এজেণ্ট শ্রীযুত এচ এল হটন সাহেব (Mr. H. L. Houghton,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে আগামি মাসের ৫ তারিখঅবধি আগামি জুলাই মাসের ৭ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ২৩ মে।

মালদহের মাজিস্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আর জে উইগ্রাম সাহেব (Mr. R. J. Wigram,) নিয়মিত ছুটী ক্রমে ইউরোপে গমনার্থ প্রস্তুত হওনের নিমিত্তে দশ দিনের ছুটী পাইয়াছেন।

পাবনার ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী সৈয়দ অবীদল্লা গত ফেব্রুআরি মাসের ১৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ২৬ মে।

রঙ্গপুরের মাজিস্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ রোস সাহেব (Mr. H. Rose,) বর্ত্তমান মাসের ১৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এগার দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ৬ মে।

আমরখালির ও কন্তিয়ার খাড়ার মধ্যগত যে গরাই নদীর খেয়া ঘাট তাহা ১৮১৯ সালের ৬ আইনমতে সরকারী খেয়া প্রকাশ হইল।

১৮৬২ সাল ২৩ মে।

ছিলটের একটিং জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত পি এ হম্ফ্রে সাহেব (Mr. P. A. Humphery,) আপন কর্ম্মের ভার বর্ত্তমান মাসের ১৪ তারিখে গ্রহণ করাতে গত আপ্রিল মাসের ১ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

অশুদ্ধ শোধন।

আপ্রিল মাসের ৮ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় শ্রেণীর ওকালতী পরীক্ষোত্তীর্ণ ব্যক্তিরদের নামের মধ্যে "কেদারনাথ ঘোষ" নামের পরিবর্ত্তে কেদারনাথ বসু পাঠ করিতে হইবে।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ২৭ মে।

গত জানুআরি মাসের ৭ তারিখের যে বিজ্ঞাপন ঐ মাসের ১৪ তারিখের বাঙ্গলাগেজেটে প্রকাশ হয় তদনুসারে সম্বাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরুনর্ সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩২২ ধারামতে আজ্ঞা করিয়াছেন যে জিলা চব্বিশপরগনা ও হুগলী ও বর্দ্ধমান ও মুরশিদাবাদ ও নদীয়া ও পাটনাও ঢাকাতে দণ্ড বিধির আইনের ১৮ অধ্যায়ের লিখিত যে সকল অপরাধের বিচার কোন সেসন আদালতে হয় তাহা জুরিদ্বারা হইবে।

ই এচ লশিংটন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশ্তিহার

ZILLAH CACHAR.

Vacant—the Office of Treasurer with a salary of Rupees 65 per mensem.

Security to the amount of Rupees 10,000 will be required, a preference being given to cash deposits.

Applications enclosing testimonials to be forwarded to undersigned.

R. STEWART, *Superintendent.*

Zillah Cachar, Superintendent's Office, the 29th April, 1862.

জিলা কাছাড়।

৬৫৲ টাকা মাসিক বেতনের খাজাঞ্চির পদ খালি ২০,০০০৲ টাকার জামিনীর আবশ্যক, নগদ ডিপাজিট দায়কের দাবিই শ্রেষ্ঠ হইবেক নিম্ন স্বাক্ষরিত সমীপে সর্টিফিকটসহ দরখাস্ত পাঠাইতে হইবেক।

আর ইষ্টুয়ার্ট সাহেব সুপরিণ্টেণ্ডেণ্ট কাছাড়।

জিলা কাছাড়। ১৮৬২ সাল তারিখ ২৯ আপ্রিল।

[*Government Gazette, 3rd June,* 1862.]

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of DOORGAPERSAUD and GOOLGARY MUL, Insolvents.

Take notice that by an order made in this matter bearing date the third day of May instant, it is ordered that Munsook Roy Suddasook of Cotton Street in Calcutta, and Jeemun Ram Hurmook Roy also of Cotton Street in Calcutta, and Hurronaum Doss Jumna Doss of Puggeah Putty in Burrobazar in Calcutta, creditors of the said Insolvents, do on or before the seventh day of June, next come in and prove their respective claims against the estate of the said Insolvents, and that in default of such proof their claims be expunged from the Schedule of the said Insolvents, dated this 13th day of May, 1862.

C. W. HATCH,
Attorney for the Official Assignee.

কলিকাতার যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন দুর্গাপ্রসাদ ও গুলগারি মল্লের বিষয়ে।

জানিতে হইবেক যে বর্ত্তমান মে মাসের ৩ তারিখে এই বিষয়ে আজ্ঞা হইয়াছিল যে, উক্ত যোত্রহীনেরদের মহাজন কলিকাতার কটনষ্ট্রিট নিবাসি শ্রীমনমুখ রায় সদামুখ ও কলিকাতার ঐ কটনষ্ট্রিট নিবাসি জীবন রাম হরমুখ রায়, ও কলিকাতার বড় বাজারের পগেয়াপটি নিবাসি হরনাম দাস যমুনা দাস এই তিন ব্যক্তির ঐ যোত্রহীনেরদের ইষ্টেটের উপর যে২ দাওয়া থাকে তাহা তাঁহারদের আগামি জুন মাসের ৭ তারিখে কি তৎপূর্ব্বে উপস্থিত হইয়া প্রমাণ সিদ্ধ করিতে হইবেক। না করিলে তাঁহারদের দাওয়া উক্ত যোত্রহীনেরদের তফসীলহইতে উঠাইয়া দেওয়া যাইবেক ইতি ইং ১৮৬২ সাল তারিখ ১৩ মে।

সি ডবলিউ হাচ।
সরকারী আসৈনীর উকীল।

In the matter of SOORUJMUL, lately carrying on business at Burrabazar, under the style and firm of Savaram Soorujmul, an Insolvent.

Notice is hereby given, that by an order of this Court made on the sixteenth day of May instant, it is ordered that the said Insolvent do within a month from this date file a Schedule of his debts, estate and effects in the Office of the Chief Clerk of this Court, and that Saturday, the fifth day of July next, be appointed for the hearing of this matter, and that all creditors having any claim on the Estate of the said Insolvent do within one week before the said hearing file with the said Chief Clerk a statement of the amount of their respective claims against the Estate of the said Insolvent duly verified by Affidavit. Dated this 21st day of May, 1862.

C. W. HATCH, *Attorney.*

যোত্রহীন সুরজমল যে আপাতত বড় বাজারে সাবারাম সুরজমল নামে কারখানায় কর্ম্ম চালাইতেছিল তাহার বিষয়। জ্ঞাত করা যাইতেছে যে বর্ত্তমান মে মাসের ১৬ তারিখে এই আদালতহইতে আজ্ঞা হইয়াছিল যে উক্ত যোত্রহীন আজিকার তারিখঅবধি এক মাসের মধ্যে আদালতের প্রধান ক্লার্ক সাহেবের আফিসে তাহার দেনা ও বিষয় সম্পত্তির এক ফর্দ্দ দাখিল করেন ও ৫ জুলাই শনিবার এই বিষয় শুনিবার জন্যে ধার্য্য হয়, আর যে২ মাহাজনের এই যোত্রহীনের সম্পত্তির উপর দাওয়া আছে তাহারা এই বিষয় শুনানির এক সপ্তাহ পূর্ব্বে এই যোত্রহীনের সম্পত্তির উপর আপন২ দাওয়া আফিডেবিটক্রমে উপযুক্তমতে এই আদালতের প্রধান ক্লার্ক সাহের নিকটে দাখিল করে। সন ১৮৬২ সাল ২১ মে।

সি ডবলিউ হ্যাচ এটর্নি।

In the matter of JOHN HUTCHISON FERGUSSON, and another, Insolvents.

Notice is hereby given, that Saturday, the 7th day of June next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the first day of September 1860, until the thirtieth day of April 1862, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee.*

Official Assignee's Office, Calcutta, 26th day of May, 1862.

যোত্রহীন জান হচিসন ফরগসন সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয় পুনশ্চ শুনিবার জন্যে আগামি জুন মাসের ৭ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৬০ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখ অবধি ১৮৬২ সালের আপ্রেল মাসের ৩০ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কি এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক জান কাকরেন। সরকারী আসৈনি।

সরকারী আসৈনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা ১৮৬২ সাল ২৬ মে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ৩ জুন।]

In the matter of WILLIAM DICKSON, an Insolvent.

Notice is hereby given, that Saturday, the 7th day of June next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 1st day of June 1854, until the 30th day of April last, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given, at the Office of the Chief Clerk three clear days before the hearing.

Official Assignee's Office, Calcutta, 29th May, 1862.

যোত্রহীন উলিয়ম ডিক্সন সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ট প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুননির জন্যে আগামি জুন মাসের ৭ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৫৪ সালের জুন মাসের ১ তারিখঅবধি গত আপ্রিল মাসের ৩০ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে, প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কি এ বিষয়ের লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনেরদের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৬২ সাল ২৯ মে।

The like notice in the matter of RAMGOPAUL SEIN, an Insolvent, wherein the Account of the Assignee is filed from 7th to 30th April last.

যোত্রহীন রামগোপাল সেনের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে আসৈনি সাহেবের গত আপ্রিল মাসের ৭ তারিখঅবধি ৩০ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

The like notice in the matter of SEEKURCHUND BUSRAJ, an Insolvent, wherein the Account of the Assignee is filed from 29th May 1861, to 30th April last.

যোত্রহীন সিকরচাঁদ বসরাজের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে আসৈনি সাহেবের ১৮৬১ সালের ২৯ মে তারিখঅবধি গত আপ্রিল মাসের ৩০ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

সুপ্রিম কোর্ট।
রিসিবর আফিস।
জমীদারী ইজারা।

শ্রীমতী শারদাসুন্দরী দাসী — বাদিনী।
তিনকড়ি নন্দী ও শ্রীমতী কামিনী দাসী — প্রতিবাদিগণ।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন হালের ২০ জুন শুক্রবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত চারলশ্ সুইণ্টন হাগ সাহেব তাঁহার আফিসে মৃত রামচন্দ্র পাল চৌধুরী ও শ্যামচন্দ্র পাল চৌধুরীর ইষ্টেটের বন্ধ নীচের লিখিত জমীদারীহায়েরু ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন ঐ সময়ে রিসিবর আফিসে উপস্থিত হইবেন ইতি।

জিলা নদীয়া।

পরগনে আলমপুর ডিহি সীকারপুরের মধ্যে	১৫ মৌজা।
পরগনে ঐ ডিহি কৃষ্ণচন্দ্রপুরের মধ্যে	১১ মৌজা।
চাকলে শ্রীনগর ডিহি পাঙ্গার মধ্যে	২ মৌজা।
চাকলে ঐ ডিহি শেরপুরের মধ্যে	৭ মৌজা।
পং পাঁজনর ডিহি সীকারপুরের মধ্যে	৭ মৌজা।
তং চাপড়ার মধ্যে	৩ মৌজা।

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

কৌর্ট হৌস রিসিবর আফিস।

তারিখ ৩০ মে ১৮৬২ সাল।

সুপ্রিমকোর্ট।
রিসিবর আফিস।
সুন্দরবন আবাদ জমী ইজারা।

কাশীনাথ পণ্ডিত — বাদী।
বৈজনাথ পণ্ডিত — প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে বর্ত্তমান সনের ২৫ জুন বুধবার বেলা দুইপ্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত চারলস সুইণ্টন হাগ সাহেব তাঁহার আফিসে মৃত রাজরাণী দেব্যার ইষ্টেটের বন্ধ নিম্নের লিখিত সুন্দরবন আবাদ জমির ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন তাঁহারা ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

জেলা ২৪ পরগনা।

৬৪ নং নাটির অন্তর্গত পরগনে পণ্ডিত সদানন্দপুর কমবেশ জমী ৫২৮৫ বিঘা তাহার চৌহদ্দি উত্তর গড় নয়ানের খাল দক্ষিণ চটকির খাল পূর্ব্ব কালুনাছির খাল ও নদী তায়লদহ পিটা সীমিলিয়াগ্রাম ও বেপারি পুষ্করণীহইতে নাগর বোড় গ্রাম।

[*Government Gazette, 3rd June*, 1862.]

এই ৫২৮৪ বিঘা জমির মধ্যে ২৩৩ বিঘা জমি এই ইজারার ভুক্ত হইবেক না আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তল্ল করিলে জানিতে পারিবেন।

কোর্ট হৌস রিসিবর আফিস।

তারিখ ২৬ মেই ১৮৬২ সাল।

বিজ্ঞাপন।

(ফৌজদারী গাইড) অর্থাৎ হাল ২৫ ও ৪৫ আইন সহ ১৭৯৩ সালহইতে ১৮৬২ সালপর্য্যন্ত রদ ব্যতীত সমুদয় ফৌজদারী ও আবকারী, পোষ্টআপীসের, রেইলওয়ের ও রাস্তার, নগরের টাক্স, পুস্তক সত্য রক্ষা বিষয়ক আইন ও ১৮৬১ সালের ২৫ আইনমতে যে২ সরক্যুলর ও গবর্ণমেণ্টের বিজ্ঞাপন ও ফারম হইয়াছে তাহা ও আর আবশ্যকী সরক্যুলর আদি একত্রে সংগ্রহ হইয়া উত্তম কাগজ, কাশ্মী, অক্ষরে মুদ্রাঙ্কন হইতেছে গবর্ণমেণ্টে রেজিষ্টরী করাইয়া উত্তমরূপে জেলদ অর্থাৎ বান্ধাই হইয়া অতি ত্বরায় প্রকাশ হইবে মূল্য স্বাক্ষরকারির জন্যে ৬৲ টাকা ও বিনাস্বাক্ষরকারির পক্ষে ৮৲ টাকা ধার্য্য করা হইয়াছে গ্রাহকগণ স্বস্ব নাম ধাম লিখিয়া পত্র পাঠ ইলে পাইতে পারিবেন ইতি।

শ্রীদ্বারকানাথ বন্দ্যোপাধ্যায়।

জিলা হুগলির জাহানাবাদের আবকারীর দারোগা

---

* শস্তা দরে আইন বিক্রয়।

১৮৬০ সালের দণ্ডবিধান নামক ৪৫ আইন অর্থাৎ পেনেলকোট মূল্য ... ... ১৲

১৮৬০ সালের ৫ আইন ১৮৬১ সালের ৫ ও ২৫ ও ৩৩ আইন এবং সরক্যুলর অর্ডর সহলিত মূল্য ... ১৲

* শস্তা দর নিমিত্ত উক্ত আইনের ও মুদ্রাঙ্কন বিষয়ে কোন সংশয় করিবেন না বরঞ্চ অগ্রে এক কাপী গ্রহণানন্তর সুবিচারপূর্ব্বক পশ্চাৎ মূল্য পাঠাইয়া দিবেন। যদিস্যাৎ গেজেটের অবিকল না হয় তবে প্রত্যর্পণ করিবেন।

শ্রীনৃত্যলাল শীল।

কলিকাতা বটতলার ২৪৬ নং পুস্তকালয়।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণজনগণকে জ্ঞাত করা যাইতেছে যে দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের সন ১৮৫৯ সালের রদ ব্যতীত ৮ আইন সংশোধন ও ১৮৬০ সালের ৪২ আইন এবং সন ১৮৬১ সালের ১০। ১২। ২৩ আইন উক্ত আইন সংশোধিত হইয়া একত্রে বান্ধাই মূল্য ১৸০ টাকা সন ১৮৬০। দণ্ডবিধাননামক ৪৫ আইন মূল্য ৸০ আনা ১৮৬১ সালের কার্য্যবিধান নামক ৫। ২৫। ৩৩ আইন ও সরক্যুলর অর্ডর সহিত মূল্য ১৲ টাকা এবং উক্ত দণ্ড বিধান ও কার্য্য বিধান একত্রে বান্ধাই মূল্য ২৲ টাকা বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে কলিকাতা চিতপুর রোড বটতলা ২৪৫ নং পুস্তকালয় ও সুধানিধি যন্ত্রে পত্র পাঠাইলে পাইবেন।

শ্রী ইন্দ্রনারায়ণ ঘোষ।

ইষ্টাম্পের আইন

ইষ্টাম্পের নূতন আইন বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। পাঠকেরদের সুগমরূপে বুঝিবার জন্যে ঐ আইনের সকল বিধানের সারসংগ্রহ নির্ঘণ্টস্বরূপে করা গিয়াছে ও তফসীলের নানা প্রকরণে যে২ দলীলের ইষ্টাম্প নির্ণয় হইয়াছে তাহার নির্ঘণ্ট অক্ষরক্রমে দেওয়া গিয়াছে। মূল্য ... ... ৷৶০ মাত্র

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে ভারতবর্ষের দণ্ডবিধির আইন নির্ঘণ্টসহ শ্রীরামপুর তমোহর যন্ত্রালয়ে মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। মূল্য ২ টাকা মাত্র।

আরো দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৫৯ সালের ৮ আইন ১৮৬১ সালের ২৩ আইনঅনুসারে সংশোধিত হইয়া উক্ত যন্ত্রালয়ে পুনশ্চ মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। মূল্য ২৲ টাকা মাত্র।

উক্ত পুস্তকত্রয় যাঁহারদের প্রয়োজন থাকে তাঁহারা শ্রীরামপুর তমোহর যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের অনুবাদক জান রাবিনসন সাহেবের নিকটে কিম্বা কলিকাতায় ডিরোজারিও সাহেবের ও থাকর কোম্পানির পুস্তকালয়ে তল্ল করিলে পাইতে পারিবেন। ডাকযোগে পুস্তক পাঠাইতে হইলে মূল্যাতিরিক্ত ডাক মাসুলও লাগিবে।

বিজ্ঞাপন।

ওকালতী পরীক্ষার্থীরদের প্রয়োজনীয় দেওয়ানীর ও রেবিনিউ আদালতের বিচারসম্বন্ধীয় সরক্যুলর অর্ডর ও কনেক্টুকসন (আইনের অর্থ) ১৭৯৩ সালহইতে ১৮৬২সালের মে মাসপর্য্যন্ত যত সকল প্রকাশিত হইয়াছে তত্তাবৎহইতে সঙ্কলনপূর্ব্বক সিবিল গাইডের রিত্যনুসারে প্রত্যেক বিষয় পৃথক২ করিয়া "আদালত গাইড" নামে বঙ্গভাষায় পুস্তকাকারে ঢাকা সদরআমীনী আদালতের উকীল শ্রীযুত বাবু রামচন্দ্র ভৌমিক কর্ত্তৃক মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক খণ্ডের মূল্য ৩৲ টাকা বিদেশীয় গ্রাহকগণকে তদরিক্ত ৵০ আনা ডাকমাসুল দিতে হইবেক গ্রহণেচ্ছুকগণ ঢাকা পাটুয়া টুলীস্থ নূতন যন্ত্রালয়ের শাখা কার্য্যালয়ের অথবা অত্রত্য সদরআমীনী আদালতে উক্ত উকীল বাবুর নিকট মূল্য পাঠাইলে উক্ত পুস্তক পাইতে পারিবেন। যিনি অধিক সংখ্যক পুস্তক নগদ মূল্য দিয়া নেবেন তিনি শতকরা ১৫৲ টাকা কমিস্যন পাইবেন।

বিজ্ঞাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে প্রবোধ চন্দ্রিকা গ্রন্থ শ্রীরামপুর যন্ত্রালয়ে উত্তম কাগজে উত্তমাক্ষরে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ২৲ দুই টাকা মাত্র।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ৩ জুন।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল ডিক্রুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 10, 1862.

কলিকাতা মঙ্গলবার ১৮৬২ সাল ১০ জুন।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act of the Lieutenant Governor of Bengal in Council received the assent of His Excellency the Governor General on the 1st May 1862, and is hereby promulgated for general information :—

ACT No. VII. OF 1862.

An Act to repeal Section XXX. of Regulation II. 1819 (for modifying the provisions contained in the existing Regulations regarding the resumption of the revenue of lands held free of assessment under illegal or invalid tenures, and for defining the right of Government to the revenue of lands not included within the limits of estates for which a settlement has been made).

[Preamble.]

WHEREAS by Section XXX. of Regulation II. 1819, it is enacted that certain suits preferred in a Court of Judicature regarding lands held, or claimed to be held, free of assessment, shall be referred for investigation to the Collector, and that similar suits may be preferred in the first instance to the Collector; and whereas such reference of suits is unnecessary and causes inconvenience and delay in their decision, and it is advisable that such suits should be preferred and disposed of exclusively in the ordinary Courts of Civil Judicature; it is enacted as follows :—

[Section 30 of Reg. II., 1819, repealed.]

I. Within the Provinces subject to the Government of Bengal, Section XXX. of Regulation II. 1819 is hereby repealed, except as regards such suits decided by Collectors under the provisions of

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।

হজুর কৌন্সেলে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের পশ্চাৎ লিখিত আইনেতে শ্রীলশ্রীযুক্ত গবর্নর জেনরল বাহাদুর ১৮৬২ সালের ১ মে তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। তাহা সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬২ সালের ৭ আইন।

১৮১৯ সালের ২ আইনের (অর্থাৎ গরমাতবর ও বাতিল সনদের অনুসারে যে২ ভূমি লোকদিগের ভোগ দখলে আছে তাহার খাজানা বাজেয়াপ্ত হওনের অর্থে এইক্ষণে যে২ আইন চলন আছে তাহার কথা সুধরিবার ও যে২ ভূমির বন্দোবস্ত হইয়া থাকে তাহার সীমাসরহদ্দের শামিল নহে যে সকল ভূমি তাহার উপর খাজানা মোকরর করিয়া সরকারের হক অর্থাৎ স্বত্ব নিরূপণ করিবার আইনের) ৩০ ধারা রহিত করিবার আইন।

[হেতুবাদ।]

১৮১৯ সালের ২ আইনের ৩০ ধারাতে এই বিধান হইয়াছিল যে, নিষ্কররূপে যে ভূমির ভোগদখল হয় কিম্বা নিষ্কররূপে ভোগদখল করিবার দাওয়া থাকে এমত ভূমিবিষয়ক কোন২ মোকদ্দমা আদালতে উপস্থিত করা গেলে, কালেক্টর সাহেবের প্রতি বিচারার্থে অর্পিত হইবেক, ও তদ্রূপ মোকদ্দমা আদৌ কালেক্টর সাহেবের নিকটে উপস্থিত করা যাইতে পারিবে। কিন্তু সেই প্রকারের মোকদ্দমা অর্পণ করা আবশ্যক নয় ও অর্পণ হইলে তাহার নিষ্পত্তি কার্য্যে ক্লেশ ও বিলম্ব হয়, ও সেই প্রকারের মোকদ্দমা কেবল সাধারণ দেওয়ানী আদালতে উপস্থিত ও নিষ্পত্তি হওয়া বিহিত। এই কারণে পশ্চাৎ লিখিত বিধান হইল।

[১৮১৯ সালের ২ আইনের ৩০ ধারা রহিত হইবার কথা।]

১ ধারা। বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন প্রদেশে ১৮১৯ সালের ২ আইনের ৩০ ধারা এই ধারাক্রমে রহিত হইল। কিন্তু ঐ ধারার বিধানক্রমে কালেক্টর সাহেবেরদের নিষ্পত্তি করা যে মোকদ্দমার উপর এই

that Section as may be open to appeal at the date of the pas-ing of this Act.

[Suits for resumption of land held free of assessment to be tried in the ordinary Civil Courts ; so also claims to hold land free of assessment.]

II. All suits preferred by proprietors, farmers, or talookdars, to resume the revenue of any land held free of assessment, as well as all suits preferred by individuals claiming to hold land exempt from the payment of revenue, shall be instituted, heard, and determined in and by the Courts of Civil Judicature, like ordinary civil suits, and under the rules and subject to all the provisions contained in Act VIII. of 1859 (*for simplifying the Procedure of the Courts of Civil Judicature not established by Royal Charter*) and not otherwise.

[Act to apply to all pending suits commenced under Section 30 of Reg. II. 1819. Collectors shall transfer all suits pending before them to the Civil Courts.]

III. This Act shall apply to all suits commenced under Section XXX. of Regulation II. 1819 and pending decision under that Section in any Court (other than a Court to which such suit has come by way of appeal) or before any Collector at the time of the passing of this Act. All Collectors shall forthwith transfer to the ordinary Courts of Civil Judicature all such suits whether original instituted before them, or referred to them by the Civil Courts, as may be pending before them at the time of the passing of this Act ; and all suits so transferred shall be heard and determined as provided for by this Act, and not otherwise.

[Act not to invalidate proceedings, &c., under Section 30 of Reg. II. 1819, and transfer of suit to Civil Court not to alter effect of proceedings previously had.]

IV. This Act shall not in any way invalidate or alter the effect of any thing which shall have been done in any suit prior to the passing of this Act ; and all proceedings which, prior to the transfer of any suit, shall have been held, or shall have taken place under, or in accordance with the provisions of Section XXX. of Regulation II. 1819, shall be taken, and shall have effect, so far as circumstances will permit, as if the same had been held or had taken place in due course in the Court to which the suit shall be transferred.

A. G. MACPHERSON,

Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ১০ জুন।]

আইন প্রচলিত হইবার তারিখে আপীল হইতে পারে সেই মোকদ্দমা সম্পর্কে এ ধারা প্রবল থাকিবে ইতি।

[নিষ্কর ভূমি বাজেয়াপ্ত করিবার মোকদ্দমার ও নিষ্করূপে ভূমি ভোগদখল করিবার দাওয়ার বিচার সাধারণ দেওয়ানী আদালতে হইতে পারিবার কথা।]

২ ধারা। ভূম্যধিকারিরা ও ইজারদারেরা ও তালুকদারেরা, নিষ্করূপে ভোগকরা কোন ভূমির জমা বাজেয়াপ্তকরণার্থে, ও সাধারণ ব্যক্তিরা কোন ভূমি নিষ্করূপে ভোগদখল করিবার দাওয়া করত, যে সকল মোকদ্দমা করেন, তাহা সামান্য দেওয়ানী মোকদ্দমার ন্যায় দেওয়ানী আদালতে উপস্থিত করা যাইবে, ও সেই২ আদালতকর্ত্তৃক ১৮৫৯ সালের ৮ আইন (অর্থাৎ রাজকীয় চার্টর দ্বারা যে দেওয়ানী আদালত স্থাপিত হয় নাই সেই আদালতের কার্য্য সুগম করিবার আইন) অনুসারে ও সেই আইনের বিধানক্রমে রুজু হইয়া নিষ্পত্তি হইবেক, প্রকারান্তরে নহে ইতি।

[১৮১৯ সালের ২ আইনের ৩০ ধারামতে যে সকল মোকদ্দমা আরম্ভ হইয়া উপস্থিত থাকে তাহার প্রতি এই আইন খাটিবার কথা ও যে সকল মোকদ্দমা কালেক্টর সাহেবেদের সম্মুখে উপস্থিত থাকে তাহা দেওয়ানী আদালতে অর্পণ করিবার কথা।]

৩ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়ে যে সকল মোকদ্দমা ১৮১৯ সালের ২ আইনের ৩০ ধারামতে আরম্ভ হইয়া, (আপীলক্রমে যে আদালতে আইসে তদ্ভিন্ন) কোন আদালতে কি কোন কালেক্টর সাহেবের সম্মুখে নিষ্পত্ত্যর্থে উপস্থিত থাকে, সেই সকল মোকদ্দমার প্রতি এই আইন বর্ত্তিবে। এই আইন প্রচলিত হইবার কালে উক্ত প্রকারের যে সকল মোকদ্দমা কালেক্টর সাহেবেদের সম্মুখে আদৌ উপস্থিত হওয়াতে কিম্বা দেওয়ানী আদালত কর্ত্তৃক অর্পিত হওয়াতে তাঁহারদের সম্মুখে উপস্থিত থাকে, তাহা কালেক্টর সাহেবেরা অগৌণে সাধারণ দেওয়ানী আদালতে হস্তান্তর করিবেন। ও সেই প্রকারের হস্তান্তরিত সকল মোকদ্দমার শ্রবণ ও নিষ্পত্তি এই আইনের বিধানমতে হইবে, প্রকারান্তরে নহে ইতি।

[এই আইনক্রমে ১৮১৯ সালের ২ আইনের ৩০ ধারামতের কার্য্য অসিদ্ধ না হইবার ও মোকদ্দমা দেওয়ানী আদালতে হস্তান্তর হইলেও পূর্ব্বকৃত কার্য্যের ফল পরিবর্ত্তন না হইবার কথা।]

৪ ধারা। এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে কোন মোকদ্দমা সম্পর্কে যে কোন কার্য্য হইয়াছে তাহার ফল এই আইন দ্বারা কোন প্রকারে অসিদ্ধ কি পরিবর্ত্তন হইবেন। ও কোন মোকদ্দমা হস্তান্তর করিবার পূর্ব্বে তৎসম্পর্কীয় যে সকল শ্রবণ প্রভৃতি ১৮১৯ সালের ২ আইনের ৩০ ধারাক্রমে কি তাহার বিধানানুসারে করা গিয়া থাকে কি হইয়া থাকে তাহা ভাবগতিক বিবেচনায় যেপর্য্যন্ত হইতে পারে সেইপর্য্যন্ত, মোকদ্দমা হস্তান্তর হইয়া যে আদালতে সমর্পিত হইয়াছে, সেই আদালতে ধারামতে করা যাইবার কি হইবার ন্যায় জ্ঞান হইবেক, ও তাহার তদনুসারে ফল হইবে ইতি।

এ. জি. মাকফরসন।

লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

BILL.

THE following Bill was read in the Council of Lieutenant Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 12th April 1862, and was referred to a Select Committee who are to report thereon after the 16th of May next:—

A Bill for regulating Public Conveyances in the Town and Suburbs of Calcutta.

[Preamble.]

WHEREAS it is expedient to regulate Public Conveyances in the Town and Suburbs of Calcutta; It is enacted as follows:—

[Carriages to be registered. Certain Carriages to be registered and licensed.]

I. Every wheeled Carriage in the Town and Suburbs of Calcutta, whatever is the form or construction of such Carriage, which may be hired for the purpose of carrying persons for hire for any time less than a day, or for a certain distance, shall be registered by an Officer who shall be appointed for the purpose by the Government; and every wheeled Carriage in the said Town and Suburbs, whatever is the form or construction of such Carriage, if it shall stand for hire to carry passengers on any stand, or any coach-houses or stables in any public street or road, or in any shed or other place appointed for the purpose as hereinafter provided, shall, in addition to being registered under the preceding part of this Section, be licensed by such Officer.

[Form of Register.]

II. The following particulars shall be entered in the Register:—

1*st*.—The number assigned to the Carriage in the Register; such number to be, from time to time, assigned by such Officer as aforesaid.

2*nd*.—The name and residence of the Owner of the Carriage.

3*rd*.—The number or horses to be employed in drawing such Carriage.

4*th*.—The number of persons the Carriage is permitted to carry.

5*th*.—A memorandum that such Carriage is licensed if it be licensed as well as registered.

[Period of registry.]

III. The registration shall take place and the numbers be assigned annually upon such day in each year as such Officer as aforesaid shall appoint.

[Transfers.]

IV. Any person becoming possessed within the year of any such Carriage which has not been registered, or registered and licensed, may have such Carriage registered, or registered and licensed, on application at the Office of such Officer as aforesaid. When any registered or any registered and licensed Carriage is transferred within the year, it shall be registered anew in the name of

আইনের মুসাবিদা।

আইনের এই মুসাবিদা আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের কৌন্সেলে ১৮৬২ সালের ১২ আপ্রিল তারিখে পাঠ হইয়া বিশেষ কমিটিরপ্রতি অর্পিত হইল তাঁহার আগামি যে মাসের ১৬ তারিখের পর তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

কলিকাতা শহরের ও শহরতলীর ভাড়াটিয়া গাড়ি প্রভৃতির ব্যবস্থা করিবার আইন।

[হেতুবাদ।]

কলিকাতা শহরের ও শহরতলীর ভাড়াটিয়া গাড়ির ব্যবস্থা করা বিহিত। এই কারণে এই২ বিধান হইতেছে।

[গাড়ি রেজিষ্টরী করিবার কথা। ও কোন২ গাড়ির রেজিষ্টর ও অনুমতিপত্র প্রাপ্তহইবার কথা।]

১ ধারা। কলিকাতা শহরে ও শহরতলীতে প্রত্যেক গাড়ির যে কোন আকার কি চপ হউক যদি ভাড়া লইয়া ব্যক্তিদিগকে এক দিনের ন্যূন কোন কালের নিমিত্তে কি বিশেষ কতক দূরে বহিবার জন্যে ভাড়া হইতে পারে তবে রেজিষ্টর করণার্থে গবর্ণমেণ্টের নিযুক্ত কার্য্যকারকের দ্বারা, সেই গাড়ি রেজিষ্টর করা যাইবেক। ও উক্ত শহরে কি শহরতলীতে কোন গাড়ির যে কোন আকার কি চপ হউক, যদি লোকেরদিগকে বহিবার নিমিত্তে ভাড়া হইবার জন্যে পশ্চা২ লিখিত বিধানমতের নিরূপিত কোন আড্ডায় কি গাড়িখানায় কি আস্তবলে কি কোন সরকারী রাস্তায় কি পথে কি চালা ঘরে কি অন্য স্থানে দাঁড়ায়, তবে এই ধারার পূর্ব্বোক্ত কথানুসারে রেজিষ্টর হওনাতিরিক্ত ঐ কার্য্যার্থে নিযুক্ত কর্ম্মকারকের স্থানে ঐ গাড়ির জন্যে অনুমতিপত্রও লইতে হইবেক ইতি:

[রেজিষ্টরের পাঠ।]

২ ধারা। রেজিষ্টরে এই২ বিবরণ লিখিতে হইবেক, অর্থাৎ

প্রথম। রেজিষ্টরী বহীতে ঐ গাড়ির যে নম্বর দেওয়া যায় তাহা। সেই নম্বর পূর্ব্বোক্ত কার্য্যকারক সময়ে২ নির্দ্ধারিত করিয়া দিবেন।

দ্বিতীয়। গাড়ির স্বামির নাম ও বাসস্থান।

তৃতীয়। ঐ গাড়ি টানিতে যত ঘোড়া যোজনা করা যাইবে।

চতুর্থ। ঐ গাড়িতে যত জন চড়িতে পাইবে।

পঞ্চম। রেজিষ্টরী হইয়া যদি সেই গাড়ির অনুমতিপত্র দেওয়া যায়, তবে সেই কথা ইতি।

[রেজিষ্টরী যত কাল প্রবল থাকিবে তাহার কথা।]

৩ ধারা। পূর্ব্বোক্ত কার্য্যকারক প্রতিবৎসরের যে দিন নিরূপণ করেন, বৎসরে২ সেই দিনে ঐ রেজিষ্টরী কার্য্য হইবে ও নম্বর দেওয়া যাইবে ইতি।

[হস্তান্তর করণের কথা।]

৪ ধারা। উক্তপ্রকারের যে গাড়ির রেজিষ্টরী হয় নাই কি রেজিষ্টর করণপূর্ব্বক যাহার অনুমতিপত্র হয় নাই এমত কোন গাড়ি যদি বৎসরের মধ্যে কোন ব্যক্তির অধিকারে আইসে, তবে সেই ব্যক্তি পূর্ব্বোক্ত কার্য্যকারকের আফিসে দরখাস্ত করিলে, তাহা রেজিষ্টরী করাইতে কি তাহা রেজিষ্টরী করাইয়া তাহার অনুমতিপত্র লইতে পারিবে। যদি রেজিষ্টর করা, কিম্বা রেজিষ্টর করা ও অনুমতিপত্র প্রাপ্ত কোন গাড়ি বৎসরের

the person to whom it has been transferred. The person in whose name any Carriage is registered or registered and licensed under this Act, shall be deemed the Owner of such Carriage for the purposes of this Act.

[Fee.]

V. A fee of eight annas shall be paid for each registration.

[Penalty for not registering.]

VI. Whoever keeps any Carriage required by this Act to be registered, or to be registered and licensed, without the same being so registered, or so registered and licensed, shall be liable to a fine not exceeding one hundred Rupees. Any Police Officer may seize such Carriage (provided the same be not employed at the time of seizure in the conveyance of passengers) together with the horse drawing the same. If the Carriage so seized be not claimed, or if the fine be not paid within ten days, such Carriage, together with the horse seized with it, may be sold by auction, and the proceeds applied to the payment of the fine and all costs and charges incurred on account of the detention and sale, and the surplus (if any), if not claimed by the Owner within a further period of twenty days, shall be forfeited to the State.

[Plate for licensed Carriage.]

VII. On any Carriage being registered, or registered and licensed under this Act, the Officer appointed by Government as aforesaid shall provide for such Carriage a plate bearing the number of such Carriage in the Register, and if the Carriage be licensed, also stating the fact, and shall cause such plate to be affixed in a conspicuous part of such Carriage.

[Penalty.]

VIII. The Owner of any Carriage required by this Act to be registered, or registered and licensed, who shall allow such Carriage to be let or used for hire without having a proper plate duly affixed to such Carriage as provided for in the last preceding Section, shall be liable to a fine of fifty Rupees.

[Registry may be refused or cancelled.]

IX. The Officer appointed by Government as aforesaid may refuse to register, or to register and license, any Carriage under this Act, or may cancel the registration thereof whenever it shall appear to him that such Carriage, or any Horse or Harness used with such Carriage, is unserviceable or unsafe, or otherwise unfit for public accommodation or use.

[Owner of Registered Carriage to notify his fares.]

X. The Owner of every Carriage registered under Section II. of this Act shall affix in some

মধ্যে অন্য ব্যক্তির হস্তগত হয়, তবে যে ব্যক্তির হস্তগত হইল, তাহার নামে তাহা পুনরায় রেজিষ্টরী হইবে। এই আইনমতে যাহার নামে কোন গাড়ি রেজিষ্টরী হয়, কি রেজিষ্টরী হইয়া অনুমতিপত্র দেওয়া যায়, সেই ব্যক্তি এই আইনের কার্য্যার্থে ঐ গাড়ির স্বামী জ্ঞান হইবেক ইতি।

[ফীসের কথা।]

৫ ধারা। প্রত্যেকবার রেজিষ্টরী করিবার জন্য আট আনা ফীস দিতে হইবে ইতি।

[রেজিষ্টরী না করিবার দণ্ডের কথা।]

৬ ধারা। এই আইনমতে যে কোন গাড়ির রেজিষ্টরী হইবার, কিম্বা রেজিষ্টরী হইয়া অনুমতিপত্র লইবার আজ্ঞা হইয়াছে এমত কোন গাড়ি রেজিষ্টরী না হইলে কিম্বা রেজিষ্টরী করণপূর্ব্বক তাহার অনুমতিপত্র না হইলেও যদি কেহ রাখে, তবে তাহার এক শত টাকা পর্য্যন্ত জরীমানা হইতে পারিবে। পোলীসের কোন কর্ম্মকারক সেই গাড়ি ও তাহা যে ঘোড়াতে টানে সেই ঘোড়া ধরিয়ালইতে পারিবে। কিন্তু যে সময়ে ঐ গাড়িতে কোন ব্যক্তি চড়িয়া যাইতেছে সেই সময়ে তাহা ধরিবে না। যদি কেহ সেই প্রকারের ধৃত গাড়ি দাওয়া না করে, কিম্বা যদি জরীমানার টাকা দশ দিনের মধ্যে না দেওয়া যায়, তবে সেই গাড়ি ও তাহার সঙ্গে ধৃত ঘোড়া সুদ্ধ নীলাম হইবে। ঐ নীলামে যে টাকা পাওয়া যায়, তাহাহইতে ঐ জরীমানার টাকা ও গাড়িপ্রভৃতি আটক করিয়া রাখিবার ও বিক্রয় করিবার সকল খরচখরচা দেওয়া যাইবে। অবশিষ্ট কিছু থাকিলে তাহা যদি স্বামী তৎপরে বিশ দিনের মধ্যে তাহার দাওয়া না করে, তবে সেই টাকা রাজ্যেতে গৃহীত হইবে ইতি।

[অনুমতিপত্র প্রাপ্ত গাড়ির পাতের কথা।]

৭ ধারা। এই আইনমতে কোন গাড়ি রেজিষ্টরী হইলে কিম্বা রেজিষ্টরী হইয়া তাহার অনুমতিপত্র হইলে পর, পূর্ব্বোক্তমতে গবর্ণমেণ্টকর্ত্তৃক নিযুক্ত কার্য্যকারক ঐ গাড়ির নিমিত্তে এক পাত করাইয়া দিবেন। রেজিষ্টরীতে গাড়ির যে নম্বর থাকে তাহা ঐ পাতে দেওয়া যাইবে ও যদি গাড়ির অনুমতিপত্র দেওয়া গিয়া থাকে তবে সেই কথাও লেখা থাকিবে ও সেই পাত গাড়ির কোন প্রকাশ স্থানে লাগাইয়া দেওয়া যাইবে ইতি।

[দণ্ডের কথা।]

৮ ধারা। এই আইনমতে যে গাড়ির রেজিষ্টরী হইবার কি রেজিষ্টরী হইয়া অনুমতিপত্র লইবার আজ্ঞা হয়, এমত গাড়ির স্বামী ইহার পূর্ব্বের ধারার বিধানানুসারে উপযুক্ত পাত উপযুক্তরূপে গাড়িতে না বসাইয়া যদি সেই গাড়ি ভাড়া হইতে কি ভাড়ার নিমিত্তে ব্যবহার হইতে দেয়, তবে সে পঞ্চাশ টাকা জরীমানার যোগ্য হইবে ইতি।

[রেজিষ্টর করিতে অস্বীকার করিবার কি রেজিষ্টর বাতিল করিবার কথা।]

৯ ধারা। পূর্ব্বোক্তমতে গবর্ণমেণ্টকর্ত্তৃক নিযুক্ত কার্য্যকারক যদি কোন সময়ে দেখিতে পান যে কোন গাড়ি, কিম্বা সেই গাড়িতে যে ঘোড়া কি সাজ ব্যবহার হয়, তাহা অকর্ম্মণ্য, কি আপদজনক, কিম্বা সাধারণ লোকেরদের স্বচ্ছন্দতার কি ব্যবহারের অনুপযুক্ত, তবে তিনি সেই গাড়ি এই আইনমতে রেজিষ্টরী করিতে কিম্বা রেজিষ্টরী করিয়া তাহার অনুমতিপত্র দিতে অস্বীকার করিতে পারিবেন, কিম্বা রেজিষ্টরী হইলে পর তাহা বাতিল করিতে পারিবেন ইতি।

[রেজিষ্টরী করা গাড়ির স্বামিরা যত ভাড়া লইবেক তাহা জানাইবার কথা।]

১০ ধারা। এই আইনের ২ ধারামতে রেজিষ্টর করা প্রত্যেক গাড়ির স্বামী তদ্রূপ রেজিষ্টর করা যত

conspicuous part of the premises in which such Carriage shall be kept for hire, or in such Carriage, a table of the fares which he charges for the hire of each description of registered Carriages so kept by him, and every Owner of a registered Carriage making default herein shall be liable on conviction to a fine of fifty Rupees. This Section shall not apply to Carriages which are licensed as well as registered under the said Section II. of this Act.

[Fares how to be fixed.]

XI. The rates or fares, as well for time as for distance, to be paid for Carriages registered and licensed under this Act shall be fixed by the Government. The rates and fares so fixed shall be published four times in the Government Gazette.

[Driver to be supplied with a badge.

XII. Every driver of a Carriage registered and licensed under this Act, shall be supplied by the owner of such Carriage with a badge, of such shape and dimensions as shall be prescribed by the Officer appointed by Governmentas aforesaid, having the same number as the register of such Carriage; and such driver shall at all times, while acting as driver of such Carriage, carry such badge on his right arm with the number thereon exposed to view.

[Licensed driver acting without his badge.]

XIII. Any driver who shall be engaged in driving any such registered and licensed Carriage without such badge being carried and exposed as aforesaid, shall be liable on conviction to a fine not exceeding ten Rupees.

[Stands to be fixed. Penalty for causing obstruction by plying for hire elsewhere.]

XIV. The Officer appointed by Government as aforesaid shall, from time to time, appoint one or more Stands in the Town and Suburbs of Calcutta for Carriages registered and licensed under this Act, and may also assign for the use of such Carriages, as public Stands, any Coach-houses or Stables, or sheds or other suitable places. Every driver of a Carriage licensed and registered under this Act, who shall (elsewhere than at some Stand or other place appointed for the purpose) stand or loitor for the purpose of being hired, and who shall thereby cause any obstruction, in or upon any public street, road, or place, shall be liable on conviction to a fine not exceeding ten Rupees.

[Owner of Registered Carriage to let it when required.]

XV. The owner or person in charge of any Carriage registered under Section II. of this Act, but not licensed under that Section, who, on being applied to let for hire for any period less than a day or for any journey not exceeding twenty miles, any such Carriage belonging to him which at

প্রকারের গাড়ি রাখে তাহার প্রত্যেক প্রকারের গাড়ির যে হারে ভাড়া লইবেক তাহার এক ফর্দ্দ, ঐ গাড়ি ভাড়া দিবার জন্যে যে বাড়ীতে রাখে তাহার কিম্বা সেই২ গাড়ির কোন প্রকাশ স্থানে, লটকাইয়া রাখিবে, ও রেজিষ্টর করা গাড়ির যে কোন স্বামী এই বিষয়ে ত্রুটি করে তাহার দোষ প্রমাণ হইলে সে ৫০ টাকা জরীমানা দিবার যোগ্য হইবে। কিন্তু এই আইনের উক্ত ২ ধারামতে যে সকল গাড়ির রেজিষ্টরী হইয়া অনুমতিপত্রও লওয়া যায় তাহার প্রতি এই ধারা খাটিবে না ইতি।

[ভাড়া যে নিয়মে ধার্য্য হইবে তাহার কথা।]

১১ ধারা। এই আইনমতে রেজিষ্টরীকরণ পূর্ব্বক অনুমতিপত্র প্রাপ্ত গাড়ির যত কালের ও যত দূরে যাইবার নিমিত্তে ভাড়া হয়, তাহা বুঝিয়া যে দরে ও হারে ভাড়া লাগিবে তাহা গবর্ণমেণ্ট নির্দ্ধার্য্য করিবেন, ও উক্ত প্রকারের নির্দ্ধারিত ভাড়া ও দর গবর্ণমেণ্ট গেজেটে চারিবার প্রকাশ হইবে ইতি।

[কোচমানেরদের তসমা পরিবার কথা।]

১২ ধারা। এই আইনমতে রেজিষ্টর করা ও অনুমতিপত্র প্রাপ্ত গাড়ির প্রত্যেক কোচমানকে ঐ গাড়ির স্বামী এক২ খান তসমা দিবে সেই তসমা যে আকারের ও যত বড় হইবেক তাহা পূর্ব্বোক্তমতে গবর্ণমেণ্ট কর্ত্তৃক নিযুক্ত কার্য্যকারক নিরূপণ করিবেন, ও গাড়ির যে নম্বর রেজিষ্টরী হয় সেই নম্বর ঐ তসমাতে থাকিবে ও সেই কোচমান যে সময়ে ঐ গাড়ি চালায় সেই সময়ে ঐ তসমা আপনার দক্ষিণ বাহুতে সর্ব্বদাই এরূপে বাঁধিয়া রাখিবে যে তাহার নম্বর উপরি ভাগে প্রকাশ থাকে ইতি।

[অনুমতিপত্র প্রাপ্ত কোচমান তসমা না পরিয়া কর্ম্ম করিলে তাহার কথা।]

১৩ ধারা। যদি কোন কোচমান তদ্রূপ তসমা না পরিয়া ও পূর্ব্বোক্তমতে প্রকাশ না করিয়া তদ্রূপ রেজিষ্টর করা ও অনুমতিপত্র প্রাপ্ত কোন গাড়ি চালায়, তবে তাহার দোষ প্রমাণ হইলে দশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[আড্ডা নিরূপণ করিবার কথা ও ভাড়া পাইবার নিমিত্তে অন্য স্থানে গাড়িদ্বারা পথ অবরোধ হইলে দণ্ডের কথা।]

১৪ ধারা। পূর্ব্বোক্তমতে গবর্ণমেণ্টকর্ত্তৃক নিযুক্ত কার্য্যকারক কলিকাতা শহরে ও শহরতলীর মধ্যে এই আইনমতের রেজিষ্টর করা ও অনুমতিপত্র প্রাপ্ত গাড়ির জন্যে সময়ে২ এক কি ততোধিক আড্ডা নিরূপণ করিবেন, ও সেই২ গাড়ির ব্যবহারের জন্যে সরকারী আড্ডা বলিয়া কোন কোচঘর কি আস্তবল কি চালা কি উপযুক্ত অন্য স্থান নিরূপণ করিতে পারিবেন। এই আইনমতে রেজিষ্টরকরণপূর্ব্বক অনুমতিপত্র প্রাপ্ত গাড়ির কোন কোচমান যদি উক্ত প্রকারে নিরূপিত কোন আড্ডা কিম্বা অন্য স্থানভিন্ন স্থানান্তরে ভাড়া পাইবার জন্যে গাড়ি দাঁড় করায় কি থামিয়া২ যায় ও তদ্দ্বারা কোন সরকারী রাস্তা কি পথ কি স্থান কোন প্রকারে অবরোধ করে, তবে তাহার দোষ প্রমাণ হইলে দশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[রেজিষ্টর করা গাড়ির স্বামির কাছে কেহ গাড়ি ভাড়া করিয়া লইতে চাহিলে তাহা দিবার কথা।]

১৫ ধারা। কোন গাড়ি এই আইনের ২ ধারামতে রেজিষ্টর হইলে, কিন্তু ঐ ধারামতে অনুমতিপত্র প্রাপ্ত না হইলে, সেই গাড়ির স্বামির কিম্বা তাহা যে ব্যক্তির জিম্মায় থাকে তাহার বাড়ীতে যে সময়ে ভাড়া না হইয়া থাকে এমত সময়ে যদি কোন ব্যক্তি এক দিনের ন্যূন কোন কালের নিমিত্তে কিম্বা বিশ মাইলের অনধিক

the time shall be unengaged upon his premises, shall without sufficient reason refuse so to let such Carriage for hire at the rate or fare specified for the hire of the same, affixed to such premises or in such Carriage under Section XI. of this Act, shall be liable on conviction to a fine not exceeding twenty Rupees.

[Penalty if driver refuse to let to hire a Carriage standing at a Stand appointed for Carriages.]

XVI. Any driver of a Carriage registered and licensed under this Act standing for hire in any Stand or Coach-house, shed, or other place appointed for the purpose as hereinbefore provided, who refuses, or neglects, without reasonable excuse, to drive such Carriage at the rate or fare that shall have been fixed as aforesaid, to any place within the said Town or Suburbs to which he is directed to drive by the person hiring or wishing to hire such Carriage, shall be liable on conviction to a fine not exceeding twenty Rupees.

[Penalty for furious driving, damage by carelessness, wilful misbehavior, drunkenness, and insolence.]

XVII. The driver of any Carriage registered or registered and licensed under this Act, who shall be guilty of careless or furious driving, or who shall cause hurt or damage by carelessness or wilful misbehavior, or who shall be drunk during his employment, or make use of insulting or abusive language or gesture, or otherwise misbehave, shall be liable on conviction to a fine not exceeding fifty Rupees, and in case of hurt or damage, the Magistrate who shall hear the case may order a sum not exceeding fifty Rupees to be paid by the proprietors of such Carriage as compensation for such hurt or damage.

[Driver Causing obstruction in street.]

XVIII. Any driver of a Carriage registered or registered and licensed under this Act, who suffers the same to stand for hire across any street or alongside of any other Carriage, or who refuses to give way, if he conveniently can, to any other Carriage, or who obstructs or hinders the driver of any other Carriage in taking up or setting down any person into or from such other Carriage, or who wrongfully prevents or endeavours to prevent the driver of any other Carriage from being hired shall be liable on conviction to a fine not exceeding twenty Rupees.

[Penalty for leaving Carriages without control.]

XIX. If the driver of a Carriage registered or registered and licensed under this Act leave the same without some proper person to take care of it in any street or at any place of public resort or entertainment, whether it be hired or not, he shall be liable on conviction to a fine not exceeding twenty Rupees, and any Police Officer may drive such Carriage to a place of safty.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ১০ জুন।]

দূর গমনার্থে ভাড়া লইতে চাহে, ও ভাড়ার দরের যে ফর্দ্দ সেই বাড়ীর মধ্যে কিম্বা সেই গাড়িতে এই আইনের ১১ ধারামতে লটকান থাকে সেই দরে যদি ঐ স্বামি-প্রভৃতি উপযুক্ত হেতু না থাকিলেও সেই গাড়ি ভাড়া দিতে স্বীকার না করে, তবে তাহার দোষ প্রমাণ হইলে বিশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[গাড়ির নিরূপিত আড্ডাতে গাড়ি দাঁড়াইয়া থাকিলেও কোচমান তাহা ভাড়া দিতে স্বীকার না করিলে তাহার দণ্ডের কথা।]

১৬ ধারা। এই আইনমতের রেজিষ্টর করা ও অনুমতিপত্র প্রাপ্ত গাড়ি কোন আড্ডাতে কি কোচঘরে কি চালাতে কিম্বা পূর্ব্বোক্ত বিধানমতের নিরূপিত অন্য স্থানে ভাড়া হইবার নিমিত্তে দাঁড়াইয়া থাকিলে, যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতের নিরূপিত দরে কি হারে ঐ গাড়ির ভাড়া লইয়া কি লইতে ইচ্ছা করিয়া ঐ গাড়ি উক্ত যে শহরে কি শহরতলীতে থাকে তাহার মধ্যে কোন স্থানে কোচমানকে চালাইতে বলিলে যদি সেই কোচমান উপযুক্ত কারণ না থাকিলেও সেই গাড়ি তৎস্থানে চালাইতে অস্বীকার কি ত্রুটি করে, তবে তাহার দোষ প্রমাণ হইলে বিশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[অতি বেগে চালাইবার কি অমনোযোগ দ্বারা ক্ষতি করিবার কি ইচ্ছাপূর্ব্বক অহিতাচারের কি মাতলামির কি মুখরতার দণ্ডের কথা।]

১৭ ধারা। এই আইনমতের রেজিষ্টর করা কিম্বা রেজিষ্টরী হইয়া অনুমতিপত্র প্রাপ্ত কোন গাড়ির কোচমান যদি অমনোযোগে কি অতি বেগে চালাইবার দোষ করে কিম্বা অমনোযোগেতে কি ইচ্ছাপূর্ব্বক অহিতাচারেতে পীড়া দেয়, কি ক্ষতি জন্মায়, কিম্বা কর্ম্ম করণ কালে মাতাল হয়, কিম্বা কটু কি গ্লানিসূচক কথা কহে, কি অঙ্গভঙ্গী করে কি অন্য কোন প্রকারের অহিতাচার করে, তবে তাহার দোষ প্রমাণ হইলে ৫০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে, ও পীড়া কি ক্ষতি জন্মাইলে যে মাজিষ্ট্রেট ঐ মোকদ্দমা শুনেন তিনি ঐ পীড়া কি ক্ষতি পূরণস্বরূপে ঐ গাড়ির স্বামিদের ৫০৲ টাকাপর্য্যন্ত জরীমানা দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[কোচমান পথ অবরোধ করিলে তাহার কথা।]

১৮ ধারা। এই আইনমতের রেজিষ্টরকরা বা রেজিষ্টরী হইয়া অনুমতিপত্রপ্রাপ্ত কোন গাড়ির কোচমান যদি ভাড়া পাইবার জন্যে আপনার গাড়ি কোন রাস্তায় আড়ভাবে রাখে কি অন্য কোন গাড়ির পার্শ্বে রাখে কি অন্য কোন গাড়ির যাইবার পথ সুবিধামতে ছাড়িতে পারিলেও যদি পথ ছাড়িতে স্বীকার না করে, কি অন্য কোন গাড়িতে কোন লোক উঠিবার কি নামিবার কালে যদি সেই অন্য গাড়ির কোচমানকে বাধা দেয় কি নিবারণ করে, কিম্বা অন্য গাড়ির কোচমান ভাড়া পাইতে চেষ্টা করিলে যদি অন্যায়মতে তাহাকে নিবারণ করে কি নিবারণ করিতে উদ্যোগ করে, তবে তাহার দোষ প্রমাণ হইলে বিশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[গাড়ি বিনা রক্ষকে ছাড়িয়া যাইবার দণ্ডের কথা।]

১৯ ধারা। এই আইনমতের রেজিষ্টরকরা কি রেজিষ্টরী হইয়া অনুমতিপত্রপ্রাপ্ত কোন গাড়ি ভাড়া হইলে কি না হইলেও যদি কোচমান তাহার তত্ত্বাবধারণ করিবার উপযুক্ত লোক না রাখিয়া, কোন রাস্তায় কি সাধারণ লোকেরদের গমনাগমনার্থ কি আমোদাদির কোন স্থানে রাখিয়া যায়, তবে তাহার দোষ প্রমাণ হইলে বিশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে, ও পোলীসের কোন কর্ম্মকারক সেই গাড়ি নিরাপদের কোন স্থানে চালাইতে পারিবে ইতি।

[Penalty for taking more than legal fare.]

XX. Any owner or driver of a Carriage registered and licensed under this Act, who shall demand or take as a fare a larger sum than he is authorized to take under this Act, or any owner or driver of any registered Carriage not licensed under this Act, who shall demand any larger sum than is entered in the list of rates or fares provided for in Section XI., shall be liable on conviction to a fine not exceeding twenty Rupees, and the Magistrate who shall hear the case may order the amount of such over-charge to be forthwith paid to the party aggrieved. In default of payment, such amount shall be recoverable as a fine.

[আইনমতের ভাড়ার অধিক লইবার দণ্ডের কথা।]

২০ ধারা। এই আইনমতের রেজিষ্টরকরা ও অনুমতিপত্রপ্রাপ্ত গাড়ির কোন স্বামী কি কোচমান এই আইনমতে যত ভাড়া লইতে পারে, তাহার অধিক যদি ভাড়া বলিয়া দাবি করে, কিম্বা এই আইনমতের অনুমতিপত্রপ্রাপ্ত না হইয়া রেজিষ্টর করা কোন গাড়ির কোন স্বামী কি কোচমান ১১ ধারার নির্দিষ্ট দরের কি হারের ফর্দ্দেতে যত লেখা হইয়াছে তাহার অধিক যদি দাওয়া করে, তবে তাহার দোষ প্রমাণ হইলে বিশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ও যে মাজিষ্ট্রেট ঐ মোকদ্দমা শুনেন তিনি আজ্ঞা করিতে পারিবেন যে ঐ অধিক টাকাপ্রভৃতি যাহার নিকটে লওয়া গিয়াছিল তাহাকে আগু পে ফিরাইয়া দেওয়া যায়, না দেওয়া গেলে সেই টাকা জরীমানার ন্যায় আদায় হইতে পারিবে ইতি।

[Deposit may be demanded for waiting. Penalty for refusing to wait or going away before expiry of time for which deposit has been made, or not accounting for deposit.]

XXI. Any driver of a Carriage registered and licensed under this Act, if required to wait with such Carriage at any place (after he has been hired) for a longer time than one hour, may demand a sum equal to three hours' hire as a deposit from the person hiring and requiring him to wait, over and above the sum to which he is entitled for driving to such place. Any driver of a registered and licensed Carriage refusing to wait when hired or going away before expiration of the time for which the deposit offered or made shall be a sufficient compensation, or refusing to account for such deposit when paid, shall be liable on conviction to a fine not exceeding fifty Rupees.

[গাড়ি দাঁড়িয়া থাকিতে হইলে আমানৎ লইবার কথা, দাঁড়িয়া থাকিতে স্বীকার না করিলে কিম্বা যত কালের নিমিত্তে আমানৎ দেওয়া গিয়াছে তাহার পূর্ব্বে চলিয়া গেলে কি আমানতের টাকা ফিরিয়া না দিলে দণ্ডের কথা।]

২১ ধারা। এই আইনমতের রেজিষ্টরকরা ও অনুমতিপত্রপ্রাপ্ত কোন গাড়ি ভাড়া করিয়া লওয়া গেলে পর যদি কোচমানকে এক ঘণ্টার অধিক কাল কোন স্থানে দাঁড়িয়া থাকিতে আজ্ঞা হয়, তবে যে ব্যক্তি তাহাকে ভাড়া করিয়াছে ও দাঁড়াইয়া থাকিতে আজ্ঞা করে তাহাকেসেই স্থানে হাঁকাইবার নিমিত্তে কোচমান যত টাকা পাইতে পারে তাহার অধিক তিন ঘণ্টার ভাড়ার তুল্য টাকা আমানৎস্বরূপে দাওয়া করিতে পারিবে। রেজিষ্টরকরা ও অনুমতিপত্রপ্রাপ্ত গাড়ির ভাড়া হইলে, যদি কোন কোচমান দাঁড়িয়া থাকিতে স্বীকার না করে, কিম্বা যে টাকা আমানৎ করিবার প্রস্তাব হয় কি আমানৎ করা যায় তাহা যত কালের উপযুক্ত হয় সেই কাল গত হইবার পূর্ব্বে যদি কোচমান চলিয়া যায়, কিম্বা আমানতের টাকা দেওয়া গেলে যদি সেই টাকার হিসাব দিতে স্বীকার না করে, তবে তাহার দোষ প্রমাণ হইলে ৫০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[Penalty on drivers on complaint of owners.]

XXII. Any driver employed by any owner of any Carriage registered or registered and licensed under Section II. of this Act, and employed as a driver by the owner of any such Carriage, who shall without sufficient excuse refuse or neglect to attend at the premises of such owner for the purpose of driving any such registered or registered and licensed Carriage as the case may be, whereby such owner is deprived of the profit from any hire of such Carriage, shall, on complaint by such owner, be liable on conviction to a fine not exceeding twenty Rupees.

[স্বামিদের নালিশমতে কোচমানেরদের দণ্ডের কথা।]

২২ ধারা। এই আইনের ২ ধারামতে রেজিষ্টর করা কিম্বা রেজিষ্টরী হইয়া অনুমতিপত্রপ্রাপ্ত কোন গাড়ির কোন স্বামিকর্ত্তৃক নিযুক্ত কোন কোচমান তদ্রূপ কোন গাড়ীর স্বামিকর্ত্তৃক কোচমানের কর্ম্মে নিযুক্ত হইয়া যদি উপযুক্ত কারণ না থাকিলেও রেজিষ্টর করা কিম্বা বিশেষে রেজিষ্টরী হইয়া অনুমতিপত্রপ্রাপ্ত উক্ত কোন গাড়ি চালাইবার জন্যে ঐ স্বামির বাড়ীতে উপস্থিত হইতে স্বীকার না করে কি শৈথিল্য করে, ও তদ্দ্বারা ঐ স্বামির ঐ গাড়ির ভাড়ার লভ্য প্রাপণের ক্ষতি হয়, তবে সেই স্বামির নালিশমতে ঐ কোচমানের দোষ প্রমাণ হইলে তাহার বিশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[Penalty for refusing to pay legal fare.]

XXIII. If any person hiring a Carriage registered or registered and licensed under this Act, refuse to pay on demand to the owner or driver of such Carriage the fare payable under this Act, such fare or sum may be recovered as a fine, together with such compensation to the proprietor or driver for loss of time in attending before the Magistrate who shall hear the case as to such Magistrate may seem reasonable.

[আইনমতের ভাড়া দিতে স্বীকার না করিবার দণ্ডের কথা।]

২৩ ধারা। যদি কোন ব্যক্তি এই আইনমতের রেজিষ্টর করা, কি রেজিষ্টরী হইয়া অনুমতিপত্র প্রাপ্ত গাড়ি ভাড়া লয়, ও ঐ গাড়ির স্বামী কি কোচমান এই আইনমতের ভাড়া দাওয়া করিলে যদি তাহা দিতে স্বীকার না করে, তবে সেই ভাড়া কি টাকা জরীমানাস্বরূপে আদায় হইতে পারিবেক ও যে মাজিষ্ট্রেট মোকদ্দমা শুনেন তাঁহার সম্মুখে ঐ স্বামির কি কোচমানের উপস্থিত হওয়াপ্রযুক্ত তাহারদের যে সময় হরণ হয় তাহার ক্ষতি পূরণস্বরূপে তাঁহার বিবেচনামতে যত টাকা উপযুক্ত জ্ঞান হয় তত টাকাও আদায় হইতে পারিবে ইতি।

[*Government Gazette*, 10*th June*, 1862.]

[Penalty for wilful injury to Carriage.]

XXIV. Any person using a Carriage registered or registered and licensed under this Act, who wilfully injures the same, shall be liable on conviction to a fine not exceeding twenty Rupees, and shall also pay to the owner of the Carriage compsensation for the injury. The amount of such compensation shall be ascertained by a Magistrate and shall be recoverable as a fine.

[ইচ্ছাপূর্ব্বক গাড়ির হানি করিলে তাহার দণ্ডের কথা।]

২৪ ধারা। এই আইনমতের রেজিষ্টর করা কি রেজিষ্টরী হইয়া অনুমতিপত্রপ্রাপ্ত কোন গাড়ি কোন ব্যক্তি ব বহার করিয়া যদি ইচ্ছাপূর্ব্বক তাহার হানি করে, তবে তাহার দোষ প্রমাণ হইলে বিশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে, তদ্ভিন্ন ঐ গাড়ির স্বামিকে ঐ ক্ষতি পূরণের টাকা দিবে, এ ক্ষতিপূরণস্বরূপে তাহার যত টাকা দিতে হইবে তাহা মাজিষ্ট্রেট সাহেব নির্দ্ধার্য্য করিবেন ও তাহা জরীমানার ন্যায় আদায় হইবে ইতি।

[Disputes to be settled by Magistrate.]

XXV. In case of any dispute between the hirer and driver of a Carriage registered or registered and licensed under this Act, the hirer may require the driver to drive to the nearest Police Station of the Town or Suburbs, where the case shall be entered together with the substance of the dispute, and the Inspector of Police at such Station shall report the same to the Officer appointed by Government as aforesaid. If any Magistrate be sitting, the hirer may require the driver to drive to the Court of such Magistrate who shall hear and determine the dispute in a summary way.

[মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা বিবাদ নিষ্পত্তি হইবার কথা।]

২৫ ধারা। এই আইনমতের রেজিষ্টরকরা, কিম্বা রেজিষ্টরী হইয়া অনুমতিপত্রপ্রাপ্ত গাড়ি যে ব্যক্তি ভাড়া করে তাহার সঙ্গে কোচমানের কোন বিবাদ হইলে, যে ব্যক্তি গাড়ি ভাড়া করে সে ঐ কোচমানকে ঐ শহরের কি শহরতলীর অতি নিকট পোলীস থানায় গাড়ি হাঁকাইতে আজ্ঞা করিতে পারিবে। তথায় সেই মোকদ্দমা ও বিবাদীয় বিষয়ের সারাংশ লিখিয়া লওয়া যাইবেক ও সেই থানায় পোলীসের যে ইনস্পেকটর থাকেন তিনি পূর্ব্বোক্তমতে গবর্ণমেণ্টকর্ত্তৃক নিযুক্ত কার্য্যকারকের নিকটে সেই বিষয়ের রিপোর্ট করিবেন। যদি কোন মাজিষ্ট্রেট তৎকালে উপবিষ্ট থাকেন, তবে যে ব্যক্তি ঐ গাড়ি ভাড়া করে সে ঐ কোচমানকে ঐ মাজিষ্ট্রেট সাহেবের আদালতে ঐ গাড়ি চালাইতে আজ্ঞা করিতে পারিবে, ও তিনি সেই বিবাদ শুনিয়া সরাসরীমতে নিষ্পত্তি করিবেন ইতি।

[Proprietors of Carriages to be summoned to appear and produce the drivers. On neglect on second summons Magistrate may proceed.]

XXVI. When a complaint is made before a Magistrate against the driver of a Carriage registered or registered and licensed under this Act for any offence committed by him against the provisions of this Act, such Magistrate may forthwith summon the owner of the Carriage personally to appear, and to produce the driver of such Carriage to answer the complaint. If such owner, being duly summoned, shall, without a reasonable excuse, neglect or refuse personally to appear, or to produce the driver according to such summons, he shall be liable to a penalty not exceeding fifty Rupees and so from time to time as often as he shall be so summoned, until such driver shall be produced by him. Provided that if such owner shall, without a reasonable excuse, neglect or refuse to appear and produce such driver on the second or any subsequent summons requiring him so to do, it shall be lawful for the Magistrate to proceed to hear and determine the complaint in the absence of the owner and driver, or of either of them, and to give judgment against such owner for the fine incurred by reason of such offence.

গাড়ির স্বামিদের নামে উপস্থিত হইবার ও কোচমানদিগকে উপস্থিত করিবার সমন হইবার কথা, ও সমন দ্বিতীয়বার হইলেও শৈথিল্য করিলে মাজিষ্ট্রেট সাহেবের মোকদ্দমা শুনিবার কথা।]

২৬ ধারা। যদি এই আইনমতের রেজিষ্টর করা কি রেজিষ্টরী হইয়া অনুমতিপত্রপ্রাপ্ত কোন গাড়ির কোচমানের নামে এই আইনের কোন বিধানের বিরুদ্ধে অপরাধ করিবার কোন নালিশ কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে করা যায়, তবে ঐ মাজিষ্ট্রেট সাহেব অগৌণে ঐ গাড়ির স্বামির নামে ঐ নালিশের উত্তর দেওনার্থে স্বয়ং উপস্থিত হইবার ও সেই গাড়ির কোচমানকে উপস্থিত করিবার সমন দিতে পারিবেন। সেই স্বামির নামে উপযুক্তমতে সমন হইলেও যদি ঐ সমনমতে স্বয়ং উপস্থিত হইতে কিম্বা কোচমানকে উপস্থিত করিতে শৈথিল্য করে কি স্বীকার না করে, তবে তাহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা হইবে, ও তদ্রূপে সেই কোচমানকে যত কাল উপস্থিত না করে তত কালপর্য্যন্ত যতবার তাহার নামে সমন করা যায় ততবার তাহার উক্ত জরীমানা হইতে পারিবে। কিন্তু ঐ স্বামির উপস্থিত হইবার ও কোচমানকে উপস্থিত করিবার সমন দ্বিতীয়বার কিম্বা তাহার পর কোন সময়ে হইলে, যদি কোন উপযুক্ত ওজর না থাকিলে ঐ স্বামী উপস্থিত হইতে ও কোচমানকে উপস্থিত করিতে শৈথিল্য করে কি স্বীকার না করে, তবে ঐ মাজিষ্ট্রেট সাহেব ঐ স্বামির ও কোচমানের কি তাহারদের কোন এক জনের অনুপস্থানে ঐ নালিশ শুনিয়া নিষ্পত্তি করিতে পারিবেন, ও সেই অপরাধপ্রযুক্ত যে জরীমানা বর্ত্তে ঐ স্বামির প্রতি সেই জরীমানা দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[Palankeens.]

XXVII. No Palankeen shall ply for hire within the Town or Suburbs of Calcutta unless duly licensed by the Officer appointed by the Government as aforesaid. The Register of license shall

[পালকীর কথা।]

২৭ ধারা। কলিকাতা শহরের কি শহরতলীর মধ্যে পূর্ব্বোক্তমতে গবর্ণমেণ্টকর্ত্তৃক নিযুক্ত কার্য্যকারকের অনুমতি উপযুক্তমতে প্রাপ্ত না হইলে কোন পালকী তথায় ভাড়ার নিমিত্তে যাতায়াত করিবে না। প্রত্যেক পালকীতে

state the number assigned to each Palankeen, and the name and residence of the owner. The registration shall be in force for one year, and every change of ownership within that time shall be therein noted, and the person in whose name any Palankeen is licensed, shall be deemed the owner thereof for the purposes of this Act. A fee of eight annas shall be paid on registration. The owner of every such Palankeen shall cause to be painted on a conspicuous part of it the registered number thereof. The owner of every Palankeen, plying for hire without being licensed under this Act, or not having the prescribed number painted on it, shall be liable on conviction to a fine not exceeding ten Rupees.

[Registration of Palankeens may be refused.]

XXVIII. Such Officer as aforesaid may refuse to register any Palankeen, or may cancel the registration thereof, whenever it may appear to him to be unserviceable or unfit for public accommodation or use.

[Fares for Palankeens.]

XXIX. The rates or fares for Palankeens registered under Section XXVII., shall be fixed in the same manner as the rates or fares to be paid for Carriages registered and licensed under this Act.

[All property found in registered Carriages, or Palankeens, to be made over to Police.]

XXX. All property left in any Carriage or Palankeen registered under this Act, shall be deposited by the driver or the bearers thereof, as the case may be, at the nearest Police Station within twenty-four hours, if not sooner claimed by the owner. Such property shall be returned to the person who shall prove to a Magistrate that the same belonged to him, on payment of all expenses reasonably incurred, or of such reasonable sum to the driver or bearers as such Magistrate shall award: and any driver of a registered Carriage or any of the bearers of any Palankeen registered under this Act who shall neglect so to deposit all property left in any such Carriage or Palankeen, shall be liable on conviction to a fine not exceeding fifty Rupees.

[Adjudication of Penalties.]

XXXI. All offences against this Act shall be heard and determined by a Magistrate within whose jurisdiction the offence may have been committed.

[Limits of the Suburbs.]

XXXII. The limits of the said Suburbs shall, for the purposes of this Act, be taken to be the limits as defined in Act XXI. of 1857; and this Act shall have effect in the Town of Calcutta and within the said limits, and not elsewhere.

[Interpretation.

XXXIII. The following words and expressions

যে নম্বর দেওয়া যাইবে তাহা ও স্বামির নাম ও বাসস্থান অনুমতিপত্রের রেজিষ্টরে দেওয়া যাইবে। ঐ রেজিষ্টরী করণ এক বৎসর প্রবল থাকিবেক। সেই বৎসরের মধ্যে কোন পালকী অন্য স্বামির হস্তগত হইলে তাহার নাম সেই রেজিষ্টরীতে লিখিতে হইবে। ও যাহার নামে কোন পালকীর অনুমতিপত্র দেওয়া যায়, সে এই আইনের কার্য্যার্থে ঐ পালকীর স্বামী জ্ঞান হইবেক। রেজিষ্টরী করণ সময়ে আট আনা ফীস দিতে হইবে। প্রত্যেক পালকী যে নম্বরমতে রেজিষ্টরী করা যায় সেই নম্বর ঐ পালকীর স্বামী তাহার কোন প্রকাশ স্থানে রঙ্গ দিয়া লেখাইবেন। ও এই আইনমতে অনুমতি পত্র প্রাপ্ত না হইলে কি তাহার নির্দ্দিষ্ট নম্বর পালকীতে রঙ্গ দিয়া লেখা না গেলে, যদি সেই পালকী ভাড়ার নিমিত্তে যাতায়াত করে, তবে তাহা প্রমাণ হইলে ঐ পালকীর স্বামির দশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[পালকীর রেজিষ্টরী অস্বীকার করিবার কথা।]

২৮ ধারা। পূর্ব্বোক্তমতের কার্য্যকারক যদি দেখিতে পান যে কোন পালকী অকর্ম্মণ্য কি সাধারণের স্বচ্ছন্দে গমনের কি ব্যবহারের অনুপযুক্ত, তবে তিনি তাহা রেজিষ্টরী করিতে অস্বীকার করিতে পারিবেন, কি তাহার রেজিষ্টর বাতিল করিতে পারিবেন ইতি।

[পালকীর ভাড়ার কথা।]

২৯ ধারা। এই আইনমতের রেজিষ্টর করা ও অনুমতিপত্র প্রাপ্ত গাড়ির ভাড়ার দর কি হার যে প্রকারে নির্দ্ধার্য্য হইবেক ২৭ ধারামতের রেজিষ্টরী করা পালকীর যে দরে কি হারে ভাড়া লাগিবে তাহা সেই প্রকারে নির্দ্ধার্য্য হইবে ইতি।

[রেজিষ্টরী করা গাড়ির কি পালকীর মধ্যে কিছু দ্রব্য পাওয়া গেলে তাহা পোলীসে দিবার কথা।]

৩০ ধারা। এই আইনক্রমে রেজিষ্টরী করা কোন গাড়িতে কি পালকীতে যদি কেহ কোন দ্রব্য ফেলিয়া যায় তবে ঐ দ্রব্যের স্বামী তাহার দাওয়া না করিলে, ঐ গাড়ির কোচমান কি পালকীর বেহারা চব্বিশ ঘণ্টার মধ্যে সেই দ্রব্য পোলীসের অতি নিকট থানায় লইয়া রাখিবে। পরে সেই দ্রব্য আমার, ইহার প্রমাণ কোন ব্যক্তি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে করিলে, ও তাহার নিমিত্তে উপযুক্ত যে সকল খরচ হইয়াছে তাহা দিলে, কিম্বা সেই মাজিষ্ট্রেট ঐ কোচমানকে কি বেহারাদিগকে উপযুক্ত যত পুরস্কার দিতে আজ্ঞা করেন তাহা দিলে সেই দ্রব্য ঐ ব্যক্তিকে ফিরিয়া দেওয়া যাইবে। ও এই আইনমতের রেজিষ্টরী করা কোন গাড়ির কোচমান কি কোন পালকীর কোন বেহারা তদ্রূপ গাড়িতে কি পালকীতে ফেলিয়া যাওয়া তদ্রূপ কোন দ্রব্য যদি উক্ত প্রকারে থানায় দাখিল না করে, তবে দোষ প্রমাণ হইলে তাহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[দণ্ডের আজ্ঞা করিবার কথা।]

৩১ ধারা। যে মাজিষ্ট্রেট সাহেবের এলাকার সীমার মধ্যে এই আইন বিরুদ্ধ কোন অপরাধ হয় তাহার বিচার ও নিষ্পত্তি সেই মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা হইবেক ইতি।

[শহরতলীর সীমার কথা।]

৩২ ধারা। ১৮৫৭ সালের ২১ আইনে যে সীমা নির্দ্ধার্য্য হইয়াছে তাহা এই আইনের অভিপ্রায়ের নিমিত্তে ঐ শহরতলীর সীমা হইবে, ও শহর কলিকাতা ও উক্ত সীমান্তর্গত স্থানভিন্ন অন্য কোন স্থানে এই আইন খাটিবে না ইতি।

["মাজিষ্ট্রেট" ও "ঘোড়া" এই শব্দের অর্থ ও বচন ও লিঙ্গবিষয়ক কথা।]

৩৩ ধারা। এই আইনের পশ্চাৎ লিখিত শব্দের ও

in this Act shall have the meanings hereby assigned to them, unless there be something in the subject or context repugnant to such construction (that is to say)—

[Magistrate.]

The word "Magistrate" in this Act shall mean any Police Magistrate of the Town of Calcutta, and any person lawfully exercising in the Suburbs of the said Town the full powers of a Magistrate, and any Assistant to a Magistrate or Deputy Magistrate specially authorised by Government to exercise in the said Suburbs the powers vested by this Act in a Magistrate.

[Horse.]

The term "horse" shall include a pony.

[Number.]

Words importing the singular number shall include the plural number, and words importing the plural number shall include the singular number.

[Gender.]

Words importing the masculine gender shall include the feminine.

A. G. MACPHERSON,
Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 28th May, 1862.

Baboo Jadub Chunder Day, B. A. and B. L., to be Moonsiff of Cutwa, Zillah East Burdwan.

Lalla Sudanund, to be Moonsiff of Chuttra, in Hazareebagh.

Moonshee Azeer Alj, to be Moonsiff of Hazareebagh.

The 31st May, 1862.

Moulvie Mohamed Mahmood, to be Moonsiff of Pauchpookoriah, Zillah Tipperah.

Baboo Luckhikant Dass, to be Moonsiff of Comillah, Zillah Tipperah.

The 2nd June, 1862.

Baboo Bhoobun Chunder Mookerjee, B. L., to be Moonsiff of Noornuggur, in Zillah Tipperah.

The 4th June, 1862.

Baboo Nobokishen Sen, to be Moonsiff of Comillah, in Zillah Tipperah.

LEAVE OF ABSENCE.

The 28th May, 1862.

Baboo Gour Chunder Dass, Moonsiff of Atteea, Zillah Mymensingh, for six weeks, in extension of that granted to him on the 18th February last under Clause II., Section V. of the Uncovenanted Absentee Rules.

The 5th June, 1862.

Baboo Preonath Surmah, Moonsiff of Soorujgurrah, Zillah Bhaugulpore, for one month, from the 12th March last, under Section VII. of the Uncovenanted Absentee Rules.

Baboo Hurish Chunder Mitter, Moonsiff of Bhootmaree, Zillah Rungpore, for one month, in extension of that granted to him on the 14th

কথার যে অর্থ এই ধারাতে করা যায়, তাহার সেই অর্থ, বিষয় বুঝিয়া কি পূর্ব্বাপর কথাতে অসঙ্গত না হইলে, বুঝাইবেক। অর্থাৎ

এই আইনেতে "মাজিষ্ট্রেট" এই শব্দেতে কলিকাতা শহরের কোন পোলীসের মাজিষ্ট্রেট সাহেবকে এবং উক্ত নগরের শহরতলীতে যে কোন ব্যক্তি আইনক্রমে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করেন তাঁহাকে এবং মাজিষ্ট্রেট সাহেবের যে আসিষ্টাণ্টকে কি ডেপুটী মাজিষ্ট্রেটকে গবর্ণমেণ্ট উক্ত শহরতলীর মধ্যে মাজিষ্ট্রেটের এই আইন অনুসারে প্রাপ্ত ক্ষমতাক্রমে কার্য্য করিতে বিশেষ ক্ষমতা প্রদান করেন তাঁহাকে বুঝাইবে।

"ঘোড়া" এই শব্দের মধ্যে টাট্টুও গণ্য হইবে।

এক বচনের শব্দেতে বহু বচনও বুঝাইবেক। ও বহু বচনের শব্দেতে এক বচনও বুঝাইবে।

পুংলিঙ্গবোধক শব্দের মধ্যে স্ত্রীদিগকেও বুঝ ইবে ইতি।

এ জি মাকফরসন।
লেজিসলেটিব ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬২ সাল ২৮ মে।

শ্রীযুত বাবু যাদবচন্দ্র দে B. A. ও B. L. জিলা পূর্ব্ব বর্দ্ধমানের কাটওয়ার মুনসেফ হইবেন।

শ্রীযুত লালা সদানন্দ হাজারীবাগে ছত্রার মুনসেফ হইবেন।

শ্রীযুত মুন্সী আজীর আলী হাজারীবাগের মুনসেফ হইবেন।

১৮৬২ সাল ৩১ মে।

শ্রীযুত মৌলবী মহম্মদ মাহুদ জিলা ত্রিপুরার পাঁচপুকুরিয়ার মুনসেফ হইবেন

শ্রীযুত বাবু লক্ষ্মীকান্ত দাস জিলা ত্রিপুরার কমিল্লার মুনসেফ হইবেন।

১৮৬২ সাল ২ জুন।

শ্রীযুত বাবু ভুবনচন্দ্র মুখুয্যা B. L. জিলা ত্রিপুরার নুরনগরের মুনসেফ হইবেন।

১৮৬২ সাল ৪ জুন।

শ্রীযুত বাবু নবকৃষ্ণ সেন জিলা ত্রিপুরার কমিল্লার মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৬২ সাল ২৮ মে।

জিলা ময়মুনসিংহের আতিয়ার মুনসেফ শ্রীযুত বাবু গৌরচন্দ্র দাস গত ফেব্রুআরি মাসের ১৮ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ৫ জুন।

জিলা ভাগলপুরের সুর্য্যগড়ার মুনসেফ শ্রীযুত বাবু প্রিয়নাথ শর্ম্মা অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারামতে গত মার্চ মাসের ১২ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা রঙ্গপুরের ভোটমারির মুনসেফ শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র মিত্র গত মাসের ১৪ তারিখে যে ছুটী পান

ultimo, under Clause II., Section 5 of the Uncovenanted Absentee Rules.

H. T. PRINSEP, *Register.*

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরুনর্ সাহেবের হুকুম।

৮৫৮ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ২৬ মে।

শিলটের জজ শ্রীযুত এম এ জি শা সাহেব (Mr. M. A. G. Shawe.) ঐ জিলাতে ১৮৬২ সালের ১৫ অপ্রিল তারিখের যে বিজ্ঞাপন ঐ মাসের ২১ তারিখের কলিকাতা গেজেটে প্রকাশ হয় তন্নির্দ্দিষ্টমতে ১৮২৮ সালের ৩ আইনানুসারে খাস কমিসানরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

নগওয়ানের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী দিনমহম্মদ ১৮১৯ সালের ১০ আইন ও ১৮৩৮ সালের ২৯ আইনের নির্দ্দিষ্টমতে ১৮৩৫ সালের ৯ আইনের ২ ধারাক্রমে নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্টের বিচারকর্ত্তৃ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত জি ডবলিউ এস ডিক্সন সাহেব (Mr. G. W. S. Dixon,) বর্ত্তমান মাসের ১০ তারিখাবধি মুঙ্গেরের আফিসের নব ডেপুটী এজেণ্টের কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ২৮ মে।

শ্রীযুত ডাক্তর আর বানবেরি সাহেব (Dr. R. Banbury,) ময়মনসিংহের ফেরিফণ্ড কমিটির মেম্বর হইবেন।

পিয়ালদহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কান্তিচন্দ্র চাটুর্য্যা কটক এলাকায় নিযুক্ত হইয়াছেন ও ঐ এলাকার সকল কি কোন জিলার মধ্যে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

পূরণীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ মেয়রস্ সাহেব (Mr. W. Meyers,) সারণে নিযুক্ত হইয়াছেন। ও ঐ জিলাতে তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারামতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

সারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোকুলচন্দ্র চৌধরী পূরণীয়াতে নিযুক্ত হইয়াছেন ও ঐ জিলাতে তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ৩০ মে।

নীচের লিখিত কার্য্যকারকেরা আসামে আসিষ্টাণ্ট কমিসানর হইবেন। অর্থাৎ

লেপ্টেনেণ্ট শ্রীযুত এ ই কাম্বেল সাহেব (Lieutenant A. E. Campbell)

লেপ্টেনেণ্ট শ্রীযুত এ এন ফিলিপস্ সাহেব (Lieutenant A. N. Phillips.)

লেপ্টেনেণ্ট শ্রীযুত নি হেটর সাহেব (Lieutenant A. Hayter.)

লেপ্টেনেণ্ট শ্রীযুত ই এ ফিলিপস সাহেব (Lieutenant E. A. Phillips,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত হাজারিবাগে অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিসানরের কর্ম্ম করিবেন।

তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিন্সেপ। রেজিষ্টর।

ছুটী।

১৮৬২ সাল ২৮ মে।

কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত সি বুলনয়স্ সাহেব (Mr. C. Boulnois,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের আসেসর ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সৈয়দ ফজল করিম বর্ত্তমান মাসের ১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ২৯ মে।

ফোর্ট উলিয়মের পরীক্ষক বোর্ডের সাহেবেরা প্রকাশ করিয়াছেন যে বাঙ্গলা দেশের প্রথম পোলীস পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত টি ও এলডন সাহেব (Mr. T. Weldon,) গত মাসের ৭ তারিখে হিন্দুস্থানি ভাষাতে পরিক্ষোত্তীর্ণ হইয়াছেন।

---

৯৬৩ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ৫ মে।

চতুর্থ অর্থাৎ পশ্চিম এলাকার রাজস্বের জরিপী কার্য্যে নিযুক্ত নীচের লিখিত ডেপুটী কালেক্টরেরা ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনমতে নীচের লিখিত জিলাতে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন। অর্থাৎ

বাকরগঞ্জে ও যশোহরে ও ফরিদপুরে শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ বসু। ও

বাকরগঞ্জে শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ ঘোষ।

১৮৬২ সাল ১৫ মে।

নীচের লিখিত মহাশয়েরা বালেশ্বরে ১৮৫৬ সালের ২০ আইনের ৩৬ ধারার বিধি সফল করণার্থ কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত এ বণ্ড সাহেব (Mr. A. Bond,) ও

শ্রীযুত বাবু নিতাইচরণ দাস। ও

শ্রীযুত বাবু পদ্মলোচন মণ্ডল। ও

সিবিল চিকিৎসক সাহেব। ও

ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মৌলবী মহম্মদ আবদুল্লা খাঁ। ও

এক্সিকিউটিব ইঞ্জিনিয়র সাহেব।

১২৬২ সাল ২২ মে।

নাটোরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত এফ গ্রেণ্ট সাহেব (Mr. F. Grant.) প্রসন্ননাথ ভণ্ড কমিটির মেম্বর হইবেন।

১৮৬২ সাল ২৯ মে।

লেপ্টেনেণ্ট শ্রীযুত জি এস হিলস সাহেব (Mr. G. S. Hills,) রাজধানীর সিবিল ইঞ্জিনিয়রিং কালেজে গৃহাদি নির্ম্মাণের নকসার অধ্যাপক হইবেন।

নীচের লিখিত মহাশয়েরা ময়মনসিংহের দাতব্য ঔষধালয়ের কর্ম্ম নির্ব্বাহার্থ কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত জে পি হাম্পটন সাহেব (Mr. J. P. Hampton.)

শ্রীযুত টি আর কর সাহেব (Mr. T. R. Kerr.)

শ্রীযুত বাবু কাশীকিশোর রায় চৌধুরী।

শ্রীযুত ডবলিউ স্কোন্স সাহেব (Mr. W. Sconce.)

B. A শিবসাগরে সাধারণের বিদ্যাধ্যাপনীয় কমিটির সেক্রেটারী হইবেন।

১৮৬২ সাল ৩০ মে।

শ্রীযুত ই ই গুড সাহেব (Mr. E. E. Goode.) হুগলী কালেজে সাহিত্য বিদ্যার অধ্যাপকের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু কৃষ্ণকমল ভট্টাচার্য্য B. A., প্রসীডেন্সী কালেজে বঙ্গভাষার সাহিত্য বিদ্যার আসিষ্টাণ্ট অধ্যাপক হইবেন।

১৮৬২ সাল ৩১ মে।

মুনসেফ শ্রীযুত বাবু সাতকৌড়ি দেব নাটোরে দলীল দস্তাবেজের রেজিষ্টর হইবেন।

১৮৬২ সাল ২ জুন।

শ্রীযুত সি জনসন সাহেব (Mr. C. Johnson,) হাবড়ার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসকের কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ৩ জুন।

শ্রীযুত এফ বি পিকক সাহেব (Mr. F. B. Peacock,) মালদহের মাজিষ্ট্রেটের ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ এম মাকগ্রিগর সাহেব (Mr. A. M. Macgregor.) মেদিনীপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ কেম্বেল সাহেব (Mr. W. Kemble.) সারণের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন, ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

গড়বেটার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কমলাকান্ত বসাক মেদিনীপুরে ও বাঁকুড়াতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৬২ সাল ২৯ মে।

তমলুকের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শ্যামাচরণ ভট্টাচার্য্য অচিহ্নিত কার্য্যকারকের-দের ছুটীর বিধির ৭ ধারার এক প্রকরণমতে ২৫ দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ১৭ মে।

ইহাতে প্রকাশ হইল যে হাবড়াতে কলিকাতার আবকারী সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের এলাকা কলিকাতা পোলীসের কমিস্যনর সাহেবের এলাকার সমান হইবে, অর্থাৎ বালির খালের দক্ষিণাবধি শালখিয়া ও হাবড়া হইয়া কোম্পানির বাগানের শেষপর্য্যন্ত।

১৮৬২ সাল ২৬ মে।

শ্রীযুত ডবলিউ এস সিটনকার সাহেব (Mr. W. S. Seton-Karr,) সদর আদালতের অতিরিক্ত জজের পদে নিযুক্ত হওয়াতে আইন ও ব্যবস্থাকরণার্থ বঙ্গ দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরুনর সাহেবের কৌন্সেলের মেম্বরের পদ ত্যাগ করণের অনুমতি পাইয়াছেন।

১০৪৬ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ৩১ মে।

নীচের লিখিত কর্ম্মকারকেরা ১৮৩৫ সালের ৯ আইনের ২ ধারামতে ১৮১৯ সালের ১০ আইন ও ১৮৩৮ সালের ২৯ আইনের নির্দ্দিষ্টমতে নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্টের বিচারকর্ত্তৃ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

অর্থাৎ

চাটিগাঁয়ের	... ...	মাজিষ্ট্রেট।
ভুলুয়ার	... ...	ঐ
বাকরগঞ্জের	... ...	ঐ
যশোহরের	... ...	ঐ
চব্বিশ পরগনার	... ...	ঐ
হুগলীর	... ...	ঐ
মেদিনীপুরের	... ...	ঐ
বালেশ্বরের	... ...	ঐ
কটকের	... ...	ঐ
পুরীর	... ...	ঐ

হুগলীর।

জাহানাবাদের	...	ডেপুটী মাজিষ্ট্রেট।

যশোহরের।

ঝিনিদহের	... ...	ঐ
খুলনার	... ...	ঐ
কোটচাঁদপুরের	... ...	ঐ
নড়ালের	... ...	ঐ
মাগুড়ার	... ...	ঐ

চব্বিশ পরগনার।

বারুইপুরের	... ...	ঐ
বসিরহাটের	... ...	ঐ
বারাসাতের	... ...	ঐ
কলাগেছের	... ...	ঐ
সাতক্ষীরার	... ...	ঐ

কটকের।

জাজিপুরের	... ...	ঐ
কেন্দ্রপাড়ার	... ...	ঐ

বালেশ্বরের।

ভদ্রকের	... ...	ঐ

বাকরগঞ্জের।

মাদারীপুরের	... ...	ঐ
পিরোজপুরের	... ...	ঐ

মেদিনীপুরের।

গড়বেটার	... ...	ঐ
তমলুকের	... ...	ঐ

নওয়াখালীর।

দক্ষিণ সাহাবাজপুরের	...	ঐ

চাটিগাঁয়ের।

কক্স বাজারের	... ...	ঐ

১৮৬২ সাল ২ জুন।

শ্রীযুত বাবু দীননাথ ঘোষ তমলুকের অবৈতনিক চিকিৎসা ও ঔষধালয়ের কর্ম্মনির্ব্বাহার্থে কমিটির মেম্বর হইবেন।

বহিরার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে আর আণ্ডারসন সাহেব (Mr. J. R. Anderson,) ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কি কোন সুপ্রিমকোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলের অনুসন্ধান লইতে ও সেই সেশন আদালতে কি সুপ্রিমকোর্টে বিচার হওনার্থে ব্যক্তিদিগকে সমর্পণ করিতে কি ঐ ধারাদের স্থানে হাজির জামিন লইতে ও তদর্থে যে২ ক্ষমতার আবশ্যক হয় তদনুসারে কার্য্য করিতে ক্ষমতা পাইয়াছেন।

ফল্‌স পাইণ্টের স্বীপগুহের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডেবিডসন সাহেব (Mr. Davidson,) ঐ কর্ম্মোপলক্ষে কটকের কষ্টমের কালেক্টরের আসিষ্টাণ্ট হইবেন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু উদয়চাঁদ দত্তের অনুপস্থিতকালে অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত শম্ভুচন্দ্র গুপ্ত তমলুকের চিকিৎসা কার্য্যের ভারপ্রাপ্ত হইয়াছেন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু নন্দলাল ঢোল পুরনিয়াতে দাতব্য ঔষধালয়ের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন।

নীচের লিখিত মুনসেফেরা ১৮৫৯ সালের ১০ আইনের ১৫০ ধারামতে ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন। অর্থাৎ

রাজশাহীতে নাটরের শ্রীযুত বাবু নাতকড়ি দেব।

ও সেরাজগঞ্জের শ্রীযুত বাবু শ্রীমোহন ঘটক।

ও ময়মুনসিংহে নেত্রকোনার শ্রীযুত বাবু অমৃতলাল চাটুর্য্যা B. A. ও B. L.

বীরভূমে ওখড়ার শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র বসু B. L.

বাকরগঞ্জে বহুফুলের শ্রীযুত বাবু বৈষ্ণবচরণ দাস।

শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র রায় ১৮৬০ সালের ৩২ আইনমতে যশোহরের আসেসর ও ডেপুটী কালেক্টর হইবেন।

ইহাতে গত মাসের ১৯ তারিখে পাবনা ও ময়মুনসিংহে তাঁহার নিযুক্ত হওয়া রহিত হইল।

১৮৬২ সাল ৫ জুন।

শ্রীযুত অনরবিল এ ইডন সাহেব (The Hon'ble A. Eden,) বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ জে হর্শেল সাহেব (Mr. W. J. Herschel,) বোর্ড রেবিনিউর দ্বিতীয় সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

শ্রীযুত ই গ্রে সাহেব (Mr. E. Grey,) নদীয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

হাবড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই বি গ্রাণ্ট সাহেব (Mr. E. B. Grant,) দিনাজপুরে নিযুক্ত হইয়াছেন ও সেই জিলাতে তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে দ্বিতীয় অধঃস্থ শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কার্য্য করিবেন।

দিনাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে বি প্রাট সাহেব (Mr. J. B. Pratt,) হাবড়াতে নিযুক্ত হইয়াছেন ও সেই জিলাতে তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

কাছাড়ের মুনসেফ শ্রীযুত বাবু রামগোবিন্দ দেব মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

লেপ্টেনেণ্ট শ্রীযুত এম লোইস সাহেব (Lieutenant N. Lowis,) আসামে আসিষ্টাণ্ট কমিসানর হইবেন।

নীচের লিখিত কার্য্যকারকেরা হজুর কৌন্সেলে বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের ১৮৬২ সালের ৬ আইনের ১৯ ধারামতে ঐ আইন ও ১৮৫৯ সালের ১০ আইনক্রমে তাঁহারদের সম্মুখে উপস্থিত করা মোকদ্দমা গ্রাহ্য করিবার ক্ষমতা পাইয়াছেন।

নদীয়ার অতিরিক্ত কমিস্যনর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এচ বেবরিজ সাহেব (Mr. H. Beveridge.)

কুষ্টিয়ার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত ও টেম্পল সাহেব (Mr. O. Temple,)

শান্তিপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ ঘোষ।

কোট চাঁদপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত বাবু দ্বারকানাথ রায়।

পূরণিয়ার রামনগরের মুনসেফ শ্রীযুত বাবু ফকীরলাল।

পূরণিয়ার কৃষ্ণগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু রামসুন্দর চক্রবর্ত্তী।

পূরণিয়ার আরোরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু গোকুল চাঁদ

পূরণিয়ার আরোরিয়ার অতিরিক্ত মুনসেফ শ্রীযুত মৌলবী সা মোয়াদ্দ হুসেন।

ছুটী।

১৮৬২ সাল ৩১ মে।

ময়মুনসিংহের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু প্রাণকৃষ্ণ রায় গত ফেব্রুআরি মাসের ১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ২ জুন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত ই এচ লশিংটন সাহেব (Mr. E. H. Lushington.) চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১৪ ধারামতে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

পাটনাবাদের জজ শ্রীযুত এফ টকর সাহেব (Mr. F. Tucker,) চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১৪ ধারামতে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

ই এচ লশিংটন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENT. ভূমির বিষয়ি ইশ্তিহার

জিলা শ্রীহট্ট।

১৮৫৯ সালের ১১ একাদশ আইনের ৬ ধারাক্রমে এহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জিলা শ্রীহট্টের নীচের লিখিত মহালাত ১৮৬২ সালের ১৮ আপ্রিলপর্য্যন্তের বাকি মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আক্টের দ্বারা অন্য যে যে দাওয়া বাকি মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে ১৮৬২ সালের জুন মাসের ২৭ দিবস মোতাবেক ১২৬৯ বাঙ্গালার আষাঢ় মাসের ১৪ দিবস শুক্রবার ঐ জিলার কালেক্টরির কাছারিতে নিলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে নিলাম হইবেক।

ইস্তামর রি জমা ধার্য্য হওয়া মাহাল।

পং নঙ্গনা

১৭৭৮৩ নং তাং কোরবান আলি চৌধুরি রেজিষ্টরি হওয়া মালিক গোবিন্দচরণ দাস
গএরহ সদর জমা ৫৬৪ ৷৷৮

পং নং বালিয়াচুঙ্গ

২৭৫০৩ নং তাং আলমরজা জমিদার রেজিষ্টরি হওয়া মালিক সুনামদিগয়রহ সদর
জমা ৬৪২৷৷৭

পং ঐ

২৭৫০৪ নং তাং আছদরজা জমীদার রেজিষ্টরি হওয়া মালিক কৃষ্ণচরণ দাস সদর জমা ৭৪২৷৷

[*Government Gazette*, 10*th June*, 1862.]

পং চৈতন্যনগর

৪০২৮১ নং তাং চৈতন্যচান্দ রেজিষ্টরি হওয়া মালিক উমেদনারায়ণ দাস সদর জমা ২২২ ৷৶৩

পং ভানুগাছ

৪৭০৩১ নং তাং রায় গৌরহরি সিংহ রেজিষ্টরি হওয়া মালিক রায় রাধাগোবিন্দ সিংহ সদর জমা ১৬২৩৷৩

সন ১৮৬২ ইং রেজি মাহ ২৯ মেই।

S. H. C. TAYLER, *Collector.*

ZILLAH CACHAR.

Vacant—the Office of Treasurer with a salary of Rupees 65 per mensem.

Security to the amount of Rupees 10,000 will be required, a preference being given to cash deposits.

Applications enclosing testimonials to be forwarded to undersigned.

R. STEWART, *Superintendent.*

Zillah Cachar, Superintendent's Office, the 29th April, 1862.

জিলা কাছাড়।

৬৫৲ টাকা মাসিক বেতনের খাজাঞ্চির পদ খালি ১০,০০০৲ টাকার জামিনীর আবশ্যক, নগদ ডিপাজিট দায়কের দাবিই শ্রেষ্ঠ হইবেক নিম্ন স্বাক্ষরিত সমীপে সর্টিফিকটসহ দরখাস্ত পাঠাইতে হইবেক।

আর ইষ্টুয়ার্ট সাহেব সুপরিণ্টেণ্ডেণ্ট কাছাড়।

জিলা কাছাড়। ১৮৬২ সাল তারিখ ২৯ আপ্রিল।

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of SOORUJMUL, lately carrying on business at Burrabazar, under the style and firm of Savaram Soorujmul, an Insolvent.

Notice is hereby given, that by an order of this Court made on the sixteenth day of May instant, it is ordered that the said Insolvent do within a month from this date file a Schedule of his debts, estate and effects in the Office of the Chief Clerk of this Court, and that Saturday the fifth day of July next, be appointed for the hearing of this matter, and that all creditors having any claim on the Estate of the said Insolvent do within one week before the said hearing file with the said Chief Clerk a statement of the amount of their respective claims against the Estate of the said Insolvent duly verified by Affidavit. Dated this 21st day of May, 1862.

C. W. HATCH, *Attorney.*

কলিকাতার যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন সুরজ্জামল যে আপাতত বড় বাজারে সাবারাম সুরজ্জামল নামে কারখানায় কর্ম্ম চালাইতে ছিল তাহার বিষয়। জ্ঞাত করা যাইতেছে যে বর্ত্তমান মে মাসের ১৬ তারিখে এই আদালতহইতে আজ্ঞা হইয়াছিল যে উক্ত যোত্রহীন আজিকার তারিখঅবধি এক মাসের মধ্যে আদালতের প্রধান ক্লার্ক সাহেবের আফিসে তাহার দেনা ও বিষয় সম্পত্তির এক ফর্দ্দ দাখিল করেন ও ৫ জুলাই শনিবার এই বিষয় শুনিবার জন্যে ধার্য্য হয়, আর যে২ মহাজনের এই যোত্রহীনের সম্পত্তির উপর দাওয়া আছে তাহারা এই বিষয় শুনানির এক সপ্তাহ পূর্ব্বে এই যোত্রহীনের সম্পত্তির উপর আপনং দাওয়া আফিডেবিটক্রমে উপযুক্তমতে সপ্রমাণ করিয়া এই আদালতের প্রধান ক্লার্ক সাহেবের নিকটে দাখিল করে। সন ১৮৬২ সাল ২১ মে।

সি ডবলিউ হ্যাচ এটর্নি

MISCELLANEOUS ADVERTISEMENTS সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

সুপ্রিম কোর্ট।
রিসিবর আফিস।
জমীদারী ইজারা।

শ্রীমতী শারদাসুন্দরী দাসী বাদিনী।
তিনকড়ি নন্দী ও শ্রীমতী কামিনী দাসী প্রতিবাদিগণ।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন হালের ২০ জুন শুক্রবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত চারলস্ হুইটন হাগ সাহেব তাঁহার আফিসে মৃত রামচন্দ্র পাল চৌধুরী ও শ্যামচন্দ্র পাল চৌধুরীর ইষ্টেটের বন্ধ নীচের লিখিত জমীদারীহারের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন ঐ সময়ে রিসিবর আফিসে উপস্থিত হইবেন ইতি।

জিলা নদীয়া।

পরগনে আলমপুর ডিহি সীকারপুরের মধ্যে	১৫ মৌজা।
পরগনে ঐ ডিহি কৃষ্ণচন্দ্রপুরের মধ্যে	১১ মৌজা।
চাকলে শ্রীনগর ডিহি পাল্লার মধ্যে	২ মৌজা।
চাকলে ঐ ডিহি শেরপুরের মধ্যে	৭ মৌজা।
পং পাঁনর ডিহি সীকারপুরের মধ্যে	৭ মৌজা।
তঃ চাপড়ার মধ্যে	৩ মৌজা।

আরং বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

কৌর্ট হৌস রিসিবর আফিস।

তারিখ ৩০ মে ১৮৬২ সাল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ১০ জুন।]

শস্তা দরে আইন বিক্রয়।

১৮৬০ সালের দণ্ডবিধান নামক ৪৫ আইন অর্থাৎ পেনেলকোট মূল্য ... ... ১৲

১৮৬০ সালের ৫ আইন ১৮৬১ সালের ৫ ও ২৫ ও ৩৩ আইন এবং সরক্যুলর অর্ডর সম্বলিত মূল্য ... ১৲

শস্তা দর নিমিত্ত উক্ত আইনের ও মুদ্রাঙ্কন বিষয়ে কোন সংশয় করিবেন না বরঞ্চ অগ্রে এক কাপী গ্রহণানন্তর সুবিচারপূর্ব্বক পশ্চাৎ মূল্য পাঠাইয়া দিবেন। যদস্যাৎ গেজেটের অবিকল না হয় তবে প্রত্যর্পণ করিবেন।

শ্রীনৃত্যলাল শীল।

কলিকাতা বটতলার ২৪৬ নং পুস্তকালয়।

ইষ্টাম্পের নূতন আইন বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। পাঠকেরদের সুগমরূপে বুঝিবার জন্যে ঐ আইনের সকল বিধানের সারসংগ্রহ নির্ঘণ্টস্বরূপে করা গিয়াছে ও তকসীলের নানা প্রকরণে যে২ দলীলের ইষ্টাম্প নির্ণয় হইয়াছে তাহার নির্ঘণ্ট অক্ষরক্রমে দেওয়া গিয়াছে। মূল্য ... ... ৷৷০ মাত্র

বঙ্গদেশের খাজানাসম্পর্কীয়।

১৮৬২ সালের ৬ আইন মূল্য ... ... ৵ আনামাত্র।

ভারতবর্ষের দণ্ডবিধির আইন নির্ঘণ্টসহ মূল্য ... ... ২ টাকা মাত্র।

আরো দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৫৯ সালের ৮ আইন ১৮৬১ সালের ২৩ আইনঅনুসারে সংশোধিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। মূল্য ২৲ টাকা মাত্র।

উক্ত পুস্তকে যাঁহারদের প্রয়োজন থাকে তাঁহারা শ্রীরামপুরে গবর্ণমেণ্টের অনুবাদক শ্রীযুত রাবিনসন সাহেবের নিকটে কিম্বা কলিকাতায় ডিরোজারিও সাহেবের ও থাকর কোম্পানির পুস্তকালয়ে তত্ত্ব করিলে পাইতে পারিবেন। ডাকযোগে পুস্তক পাঠাইতে হইলে মূল্যাতিরিক্ত ডাক মাসুলও লাগিবে।

বিজ্ঞাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে প্রবোধ চন্দ্রিকা গ্রন্থ শ্রীরামপুর যন্ত্রালয়ে উত্তম কাগজে উত্তমাক্ষরে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ২৲ দুই টাকা মাত্র।

বিজ্ঞাপন।

বিজ্ঞাপন করা যাইতেছে যে আগত মনসেফী ও ওকালতী পরীক্ষার নিমিত্তে নির্দ্ধারিত পুস্তকসকলের মধ্যে সর্ব্ব সাধারণের প্রয়োজনীয় ম্যাক্‌নাটনস্ হিন্দু ও মহাম্মদীয়ান লঃ নামক পুস্তক অর্থাৎ সারফ্রান্সিস ম্যাক্‌নাটন সাহেব মহোদয় দ্বারা সংগৃহীত উক্ত ধর্ম্মশাস্ত্র দ্বয়ের মূল বিধানসকল ইংরেজী হইতে বঙ্গ ভাষায় অনুবাদিত হইয়া কলিকাতা তালতলাস্থ তিব্বী নামক যন্ত্রালয়ে উত্তম অক্ষরে মুদ্রিত হইয়াছে ও মেকফরসন্ সাহেব কৃত কন্‌ট্রাক্‌ট অর্থাৎ চুক্তিসম্বন্ধীয় পুস্তক আগত জুলাই মাসের প্রথমে আর ঐ নামীয় বাক্তি কৃত মর্টগেজ অর্থাৎ বন্ধক-সম্বন্ধীয় পুস্তক যে উপরোক্ত ভাষায় মুদ্রিত হইতেছে উক্ত মাসের শেষে সমাপ্ত হইবেক গ্রহণেচ্ছুক মহাশয়েরা অবধারিত মূল্যের টাকা নোট বা হুণ্ডীর দ্বারা প্রেরণ করিলে অভিলাষিত পুস্তক পাইতে পারিবেন।

উক্ত পুস্তক ত্রয়ের "উর্দ্দুও অতিশীঘ্র সমাপ্ত হইবে" ১০ জুন সন ১৮৬২ সাল।

কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতের উকীল শ্রীমহম্মদ ইসমাইল।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণ জনগণকে জানান যাইতেছে যে ১৮৫৯ সালের ৮ আইন সংশোধনবিষয়ক দেওয়ানী মোকদ্দমার কার্য্য বিধান নামক ১৮৬১ সালের ১০।১২।২৩ আইন ও ১৮৬০ সালের ৪২ আইন এবং ১৮৫৯ সাল-অবধি ১৮৬১ সালের ৩১ ডিসেম্বর তারিখপর্য্যন্ত সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডরে ও সমন ইত্যাদি একত্রে সংগ্রহ মূল্য ১৷৷০

১৮৫৯ সালের ১০।১১ আইন সংশোধনবিষয়ক ১৮৬২ সালের ৩ ও ৬ আইন মূল্য ।০

১৮৬০ সালের ৩৬।৪০।৫১ আইন সংশোধনবিষয়ক ১৮৬২ সালের ১০ আইন ইষ্টাম্পবিষয়ক মূল্য ৷৷০

শ্রী বেণীমাধব দে কলিকাতা চিতপুর রোড বটতলা ২৪৬নং

[*Government Gazette*, 10*th June*, 1862.]

নিম্নাঙ্কিত পুস্তকাদি কলিকাতাস্থ আমড়াতলা পূর্ণচন্দ্র যন্ত্রে শ্রীরামপুরের ছাপাখানায় থেকর ওষ্টেল রেজারিও কোং নিকট রঙ্গপুর ও গুয়াহাটী আসামে বিক্রেয় আছে মূল্য পাঠাইলে পাইবেন।

সটীক শ্রীমদ্ভাগবত ... ৩৩৲
শব্দাম্বুধি ৩৮০০০ সং ২৷৷০
শব্দকল্পতরুপ্রত্যেকফর্ম্মা
নূতনাভিধান ২০০০০ ঐ ১৲
অমরার্থ দীধিতি ... ১৷৷০
হরিভক্তি বিলাস সটীক ১০৲
সর্ব্বার্থ পূর্ণচন্দ্র ইহাতে অ
ষ্টাদশ পুরাণের অনুবাদ
গৌড়ীয় ভাষায় ১ অবধি
৩৪ সংখ্যাপর্য্যন্ত .. ৮৷৷০
এবং প্রতিমাসে এক২ খণ্ড
প্রকাশ হইতেছে ।০
শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভাষায়
অনুবাদিত ১।২।৩।৪।
৫।৬।৭।৮।৯।১০ ৬৸০
একাদশস্কন্ধশ্লোক ও পদ্য ২
যোগবাশিষ্ঠ ১নাং ২৬ সর্গ ৪
জ্ঞানরত্নাকর ... ২৲
অষ্টাদশ পর্ব্ব মহাভারত,
প্রায় সহস্র পৃষ্ঠা ১ খণ্ড ৪৲
সপ্তকাণ্ড রামায়ণ প্রং...২৲
আরব্যোপাখ্যান ১নাং ৫,
পঞ্চম খণ্ডে ... ... ৫৲
অপূর্ব্বোপাখ্যান, ২১প্রং ২
বত্রিশ সিংহাসন, গদ্য ১৲
আদ্যকৃত ইংবাং ডিক্সনরি
অর্থাৎ ইং শব্দের ইংও
বাং অর্থসম্বলিত ৭২০ পৃষ্ঠা
এ প্রকার ডিক্সনরি পূর্ব্বে
কখন প্রকাশ হয় নাই...৫৲
শিবসংকীর্ত্তন .. ১৲
ইংরাজী শকুন্তলা ..... ১৲
ইং প্রবোধচন্দ্র নাটক ১৲
পুরাণের অনুক্রমণিকা ।০
হিতোপদেশ ইংবাংসং ২
কাজীর বিচার ৷৷০
অন্নদামঙ্গল বিদ্যাসুন্দর
মানসিংহ চৌরপঞ্চাশতএক
জেলেদে ১০ খণ্ড প্রতিমূর্ত্তি
রোবক ও হকিম মৌলবী
আবদুল মজিদকৃত পারস্য
ভাষার অভিধান ..... ৪০৲
রিচার্ডসন কৃত ইং পারস্য
এবং পারস্য ও ইং ডিক্সন
নরি ২ বালাম ..... ৫০৲
রোম দেশীয় ইতিহাস ৬৲
গ্রীক দেশীয় ঐ ঐ ৩৲
ইংলণ্ড দেশীয় ঐ ঐ ৩৲
ভারতবর্ষীয় ঐ ঐ ৩৲
পঞ্চাবেতিহাস ... ...১৲
প্রাচীন ঐ ... ...২৲
ন্যায়দর্শন ২৷৷০
পুরাবৃত্ত বিবরণ ... .. ১৲
চাষার দরবেশ ... ১৲
প্রিয়ম্বদ... ... ... ১৲
কেরি বাং ইং ডিক্সনরি ৫০৲
বিদ্যাকল্পদ্রুম ৩২৲
পূর্ণচন্দ্রোদয় বার্ষিক... ৮৲
রাজা রামমোহন রায়ের
জীবন চরিত্র ও গীতাবলী।০
বেদান্তসার ... ১৲
কোলব্রুকের অমরকোষ ৮৲
হিতোপদেশ অর্থসম্বলিত ১
চাণক্য ও নবরত্নের শ্লোক ৵
ইন্‌কমটাক্স ।০
গবর্ণমেণ্ট আইন ইং ১৭৯৩
নাং ১৮৩৩।৯ বালম ১০০
শব্দসাধন মুক্তাবলী ৩খণ্ড ৩
চমৎকার হিরাজাদ ১
আলালের ঘরের দুলাল ৸০
মাজিষ্ট্রেটীয় উপদেশ ... ৬৲
তিলোত্তমা কাব্য ১৲
নাট্য পরিশিষ্ট নাটক ১৲
প্রস্থান ভেদ ... ।০
সটীক শ্রীমদ্ভগবদগীতা আ-
নন্দ গিরির টীকাসম্বলিত ৵
কবিকঙ্কন কৃত চণ্ডী ১
দণ্ডবিধির আইন ৩
ফৌজদারী আইন ২
সুললিত নাটক ।০
নিলাঞ্জন ঐ ৸০

হস্তাক্ষরে লিখিত।

মূল গ্রন্থ ... ... ৩০৲
আয়ুর্ব্বেদ ঐ ... ২০৲
অভিধান চূড়ামণি ঐ ২৫৲
সারাবলী ঐ ... ১০৲
নানাপ্রকার মুদ্রাঙ্কন লৌহ
যন্ত্রের আমদানী হইয়াছে।

শ্রীঅদ্বৈতচন্দ্র আঢ্য।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ১০ জুন।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল ডিক্রুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 1194. ১১৯৪) (৪৬৫)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 17, 1862.

কলিকাতা মঙ্গলবার ১৮৬২ সাল ১৭ জুন।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Bill was read in the Council of the Lieutenant Governor of Bengal for the purpose of making Laws and Regulations, on the 8th March 1862, and was referred to a Select Committee who are to report thereon after the 12th of April next :—

A Bill to amend the law relating to the collection of Tolls on Boats and Vessels passing through certain Canals, Khaals, and Nullahs within the tidal limits of the Bay of Bengal.

[Preamble.]

WHEREAS it is expedient to amend the law as to the collection of the Tolls leviable under Regulation XVIII. 1806, and to provide for the collection of Tolls on certain other Canals, Khaals, and Nullahs; It is enacted as follows :—

[Sections XI., XII., and XIII. of Regulation XVIII., 1806, repealed.]

I. Sections XI., XII., and XIII. of Regulation XVIII., 1806, are hereby repealed.

[Table of Tolls to be levied on the Banka Nullah and other Khaals and Canals specified.]

II. A Toll shall be collected and levied by the Government of Bengal on all vessels and boats in what manner soever the same may be propelled, and on all flats, rafts, and floats passing through the Canal, commonly called the Banka Nullah, Gowah Khaal, and Narainpore Khaal, in the Division of Tumlook, and through the Khoonjopore Khaal in the Division of Hidgellee, at the rates set forth in the Schedule to this Act.

[Government may levy similar Tolls on other Canals, Khaals, and Nullahs, on giving three months' notice.]

III. It shall be lawful for the Government

বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট।

লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।

আইনের এই মুসাবিদা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আইন ও ব্যবস্থাকরণার্থ কৌন্সেলে ১৮৬২ সালের ৮ মার্চ্চ তারিখে পাঠ হইয়া বিশেষ কমিটীর প্রতি অর্পিত হইল। তাঁহারা আগামি আপ্রিল মাসের ১২ তারিখের পরে তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

যে২ খাল ও নালাতে বঙ্গোপসাগরের জোয়ার ভাটা হয় তাহাতে গমনাগমনকারি নৌকাদির মাসুল আদায় করণ বিষয়ের আইন সংশোধন করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

১৮০৬ সালের ১৮ আইনমতে যে মাসুল ধার্য্য হয় তাহা আদায় করিবার আইন সংশোধন করা, ও অন্য কএক খালে ও নালাতে মাসুল আদায় করিবার বিধান করা বিহিত, এই কারণে পশ্চাৎ লিখিত বিধান হইতেছে।

[১৮০৬ সালের ১৮ আইনের ১১ ও ১২ ও ১৩ ধারা রদ হইবার কথা।]

১ ধারা। ১৮০৬ সালের ১৮ আইনের ১১ ও ১২ ও ১৩ ধারা এই ধারাক্রমে রহিত হইল ইতি।

[বাঁকা নালা ও নির্দ্দিষ্ট অন্য২ খালের উপর যে মাসুল আদায় হইবে তাহার ফর্দ্দের কথা।]

২ ধারা। তামলুক এলাকার অন্তর্গত বাঁকা নালা ও গেঁওয়াখাল ও নারায়ণপুরখাল, এবং হিজলী এলাকার খুঞ্জপুরখাল দিয়া, দাঁড়েতে কি অন্য কোন প্রকারে চালিত যে সকল জাহাজ কি নৌকাদি কি অল্প বোট কি ভেলা কি মাড় গমনাগমন করে, তাহার উপর বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের দ্বারা এই আইন সংযুক্ত তফসীলের নির্দ্দিষ্ট হারে মাসুল ধার্য্য হইয়া আদায় হইবেক ইতি।

[তিন মাস পূর্ব্বে সম্বাদ দিলে অন্য২ খালেও গবর্ণমেণ্টের তদ্রূপ মাসুল আদায় করিতে পারিবার কথা।]

৩ ধারা। বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বারা সম্পূর্ণরূপে

of Behgal to levy Tolls, at rates not exceeding those prescribed in the Schedule to this Act, on all vessels or boats in what manner soever they may be propelled, and on all flats, rafts, and floats passing through any other Canals, Khaals, or Nullahs, excavated or made or kept navigable in whole or in part by the said Government within the tidal limits of the Bay of Bengal. Provided that before the Government shall commence to levy any Toll under the provision of this Section, three months' previous notice shall be given in the *Government Gazette* of the intention to levy such Tolls and of the rates and places at which such Tolls are to be levied.

কি অংশমতে কাটা কি প্রস্তুত কি রক্ষিত অন্য যে কোন খাল কি নালা বঙ্গোপসাগরের জোয়ার ভাটার সীমার মধ্যে থাকে, এমত কোন খাল দিয়া দাঁড়েতে কি অন্য কোন প্রকারে চালিত যে সকল জাহাজ কি নৌকাদি ও যে সকল অঙ্ক বোট ও ভেলা ও মাড় গমনাগমন করে, তাহার উপরও বঙ্গদেশের গবর্ণমেণ্ট এই আইনের তফসিলের নির্দ্দিষ্ট হারের অনধিক হারে মাসুল ধার্য্য করিতে পারিবেন। কিন্তু এই ধারার বিধানমতে কোন মাসুল আদায় করণের পূর্ব্বে গবর্ণমেণ্ট সেই মাসুল আদায় করণের মনস্থের, ও যে২ স্থানে যে হারে সেই মাসুল আদায় হইবেক তাহার সম্বাদ, তিন মাস থাকিতে গবর্ণমেণ্ট গেজেট প্রকাশ করিবেন ইতি।

[The Tolls to be collected by an Officer to be appointed by Government or by a farmer.]

IV. The duty of collecting Tolls under this Act shall be performed by such Officer or Officers as shall be appointed by the Government of Bengal for that purpose, and it shall be lawful for any such Officer or Officers, with the sanction of the Government of Bengal, to farm out the collection of the Tolls to any person or persons: and the person or persons to whom the same may be farmed out shall have full power in all respects to collect and realize the same in like manner as any Officer appointed for that purpose by Government might collect and realize them.

গবর্ণমেণ্টের নিযুক্ত কার্য্যকারকের কি ইজারদারের দ্বারা মাসুল আদায় হইবার কথা।

৪ ধারা। বঙ্গদেশের গবর্ণমেণ্ট এই আইনমত মাসুল আদায় করণার্থে যে কার্য্যকারককে কি কার্য্যকারকদিগকে নিযুক্ত করেন তাঁহারদের দ্বারা ঐ মাসুল আদায়ের কার্য্য নির্ব্বাহ হইবেক। ও সেই কার্য্যকারক কি কার্য্যকারকেরা বঙ্গদেশের গবর্ণমেণ্টের অনুমতিক্রমে সেই মাসুল আদায়ের কার্য্য কোন ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে ইজারা দিতে পারিবেন। তাহাতে ঐ মাসুল আদায়ের কার্য্যেতে গবর্ণমেণ্টের নিযুক্ত কোন কার্য্যকারক যে প্রকারে ঐ মাসুল সংগ্রহ ও আদায় করিতে পারেন, যে ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে উক্ত ইজারা দেওয়া যায়, তিনি কি তাঁহারাও সর্ব্বতোভাবে তদ্রূপ তাহা সংগ্রহ ও আদায় করিতে সম্পূর্ণরূপে ক্ষমতাপন্ন হইবেন।

[Notifications of the Tolls to be exposed to view at all Toll houses.]

V. Notifications of the rates of Toll and of the places of collection shall be at all times exposed to public view at every Toll house where Tolls are levied under this Act, in the English, Persian, and Bengalee tongues.

[মাসুলের জ্ঞাপনপত্র সকল মাসুল চৌকীর প্রকাশ স্থানে লটকাইবার কথা।]

৫ ধারা। যে হারে ও যে২ স্থানে মাসুল লওয়া যাইবে ইহার জ্ঞাপনপত্র, যে২ মাসুল চৌকীতে এই আইনমতে মাসুল আদায় হইবে, সেই২ চৌকীতে ইঙ্গরেজী ও পারসী ও বাঙ্গলা ভাষাতে সকল লোকের দৃষ্টিগোচর স্থানে সর্ব্বদা লটকান থাকিবে ইতি।

[Payment of Tolls enforced by seizure and sale of boat, &c.]

VI. If the Toll due under the provisions of this Act in respect of any vessel, boat, flat, raft, or float shall not be paid on demand to the person authorized to receive the same, it shall be lawful for such person to seize such vessel, boat, flat, raft, or float and the cargo thereof, and to detain the same; and if the said Toll shall have been paid upon any day before the tenth day after such seizure, then the said vessel, boat, flat, raft, or float shall be released, or if not paid within the said ten days, it shall be lawful for such person with the sanction of the Officer or Officers appointed by the Government of Bengal under Section IV. of this Act, to sell the property seized, or so much thereof as shall be necessary for the purpose of satisfying the Toll which may be due, and also of defraying the expenses of seizure and detention: and in every such case, so much of the property seized as has not been sold, and so much of the price of the property sold as is in excess of the sum necessary for satisfying the Toll which is due, and for defraying the expenses of seizure and detention, shall be returned to the owner of the vessel, boat, raft, or float.

[নৌকাদি ধৃত হইয়া বিক্রয় করণদ্বারা মাসুলের টাকা আদায় করণের কথা।]

৬ ধারা। এই আইনমতে কোন জাহাজের কি নৌকার কি অঙ্ক বোটের কি ভেলার কি মাড়ের উপর যে মাসুল দিতে হয়, সেই মাসুল দাওয়া হইলেই যদি গ্রহণ করিবার ক্ষমতাপন্ন ব্যক্তিকে না দেওয়া যায়, তবে সেই ব্যক্তি ঐ জাহাজ কি নৌকা কি অঙ্ক বোট কি ভেলা কি মাড় ও তাহার বোঝাই মাল ধরিয়া আটক করিয়া রাখিতে পারিবেন। ও ধৃত হইবার পর দশম দিনের পূর্ব্ব কোন দিনে যদি সেই মাসুল দেওয়া যায়, তবে সেই জাহাজ কি নৌকা কি অঙ্ক বোট কি ভেলা কি মাড় মুক্ত করা যাইবে। যদি উক্ত দশ দিনের মধ্যে না দেওয়া যায়, তবে সেই ব্যক্তি বঙ্গদেশের গবর্ণমেণ্টের এই আইনের ৪ ধারামতের নিযুক্ত কার্য্যকারকের কি কার্য্যকারকেরদের অনুমতিক্রমে ঐ ধৃত বস্তু বিক্রয় করিতে পারিবেন, কিম্বা তাহার যে অংশ বিক্রয় করিলে ঐ প্রাপ্য মাসুল আদায় হইতে পারে, ও তাহা ধরিয়া আটক করিয়া রাখিবার খরচ শোধ হইতে পারে সেই অংশ বিক্রয় করিতে পারিবেন। ও তদ্রূপ প্রত্যেক স্থলে ঐ ধৃত বস্তুর যে অংশ বিক্রয় হয়, নাই তাহা, ও বিক্রীত বস্তুর মূল্য হইতে প্রাপ্য মাসুল আদায়ের ও সেই বস্তু ধরিয়া আটক রাখিবার খরচ শোধের জন্যে যত টাকা আবশ্যক, তদ্ভিন্ন অবশিষ্ট টাকা ঐ জাহাজের কি নৌকার কি ভেলার কি মাড়ের স্বামিকে ফিরিয়া দেওয়া যাইবেক ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ১৭ জুন।]

[Forfeiture of boat for evading Toll or resisting seizure.]

VII. If any person in charge of any vessel, boat, flat, raft, or float shall attempt to evade payment of the Toll due thereon, or shall resist a seizure made by the authority, and under the circumstances hereinbefore described, such vessel, boat, flat, raft, or float and the cargo thereof shall be forfeited to the Government under orders of the Officer or Officers appointed by the Government of Bengal under Section IV. of this Act, subject to appeal to the Commissioner of Revenue and Police of the Division.

[Indemnity to Officers of Department of Public Works.]

VIII. All Officers of, or attached to the Department of Public Works are hereby indemnified for all acts done by them, or any of them, in the collection heretofore of any Tolls on the Canals, Khaals, or Nullahs mentioned in Section II. of this Act.

[Act to take effect from 1st June 1862.]

IX. This Act shall come into operation on the 1st day of June 1862.

SCHEDULE OF RATES.

On all budgerows, pinnaces, bauleahs or paunsways, whether with passengers or empty ...	4 Annas per oar.
On Salt per 100 maunds as per challaun ...	1 Rupee 1 Anna.
On vessels, boats, or of flats burden, empty ...	4 Annas per 100 maund burden of the vessel, boat, or flat.
On baggage boats, and boats laden with rice, paddy, and grain of all kinds, or earthenware ...	8 Annas per 100 maunds burden of the boat.
On vessels, boats, or flats laden with any other articles than those before specified ...	1 Rupee per 100 mds. burden of the vessel, boat, or flat.
On Saul, Sissoo, and all other timbers in rafts	2 Annas per timber.
On bamboos in floats ...	4 Annas per 100 Bamboos.
On small boats proceeding with articles for sale or barter at hauts, bazars, or gunges, near the banks of the Nullah and not passing through it ...	2 Annas on each boat going and returning.

A. G. MACPHERSON,
Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

[*Government Gazette*, 17*th June*, 1862.] 3 M 2

[মাসুল না দিবার উদ্যোগ কি নৌকাদি ধৃত হওয়ার বাধা হইলে জব্দ হওয়ার কথা।]

৭ ধারা। কোন জাহাজ কি নৌকা কি অঙ্ক বোট কি ভেলা কি মাড় যে ব্যক্তির জিম্মায় থাকে তিনি যদি ঐ নৌকাপ্রভৃতির মাসুল না দিবার উদ্যোগ করেন, কিম্বা পূর্ব্বোক্ত কার্য্যকারক পূর্ব্বোক্ত গতিকে সেই নৌকাদি ধরিতে গেলে যদি তাহার বাধা করেন, তবে বঙ্গদেশের গবর্ণমেণ্টের এই আইনের ৪ ধারামতের নিযুক্ত কার্য্যকারকের কি কার্য্যকারকেরদের আজ্ঞাক্রমে সেই জাহাজ কি নৌকা কি অঙ্ক বোট কি ভেলা কি মাড় গবর্ণমেণ্টে জব্দ হইবেক। কিন্তু তাঁহার সেই আজ্ঞার উপর ঐ এলাকার রাজস্বের ও পোলীসের কমিস্যনর সাহেবের নিকটে আপীল হইতে পারিবেক ইতি।

[পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের কার্য্যকারকদিগকে নির্দ্দোষ করিবার কথা।]

৮ ধারা। পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের কি সেই ডিপার্টমেণ্টে নিযুক্ত কার্য্যকারকেরা কিম্বা তাঁহারদের কোন কেহ এই আইনের ২ ধারার লিখিত খালে কি নালাতে ইতিপূর্ব্বে কোন মাসুল আদায় করণার্থে যে সকল কার্য্য করিয়াছেন তাহার নিমিত্তে এই ধারাক্রমে তাঁহারদিগকে নির্দ্দোষ করা যাইবেক ইতি।

[১৮৬২ সালের ১ জুন তারিখঅবধি এই আইন প্রচলিত হইবার কথা।]

৯ ধারা। এই আইন ১৮৬২ সালের জুন মাসের ১ তারিখঅবধি প্রচলিত হইবেক ইতি।

মাসুলের হারের তফসীল।

বজরা ও পিনিস ও ভাউলিয়া ও পান্সিতে চড়নদার থাকিলে কি না থাকিলেও তাহার দাঁড় প্রতি	।০
নিমকের চালানে যত মোন লেখা থাকে তাহার ১০০/ মোন প্রতি ...	১/ টাকা।
জাহাজ কি নৌকা কি মাল বহিবার অঙ্ক বোট খালি হইলে	ঐ জাহাজ কি নৌকা কি বোটে যত মোন ধরে তাহার ১০০/ মোন প্রতি ।০
মালের নৌকা ও চাউল ধান্যপ্রভৃতি শস্য ও মাটির পাত্র বোঝাই নৌকার	বোঝাই দ্রব্যের ১০০/ মোন প্রতি ॥০
পূর্ব্বোক্ত মালভিন্ন অন্য মাল বোঝাই জাহাজ কি নৌকা কি অঙ্ক বোটের ...	ঐ জাহাজ কি নৌকা কি বোটের বোঝাই মালের ১০০/ মোন প্রতি ১৲ টাকা।
শাল ও সিসু ও অন্য সকল প্রকারের গুঁড়ি কাষ্ঠের ভেলার	কাড় প্রতি ৵০
বাঁশের মাড়ের	১০০ বাঁশ প্রতি ।০
নালার তীরে কোন হাটে কি বাজারে কি গঞ্জে বিক্রয়ার্থে দ্রব্য লইয়া গমনাগমনকারি ক্ষুদ্র নৌকা যদি নালার বাহিরে না যায় তবে	গমন কি প্রত্যাগমনকারি প্রত্যেক নৌকার ৵০

এ জি মাকফরসন।
লেজিস্লেটিব ডিপার্টমেণ্টে
বঙ্গ দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

THE following Bill was read in the Council of the Lieutenant Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 15th March 1862, and was referred to a Select Committee who are to report thereon after the 19th April next:—

A Bill to amend the law relating to the appointment of Registers of Deeds, and for the establishment of Deputy Register Offices.

[Preamble.]

WHEREAS it is expedient to amend the law relating to the appointment of Registers of Deeds subject to the Government of Bengal; and whereas the establishment of Deputy Register Offices will be attended with convenience to the public; and whereas instances have occurred of persons exercising the office of Register of Deeds, whose appointment to such office was not strictly according to law; It is enacted as follows:—

[The Lieutenant Governor shall appoint "District Registers."]

I. The Lieutenant Governor of Bengal may, in each and every Zillah or District of the Provinces subject to the Government of Bengal, appoint any person whom he may think fit to be a Register of Deeds under the provisions of Regulation XXXVI. 1793, and Section XXXII. of Regulation XII. 1805, and Act XXX. of 1838, or of any or either of them. Every Register so appointed shall be styled the "District Register" of the District to which he is appointed, and his Office shall be styled the "District Register Office."

[The Lieutenant Governor may appoint "Deputy Registers."

II. The Lieutenant Governor of Bengal may establish subordinate Offices of Registry at such places as shall to him seem proper, and every such subordinate Office shall be styled a "Deputy Register Office" of the District in which it is situated: and the Lieutenant Governor of Bengal may appoint any person whom he may think fit to superintend such "Deputy Register Office," and the person so appointed shall be styled a "Deputy Register" of the District to which the Office which he superintends belongs.

[Limits of sub-division for Deputy Register Offices to be fixed by Government.]

III. The Lieutenant Governor of Bengal shall fix the limits of the various sub-divisions to which the Deputy Register Offices are attached, and may, from time to time, alter the limits of such sub-divisions.

[Fees to be paid, and registration to be effected, as provided by the existing Regulations and Acts.]

IV. Except as in this Act provided, the registration of Deeds at any "Deputy Register Office," shall be made subject to all the existing rules and provisions now in force as to payment of fees, and

আইনের এই মুসাবিদা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর্ সাহেবের আইন ও ব্যবস্থাকরণার্থ কৌন্সেলে ১৮৬২ সালের ১৫ মার্চ তারিখে পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। তাঁহারা আগামি আপ্রিল মাসের ১৯ তারিখের পর তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

দলীলদস্তাবেজের রেজিষ্টরদিগকে নিযুক্ত করণের আইন সংশোধন করিবার ও ডেপুটী রেজিষ্টরের আফিস স্থাপন করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীনে দলীলদস্তাবেজের রেজিষ্টরদিগকে নিযুক্ত করণের আইন সংশোধন করা বিহিত। ও ডেপুটী রেজিষ্টরের আফিস স্থাপন করিলে সাধারণ লোকেরদের অনেক সুবিধা হইতে পারে। ও যাঁহারা দলীলদস্তাবেজের রেজিষ্টরী কর্ম্মে আইনানুসারে দৃঢ়মতে নিযুক্ত হন নাই, এমন কএক ব্যক্তি সেই পদের কর্ম্ম কখন২ নির্ব্বাহ করিয়াছেন। এই কারণে এই২ বিধান হইতেছে।

[জিলার রেজিষ্টরদিগকে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর্ সাহেবের নিযুক্ত করিবার কথা।]

১ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর্ সাহেব বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন প্রত্যেক জিলার মধ্যে যাঁহাকে উপযুক্ত বোধ করেন তাঁহাকে ১৭৯৩ সালের ৩৬ আইনের ও ১৮০৫ সালের ১২ আইনের ৩২ ধারার ও ১৮৩৮ সালের ৩০ আইনের কিম্বা ইহার মধ্যে কোন আইনের বিধানমতে দলীলদস্তাবেজের রেজিষ্টরস্বরূপ নিযুক্ত করিতে পারিবেন। তদ্রূপে যে প্রত্যেক রেজিষ্টর নিযুক্ত হইবেন তিনি যে জিলাতে নিযুক্ত হন সেই "জিলার রেজিষ্টর" নামে খ্যাত হইবেন, ও তাহার আফিসের নাম "জিলার রেজিষ্টরী আফিস" হইবেক ইতি।

[ডেপুটী রেজিষ্টরদিগকে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর্ সাহেবের নিযুক্ত করিবার কথা।]

২ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর্ সাহেব যে২ স্থান উপযুক্ত বোধ করেন সেই২ স্থানে রেজিষ্টর করিবার অধঃস্থ আফিস স্থাপন করিবেন। ও তদ্রূপ অধঃস্থ প্রত্যেক আফিস যে জিলাতে স্থাপন হয় সেই জিলার "ডেপুটী রেজিষ্টরী আফিস" নামে খ্যাত হইবেক। ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর্ সাহেব যাঁহাকে উপযুক্ত বোধ করেন এমত কোন ব্যক্তিকে ঐ "ডেপুটী রেজিষ্টরী আফিসের" তত্ত্বাবধারণের কার্য্যে নিযুক্ত করিতে পারিবেন। ও তদ্রূপ নিযুক্ত ব্যক্তি যে আফিসের তত্ত্বাবধারণ করেন তাহা যে জিলার মধ্যে থাকে তিনি সেই জিলার "ডেপুটী রেজিষ্টর" নামে খ্যাত হইবেন ইতি।

[ডেপুটী রেজিষ্টরী আফিসের জিলাখণ্ডের সীমা গবর্ণমেণ্টের দ্বারা নিরূপিত হইবার কথা।]

৩ ধারা। ডেপুটী রেজিষ্টরী আফিস যে২ জিলাখণ্ডে স্থাপিত হইবে তাহার সীমা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর্ সাহেব নির্দ্ধার্য্য করিবেন, ও সময়ে২ সেই জিলাখণ্ডের সীমা পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি।

[প্রচলিত আইন ও আক্টের বিধানমতে ফীস দিতে হইবার ও রেজিষ্টরী হইবার কথা।]

৪ ধারা। এই আইনের বর্জ্জিত স্থলভিন্ন, দলীলের রেজিষ্টরী করণার্থে ফীস দিবার বিষয়ে ও তৎসম্পর্কীয় অন্য সকল বিষয়ে যে সকল নিয়ম ও বিধি এইক্ষণে

as to all other matters connected with the registration of Deeds.

[Section 15 Regulation XXXVI. 1793, &c. not applicable to Deputy Registers and their Offices.]

V. Section XV. Regulation XXXVI. 1793, and Clauses 2 and 3 Section VI. of Regulation XX. 1812, shall not be applicable to Deputy Register Offices and Deputy Registers for the registry of Deeds under this Act.

[Register to satisfy himself as to the identity of persons appearing before him, and to certify on the deed that he is satisfied.]

VI. Every Register whether of a District or of a Deputy Office shall, before registering a Deed, satisfy himself as to the identity of the persons, whether parties or witnesses, who shall appear before him for the purpose of having it registered. If the parties or witnesses are not personally known to him, he shall require them to establish their identity by the evidence of some credible person who is personally known to him: and upon every Deed which he registers, every Register shall write a certificate to the effect either that he personally knew the parties and witnesses who appeared before him or that their identity was established to his satisfaction by credible persons whom he knew. And no registration of any Deed shall be held valid or of any effect unless such Deed bear upon it such certificate of the Registering Officer made by him upon it at the time of registration.

[In case of death or absence on leave of Register, some person to be appointed to temporary charge of Register Office.]

VII. In case of the death or absence on leave or otherwise of any District Register or Deputy Register, it shall be lawful for the Zillah Judge or other Officer specially authorised by Government in that behalf, to appoint any person whom he may think proper to take temporary charge of the Office of such District Register or Deputy Register, and to register Deeds in the same manner as if such person had been appointed to the office by the Lieutenant Governor of Bengal.

[Deeds may be registered in any Office wherever the land is.]

VIII. Deeds may be registered in any District Register Office or in any Deputy Register Office established under this Act, whether such Office be or be not in the District or sub-division where the property to which such Deeds relate, or any part thereof is situated.

[Deputy Register to forward a copy to District Register.]

IX. Whenever a Deed is registered in any Deputy Register Office, it shall be the duty of the Deputy Register of that Office to forward to the District Register Office to which he is subordinate, a copy of the Deed as registered and endorsed in his Office. Such copy shall be furnished and attest-

প্রচলিত আছে তদনুসারে কোন ডেপুটী রেজিষ্টরী আফিসে দলীল রেজিষ্টরী করা যাইবেক ইতি।

[১৭৯৩ সালের ৩৬ আইনের ১৫ ধারাপ্রভৃতি ডেপুটী রেজিষ্টরেরদের ও তাঁহারদের আফিসের প্রতি না খাটিবার কথা।]

৫। ১৭৯৩ সালের ৩৬ আইনের ১৫ ধারা ও ১৮১২ সালের ২০ আইনের ৬ ধারার ২ ও ৩ প্রকরণ এই আইনমতে দলীলদস্তাবেজ রেজিষ্টরী করণার্থে ডেপুটী রেজিষ্টরী আফিসের ও ডেপুটী রেজিষ্টরেরদের প্রতি খাটিবে না ইতি।

[রেজিষ্টর করিবার জন্যে যাঁহারা যান তাঁহাদের অনন্যতা বিষয়ে রেজিষ্টরের হুদ্বোধ হইলে সর্টিফিকট লিখিবার কথা।]

৬ ধারা। কোন দলীলের যে মুখ্য ব্যক্তিরা কি সাক্ষিরা ঐ দলীল রেজিষ্টরী করিবার জন্যে কোন জিলার কি ডেপুটী আফিসের রেজিষ্টরের সম্মুখে উপস্থিত হন তাঁহারা প্রকৃত ব্যক্তি বটেন এই বিষয়ে ঐ রেজিষ্টর হুদ্বোধমতে জ্ঞাত হইবেন। ঐ মুখ্য ব্যক্তি কি সাক্ষিরা যদি তাঁহার পরিচিত লোক না হন, তবে তিনি তাঁহারদিগকে আপনার পরিচিত কোন বিশ্বাসযোগ্য ব্যক্তির প্রমাণে আপনারদের অনন্যতা সাব্যস্ত করিতে আজ্ঞা করিবেন। ও প্রত্যেক রেজিষ্টর যে প্রত্যেক দলীল রেজিষ্টরী করেন তাহার উপর এই মর্ম্মের সর্টিফিকট লিখিবেন, যে আমার সম্মুখে যে মুখ্য ব্যক্তিরা ও সাক্ষিরা উপস্থিত হইলেন তাঁহারা আমার পরিচিত লোক। অথবা লিখিবেন, আমার পরিচিত বিশ্বাসযোগ্য ব্যক্তিরদের প্রমাণে তাঁহারদের অনন্যতা আমার হুদ্বোধমতে সাব্যস্ত হইল। ঐ রেজিষ্টরকারি কর্ম্মকারক যে সময়ে কোন দলীল রেজিষ্টরী করেন সেই সময়ে যদি সেই দলীলের উপর তাঁহার লিখিত উক্ত প্রকারের সর্টিফিকট না থাকে, তবে সেই রেজিষ্টরী অসিদ্ধ ও নিষ্ফল হইবে ইতি।

[রেজিষ্টর মরিলে কি ছুটী লইয়া অনুপস্থিত থাকিলে কোন ব্যক্তির কিয়ৎকালের নিমিত্তে ঐ রেজিষ্টরী আফিসের তত্ত্বাবধারণের কার্য্যে নিযুক্ত হইবার কথা।]

৭ ধারা। যখন কোন জিলার রেজিষ্টর কি ডেপুটী রেজিষ্টর মরেন কিম্বা ছুটী লইয়া কি প্রকারান্তরে অনুপস্থিত থাকেন, তখন জিলার জজ সাহেব কিম্বা তৎকার্য্যার্থে গবর্ণমেণ্টদ্বারা বিশেষমতের ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক সাহেব যাঁহাকে উপযুক্ত বোধ করেন এমত কোন ব্যক্তিকে ঐ জিলার রেজিষ্টরী কি ডেপুটী রেজিষ্টরী আফিসের কর্ম্মের ভার কিয়ৎকালের নিমিত্তে গ্রহণার্থে, ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবকর্ত্তৃক নিযুক্ত হওয়ার তুল্যমতে দলীল রেজিষ্টরী করণার্থে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[ভূমি যে কোন স্থানে হউক তাহার দলীল কোন আফিসে রেজিষ্টর করিতে পারিবার কথা।]

৮ ধারা। দলীল যে ভূমির বিষয়ের হয় তাহার সমুদয় কি কোন অংশ যে জিলার কি জিলাখণ্ডের অন্তর্গত হউক, সেই দলীল এই আইনমতের স্থাপিত সেই কি অন্য কোন জিলার রেজিষ্টরী আফিসে কি ডেপুটী রেজিষ্টরী আফিসে রেজিষ্টর হইতে পারিবেক ইতি।

[ডেপুটী রেজিষ্টরের এক কেতা নকল জিলার রেজিষ্টরের নিকটে পাঠাইবার কথা।]

৯ ধারা। যখন কোন দলীল কোন ডেপুটী রেজিষ্টরী আফিসে রেজিষ্টর করা যায়, তখন ঐ আফিসের ডেপুটী রেজিষ্টর আপন আফিসে রেজিষ্টরী করা সেই দলীলের নকল করাইয়া তাহা ইণ্ডার্স করিয়া আপনি যে জিলার রেজিষ্টরী আফিসের অধীনে থাকেন সেই আফিসে পাঠাইবেন। ১৮১২ সালের ২০ আইনের

ed as prescribed in Clause I. Section II. Regulation XX. 1812, and the District Register, on receiving such copy, shall register the same, as if it had been presented to him in the first instance by the party registering. For every such copy required for transmission to the District Register Office as aforesaid, the party registering shall pay half the fee payable for registration in the first instance. And every person shall, at the same time that he pays the usual fee for registration in the Deputy Register Office, also pay the half fee required for the copy to be forwarded to the District Register Office.

২ ধারার ১ প্রকরণের নির্দ্দিষ্টমতে সেই নকল দেওয়া যাইবেক ও তাহাতে স্বাক্ষর করা যাইবেক। ও জিলার রেজিষ্টর সেই নকল প্রাপ্ত হইলে, ঐ রেজিষ্টরী করণিয়া ব্যক্তির দ্বারা আদৌ তাঁহার নিকটে উপস্থিত করা-গেলে যেরূপে করিতেন সেইরূপে তাহা রেজিষ্টর করিবেন। তদ্রূপ যে প্রত্যেক নকল উক্ত প্রকারে জিলার রেজিষ্টরী আফিসে পাঠাইতে হইবেক তাহার জন্যে রেজিষ্টরী করণিয়া ব্যক্তির আদৌ রেজিষ্টরী করণের যত ফীস দিতে হয়, তাহার অর্দ্ধেক দিতে হইবেক। ও কোন ব্যক্তি রেজিষ্টরী করণের ফীস যে সময়ে ডেপুটী রেজিষ্টরী আফিসে রীতিমতে দেন, সেই সময়ে জিলার রেজিষ্টরী আফিসে ঐ দলীলের নকল পাঠাইবার জন্যে ঐ ফীসের অর্দ্ধেকও দিবেন ইতি।

[If the property be situated in different Districts, a copy to be sent to each District Officer.]

[সম্পত্তি ভিন্ন২ জিলাতে থাকিলে দলীলের নকল ঐ প্রত্যেক জিলার কার্য্যকারকের নিকটে পাঠাইবার কথা।]

X. When the whole of the property to which a Deed relates is not situated within the District to the Register Office of which the Deputy Register Office in which the Deed is registered is subordinate, it shall further be the duty of the Deputy Register of such last mentioned Office to forward a copy of the Deed as registered and endorsed in his Office, to the District Register Office of the District in which the whole or any part of such property is situated, or to each of the District Register Offices of the Districts in which the whole or any part of such property is situated, if it be situated in more than one District. Such copies or copy shall be furnished and attested as prescribed in Clause 1 Section II. of Regulation XX. 1812; and every District Register receiving a copy so forwarded, shall duly register it, as if it had been presented to him in the first instance by the party registering. For every such copy required for transmission to any other District Register Office as aforesaid, the party registering shall pay the usual fee payable on registration.

১০ ধারা। কোন দলীল যে ডেপুটী রেজিষ্টরী আফিসে রেজিষ্টর করা যায় তাহা যে জিলার রেজিষ্টরী আফিসের অধীনে থাকে সেই জিলার মধ্যে যদি দলীলের লিখিত সমুদয় সম্পত্তি না থাকে তবে ঐ ডেপুটী রেজিষ্টরী আফীসের ডেপুটী রেজিষ্টরের কর্ত্তব্য যে আপনার আফিসে রেজিষ্টরী করা ঐ দলীলের নকল ইণ্ডার্স করিয়া, ঐ সম্পত্তির সমুদয় কি কোন অংশ যে জিলার অন্তর্গত থাকে সেই জিলার রেজিষ্টরী আফিসে কিম্বা ঐ সম্পত্তি ভিন্ন২ জিলায় থাকিলে তাহার সমুদয় কি কোন অংশ যে২ জিলার অন্তর্গত থাকে সেই প্রত্যেক জিলার রেজিষ্টরী আফিসে পাঠান। ১৮১২ সালের ২০ আইনের ২ ধারার ১ প্রকরণের নির্দ্দিষ্টমতে ঐ নকল কি এই নকল লিখিত হইয়া স্বাক্ষর করা যাইবে, ও কোন জিলার রেজিষ্টর উক্ত প্রকারের প্রেরিত নকল প্রাপ্ত হইলে, ঐ দলীল রেজিষ্টরীকরণিয়া ব্যক্তি আদৌ তাঁহার নিকটে উপস্থিত করিলে তিনি যে প্রকারে তাহা রেজিষ্টর করিতেন সেই প্রকারে উপযুক্তমতে রেজিষ্টর করিবেন। পূর্ব্বোক্তমতে অন্য কোন জিলার রেজিষ্টরী আফিসে পাঠাইবার জন্যে যে প্রত্যেক নকল করা হয়, তাহার রেজিষ্টরী করণের যত ফীস দিতে হয় ঐ রেজিষ্টরীকরণিয়া ব্যক্তির তত ফীস দিতে হইবেক ইতি।

[All fees received are to be credited to Government. Government to pay Registers' Salaries thereout.]

ফীসের টাকা গবর্ণমেণ্টের নামে জমা হইবার ও তাহাহইতে রেজিষ্টরেরদের বেতন দিবার কথা।]

XI. All fees received by any District Register or Deputy Register of Deeds appointed under this Act, shall be credited to Government in such manner as the Government may direct, and out of the fees so credited, whether received by one Office or by more than one Office, the Government shall pay to the District Registers and Deputy Registers so appointed as aforesaid, such salaries as it shall think proper.

১১ ধারা। দলীলের এই আইনমতে নিযুক্ত কোন জিলার রেজিষ্টর কি ডেপুটী রেজিষ্টর যে সকল ফীস প্রাপ্ত হন তাহা গবর্ণমেণ্টের নিয়মমতে গবর্ণমেণ্টের নামে জমা হইবেক, ও সেই ফীস একি আফিসে কি একের অধিক আফিসেও প্রাপ্তহওয়া গেলে তাহা উক্ত প্রকারে জমা হইলে, গবর্ণমেণ্ট সেই ফীসহইতে উক্ত প্রকারের নিযুক্ত জিলার রেজিষ্টরেরদের ও ডেপুটী রেজিষ্টরেরদের যত বেতন উপযুক্ত জ্ঞান করেন তত দিবেন ইতি।

[Government to allow to the Register Offices suitable Establishments and to pay for them out of the fee fund.]

[রেজিষ্টরী আফিসে গবর্ণমেণ্টের উপযুক্ত আমলাগণকে রাখিবার ও ফী ফণ্ডহইতে তাহারদের বেতন দিবার কথা।]

XII. So much of Section XIV. of Regulation XXXVI. 1793 as provides that from the fees in that Section mentioned, the Register shall provide the necessary Native Officers to make the entries and copies directed as well as the required stationery, is hereby repealed as regards all District Registers and Deputy Registers appointed under

১২ ধারা। ১৭৯৩ সালের ৩৬ আইনের ১৪ ধারাতে বিধান হইয়াছে যে ঐ আইনের নির্দ্দিষ্ট কথা লিখিবার ও নকল করিবার জন্যে যত জন আমলাকে রাখিবার আবশ্যক ও যে কাগজ কলমাদির প্রয়োজন হয় তাহার খরচ রেজিষ্টর, ঐ ধারার নির্দ্দিষ্ট ফীসহইতে দিবেন। এই আইনমত নিযুক্ত সকল জিলার রেজিষ্টর ও ডেপুটী রেজিষ্টর সম্পর্কে সেই ধারা

this Act; and it is hereby provided that the Government may allow such Establishments to the several District Registers and Deputy Registers appointed under this Act as may be necessary for the efficient conduct of the duties of their respective offices, and the cost of such Establishments shall be paid by Government out of the fees credited as directed in the last preceding Section, and all the expenses connected with the said District and Deputy Register Offices respectively, including the supply and safe custody of Register Books, shall be defrayed by Government out of the said fee fund.

[At the close of the year the Deputy Register is to make over all books to District Register.]

XIII. Every Deputy Register shall, at the close of each year, forthwith make over all the Register Books of the Office of which he has charge for the immediately preceding year, to the District Register to whom he is subordinate, and such District Register shall at once deposit, and thenceforth keep the Books so made over to him among the records of his Office.

[Acts done by Registers not legally appointed, declared to be valid and legal *ab initio*.]

XIV. All registrations of Deeds which may have been made by any Officer holding the Office of Register of Deeds, in any of the Provinces subject to the Government of Bengal, although he may not have been legally appointed to such office, and all acts done by such Officer, are hereby declared to be and to have always been valid and good in all respects, as if such Officer had been legally appointed at the time of making the registrations or doing the acts.

A. G. Macpherson,
Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

বদ হইয়া এই ধারাতে বিধান হইল যে, এই আইনমত নিযুক্ত নানা জিলার রেজিষ্টরেরদের ও ডেপুটী রেজিষ্টরেরদের পদের কর্ম্ম সফলরূপে নির্ব্বাহ করিবার জন্যে যত জন আমলার প্রয়োজন থাকে তত জনকে রাখিতে গবর্ণমেণ্ট অনুমতি দিতে পারিবেন। ও ইহার পূর্ব্বের ধারাক্রমে যে ফীস জমা হয় তাহাহইতে গবর্ণমেণ্ট ঐ কর্ম্মকারকেরদের খরচ দিবেন। ও রেজিষ্টরী বহী আনাইবার ও নির্ব্বিঘ্নরূপে রক্ষা করিবার খরচপ্রভৃতি যত খরচ উক্ত জিলার ও ডেপুটী রেজিষ্টরী আফিসসম্পর্কে হয়, সেই সমুদয় খরচ গবর্ণমেণ্ট ঐ ফীসের তহবীলহইতে দিবেন ইতি।

[বৎসরের শেষে ডেপুটী রেজিষ্টরের সকল বহী জিলার রেজিষ্টরদিগকে দিবার কথা।]

১৩ ধারা। প্রত্যেক জন ডেপুটী রেজিষ্টরের হাতে যে সকল রেজিষ্টরী বহী যে বৎসরে থাকে, সেই বৎসরের শেষে তিনি সেই সকল বহী আপনি যে জিলার রেজিষ্টরের অধীন থাকেন তাঁহার নিকটে অবিলম্বে পাঠাইবেন। ও সেই জিলার রেজিষ্টর উক্ত প্রকারের অর্পিত বহী প্রাপ্ত হইলেই আপন আফিসের নিরিশতায় অর্পণ করিয়া তদবধি রাখিবেন ইতি।

[যে রেজিষ্টরেরা আইনমতে নিযুক্ত হন না, তাঁহারদের কর্ম্ম প্রথমাবধি সিদ্ধ ও আইনমত হইবার কথা।]

১৪ ধারা। বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন কোন প্রদেশে কোন কার্য্যকারক দলীল দস্তাবেজের রেজিষ্টরের পদ ধারণ করিয়া সেই পদে আইনমতে নিযুক্ত না হইলেও দলীল রেজিষ্টরী করণের যে কার্য্য ও যে সকল কর্ম্ম করিয়াছেন তদ্বিষয়ে প্রকাশ হইতেছে যে তাঁহার উক্ত সকল কর্ম্ম সর্ব্বতোভাবে সিদ্ধ ও সফল আছে ও সর্ব্বদা ছিল, অর্থাৎ ঐ রেজিষ্টরী করণ কি অন্য কার্য্য করণ কালে তিনি যদি আইনমতে নিযুক্ত হইতেন, তবে সেই কার্য্য যেমন সিদ্ধ ও সফল হইত তেমনি হইবেক ইতি।

এ জি মাকফরসন।
লেজিসলেটিব ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
John Robinson, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 16.

From H. T. Prinsep, Esq., Register of the Sudder Dewanny Adawlut, to the Civil Authorities in the Lower Provinces.

Dated Calcutta, the 5th May, 1862.

A reference having been made to the Court regarding the appellate jurisdiction of Zillah Judges under Act X. of 1859, when the territorial jurisdiction of the Civil and Revenue Courts of a district are not identical, I am directed to state for your information and guidance that the Court has ruled that the appellate jurisdiction of a Zillah Judge under Act X. of 1859 is identical with that exercised by him as a Civil Judge; all appeals, therefore, that concern land situated within the jurisdiction of a Collector are cognizable by the Civil Judge within whose jurisdiction the land lies.

[*Government Gazette, 17th June,* 1862.]

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

১৬ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের দেওয়ানীর কার্য্যকারক সাহেবদিগের নিকটে সদর আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টী প্রিন্সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ৫ মে।

কোন জিলার মধ্যে দেওয়ানী ও রাজস্বসম্পর্কীয় আদালতের এলাকা যে স্থলে সমান না হয়, সেই স্থলে ১৮৫৯ সালের ১০ আইনমতে জিলার জজ সাহেবেরদের আপীলী মোকদ্দমা শুনিবার ক্ষমতার বিষয়ে সদর আদালতে জিজ্ঞাসা হইয়াছে। তাহাতে তোমার জ্ঞাপন ও উপদেশার্থে আজ্ঞামতে জানাইতেছি, যে দেওয়ানী মোকদ্দমার বিচারকর্ত্তাস্বরূপে জিলার জজ সাহেবের আপীলী মোকদ্দমা গ্রাহ্য করিবার যে ক্ষমতা আছে, ১৮৫৯ সালের ১০ আইনমতে তাঁহার সেই ক্ষমতা। অতএব কালেক্টর সাহেবের এলাকার অন্তর্গত জমীসম্পর্কীয় যে সকল আপীল হয় তাহা দেওয়ানীর যে জজ সাহেবের এলাকার মধ্যে ভূমি থাকে তাঁহারই গ্রাহ্য হয়।

2. Should in any case it appear that your jurisdiction on appeal is doubtful or disputed, you should proceed according to the provisions of Section 12, Act VIII. of 1859.

(Signed) H. T. PRINSEP,
Register.

No. 17.

From H. T. Prinsep, Esq., Register of the Sudder Dewanny Adawlut, to the Civil Authorities.

Dated Calcutta, the 7th May, 1862.

In continuation of the Circular Order contained in my Memo. No. 13, dated the 26th March last, I am directed to state that all suits for the recovery of possession of land instituted under Section 15, Act XIV. of 1859, should have prompt and immediate attention given to them, and under no circumstances be permitted to remain on the files for more than three months.

2. The attention of all the subordinate courts should be drawn to this instruction.

3. The Court direct me to bring to your notice note (*a*) of Article 11, Schedule B. of Act X. of 1862, which provides the rule by which suits instituted under the Section of the law to which this letter refers are to be valued in future.

(Signed) H. T. PRINSEP,
Register.

২। কোন স্থলে আপীল হইলে যদি তোমার এলাকা সন্দিগ্ধ কি বিবাদীয় বিষয় দৃষ্ট হয়, তবে ১৮৫৯ সালের ৮ আইনের ১২ ধারার বিধানমতে তোমার কার্য্য করা কর্ত্তব্য।

এচ টি প্রিন্‌সেপ।
রেজিষ্টর।

---

১৭ নম্বর।

দেওয়ানীর শ্রীযুত কার্য্যকারক সাহেবের নিকটে সদর দেওয়ানী আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্‌সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ৭ মে।

আমার গত মার্চ মাসের ২৬ তারিখের ১৩ নম্বরের স্মারক লিপিসম্বলিত যে সরক্যুলর অর্ডর প্রকাশ হইয়াছিল তদতিরিক্ত তোমাকে আজ্ঞাক্রমে জানাইতেছি যে ১৮৫৯ সালের ১৪ আইনের ১৫ ধারামতে ভূমির দখল পুনরায় পাইবার যে সকল মোকদ্দমা উপস্থিত করা যায়, তাহাতে ত্বরায় ও অবিলম্বে মনোযোগকরা উচিত ও তদ্রূপ মোকদ্দমা তিন মাসের অধিক কাল তোমার নথীতে কোনক্রমে থাকা উচিত নয়।

২। অধস্থ সকল আদালতকে এই উপদেশে মনোযোগ করাইতে হয়।

৩। ১৮৬২ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ১১ প্রকরণে (ক) চিহ্নিত যে মন্তব্য কথা আছে তদ্বিষয়ে সদর আদালতের সাহেবেরা তোমাকে মনোযোগ করিতে আজ্ঞা করেন। এই পত্রেতে আইনের যে ধারার উল্লেখ হইয়াছে, সেই ধারাক্রমে যে সকল মোকদ্দমা উপস্থিত করা যায় তাহার মূল্যনিরূপণের যে বিধি মানিতে হইবেক তাহা ঐ মন্তব্য কথায় নির্দ্দিষ্ট হইয়াছে।

এচ টি প্রিন্‌সেপ।
রেজিষ্টর।

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 6.

From H. T. Prinsep, Esq., Register of the Sudder Nizamut Adawlut, to the Sessions Judges, in the Lower Provinces.

Dated Calcutta, the 6th May, 1862.

In modification of the orders contained in this Court's Circular No. 26, dated the 20th June 1849, I am directed to inform you that the Court have determined that on any appeal being presented to you for submission to the Sudder Court, if the case so appealed has been tried with the aid of Assessors, all the proceedings connected therewith are to be forwarded as heretofore for the consideration of the Court, in case it may be necessary on a perusal of the petition of appeal to refer to the record. Should you, however, have tried the case with a *Jury* under Section 322 of the Code of Criminal Procedure, it will be necessary only to forward to the Court the petition of appeal.

2. Your special attention is requested to Section 416, which enacts that " every petition of

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

---

৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেবের প্রতি সদর নিজামৎ আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র। কলিকাতা, ১৮৬২ সাল ৬ মে।

এই আদালতের ১৮৪৯ সালের ২০ জুন তারিখের ২৬ নম্বরের সরক্যুলর অর্ডর মতান্তর হওয়াতে তোমাকে সদর আদালতের এই নির্দ্ধারণ আজ্ঞাক্রমে জানাইতেছি। সদর আদালতে অর্পণ করিবার জন্যে কোন আপীল তোমার নিকটে উপস্থিত হইলে, যে মোকদ্দমার উপর ঐ আপীল হয় তাহার বিচার যদি আসেসরেরদের সাহায্যক্রমে হইয়া থাকে, তবে আপীলের দরখাস্ত পাঠ করিবার সময়ে, সকল কাগজপত্র দৃষ্টি করিবার প্রয়োজন হইতে পারে এই কারণে ঐ মোকদ্দমাসম্পর্কীয় সমস্ত কাগজপত্র যেমন পূর্ব্বাবধি আদালতের বিবেচনার্থে পাঠান যাইতেছে তেমনি পাঠাইতে থাকিবা। কিন্তু যদি তুমি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩২২ ধারামতে জুরির দ্বারা ঐ মোকদ্দমার বিচার করিয়া থাক, তবে কেবল আপীলের দরখাস্ত আদালতে প্রেরণ করা প্রয়োজন।

২। তোমাকে ঐ আইনের ৪১৬ ধারাতে বিশেষমতে মনোযোগ করিতে আদেশ হইতেছে। তাহাতে বিধান হইয়াছে যে, যে দণ্ডাজ্ঞার কি হুকুমের উপর আপীল

" appeal shall be accompanied by a copy of the " sentence or order appealed against."

(Signed) H. T. PRINSEP,
Register.

No. 8.

From H. T. Prinsep, Esq., Register of Sudder Nizamut Adawlut, to the Sessions Judges, in the Lower Provinces.

Dated Calcutta, the 10th May, 1862.

The Post Master of Calcutta having drawn attention to the insecure manner in which parcels received from the Mofussil for the Sudder Court are packed sometimes in common *karba*, and sealed with an inferior and brittle description of lac, owing to which the parcels are more or less burst open in transit, I am directed to request that more care may be taken in this matter, and to direct that in future packages be packed in cloth (guzzee) or wax-cloth, and not in paper only, and sealed along the seams with proper wax 3 inches apart.

I am desired to take this opportunity to call your attention to a notice No. 15, dated the 1st instant, issued by the Post Master General of Bengal and published in the *Calcutta Gazette* of the 7th idem (pp. 1817) as to the necessity of making packages sent by Banghy Post water-tight.

(Signed) H. T. PRINSEP,
Register.

No. 323.

From H. T. Prinsep, Esq., Register of the Nizamut Adawlut, to E. Lautour, Esq., Sessions Judge of 24-Pergunnahs.

Dated Calcutta, the 5th May, 1862.

I am directed to acknowledge the receipt of your letter No. 140 dated the 29th March last, enquiring whether under the new Code of Criminal Procedure a Magistrate is competent to tender pardon to a defendant in a case determinable by himself, and in reply to state that the Court are of opinion that a conditional pardon can only be offered by the Magistrate in cases which are either exclusively triable by a Session Court or which are attended with such circumstances of aggravation that looking to the punishment which should be awarded they are in point of fact triable by the Session Court under the schedule annexed to the Code. The *intention to commit* to the Sessions is in fact the test for determining whether a conditional pardon can be granted or not; a Magistrate cannot tender a conditional pardon in any case which he intends to dispose of himself.

(Signed) H. T. PRINSEP,
Register.

হয় তাহার নকলও আপীলের দরখাস্তের সঙ্গে পাঠাইতে হইবেক।

এচ টি প্রিনসেপ।
রেজিষ্টর।

---

৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেবেরদের প্রতি সদর নিজামৎ আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ১০ মে।

মফঃসল দেশহইতে যে সকল পুলিন্দা সদর আদালতের নিমিত্তে পঁহুছে তাহা উপযুক্তমতে বদ্ধ না হইয়া পাঠান গিয়া থাকে। কোন২ সময়ে সামান্য কার্ব্বাতে বদ্ধ হইয়া সামান্য যে লা অনায়াসে ভাঙ্গিতে পারে তাহাদিয়া আঁটা যায়। ইহাতে ঐ পুলিন্দা পথিমধ্যে ন্যূনাধিকরূপে খুলিয়া পড়ে। কলিকাতার পোষ্ট মাষ্টর সাহেব এই বিষয়ে সদর আদালতের মনোযোগ করাইলে আমি আজ্ঞাক্রমে আদেশ করিতেছি যে তুমি এই বিষয়ে পূর্ব্বাপেক্ষা অধিক মনোযোগ কর। ইহার পর যখন পুলিন্দা পাঠাইবা তখন কেবল কাগজে বদ্ধ না করিয়া গজ্জী কি মোমজামাতে বদ্ধ করিবা, ও যে স্থানে যোড় থাকেসেই স্থানে তিন২ বরুল অন্তর ভাল লাহাতে মোহর দিবা।

বঙ্গদেশের পোষ্ট মাষ্টর জেনরল সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখের ১৫ নম্বরের এক ইস্তিহার ঐ মাসের ৭ তারিখের কলিকাতা গেজেটের ১৮১৭ পৃষ্ঠায় প্রকাশ করেন। যাহাদ্বারা যে সকল পুলিন্দা পাঠান যায় তাহাতে জল প্রবেশ করিতে না পারে এমতে বদ্ধ করিবার প্রয়োজনের বিষয় লিখিয়াছেন। তদ্বিষয়ে আমি এই সুযোগমতে তোমাকে মনোযোগ করাইতেছি।

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্টর।

---

৩২৩ নম্বর।

চব্বিশ পরগনার সেশন জজ শ্রীযুত ই লাটুর সাহেবের প্রতি নিজামৎ আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ৫ মে।

আদেশমতে জানাইতেছি যে তোমার গত মার্চ মাসের ২৯ তারিখের ১৪০ নম্বরী পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে। তাহাতে জিজ্ঞাসা করিয়াছ যে মাজিষ্ট্রেট সাহেব আপনি যে মোকদ্দমায় নিষ্পত্তি করিতে পারেন, এমত মোকদ্দমায় তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের নূতন আইনমতে আসামীকে ক্ষমা করিবার প্রস্তাব করিতে পারেন কি না। তদুত্তরে তোমাকে সদর আদালতের এই মত জানাইতেছি। কেবল সেশন আদালতের দ্বারা যে মোকদ্দমার বিচার হইতে পারে সেই মোকদ্দমায়, অথবা যদি কোন মোকদ্দমাঘটিত গুরুতর কোন ব্যাপার থাকে ও তদ্দৃষ্টে যে দণ্ডের আজ্ঞা হওয়া উচিত তদ্বিবেচনায় যদি সেই মোকদ্দমা ঐ নূতন আইনের তফসীলক্রমে ফলিতার্থে সেশন আদালতের বিচার্য্য হয়, তবে সেই মোকদ্দমায়, মাজিষ্ট্রেট সাহেব নিয়মাধীনে ক্ষমার প্রস্তাব করিতে পারিবেন। ফলতঃ সেশন আদালতে সমর্পণ করিবার মনস্থই নিয়মাধীনে ক্ষমা করিতে পারিবার কি না পারিবার মূল কথা। অর্থাৎ মাজিষ্ট্রেট সাহেব যদি আপনি মোকদ্দমা নিষ্পত্তি করিতে মনস্থ করেন, তবে ঐ ক্ষমা করিবার প্রস্তাব করিতে পারিবেন না।

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্টর।

MEMO.

No. 9.

Copy forwarded for information to the Criminal authorities in the Lower Provinces.

By order of the Sudder Court,

H. T. PRINSEP,

Register.

Nizamut Adawlut, the 10th May, 1862.

No. 324.

From H. T. Prinsep, Esq., Register of the Nizamut Adawlut, to H. H. Robinson, Esq., Magistrate of Midnapore.

Dated Calcutta, the 5th May, 1862.

In reply to your letter No. 127, of the 10th ultimo, I am directed to inform you that the Court are of opinion that, as the Code of Criminal Procedure does not provide for the administering of an oath by a Police Officer, on receipt of a complaint, it is evidently the intention of the Legislature that such should not be administered.

Section 13, Regulation XX. 1817, under which Police Darogahs used to act has, I am directed to add, been implicitly repealed by Chapter IX. of the Code of Criminal Procedure.

(Signed) H. T. PRINSEP,

Register.

MEMO.

No. 10.

Copy forwarded for information and guidance of the Criminal Authorities in the Lower Provinces.

By order of the Sudder Court,

H. T. PRINSEP,

Register.

Nizamut Adawlut, the 10th May, 1862.

No. 11.

From H. T. Prinsep, Esq., Register of the Nizamut Adawlut, to all Criminal Authorities, in the Lower Provinces.

Dated Calcutta, the 12th May, 1862.

I am directed to draw your attention to Act XVII. of 1862, as published in the *Government Gazette* of the 3rd ultimo, which in repealing nearly all the old Criminal Acts and Regulations, as is shown in the Schedule thereto annexed, enacts by Sections 1, 2 and 3 that the repeal shall be considered to have taken place from the 1st of January 1862 or from whatever date the Code of Criminal Procedure may have come into force in any part of India, *except* in so far as any law thus repealed may itself have repealed any former law or as regards any offence committed previously to the 1st of January.

2. Section 4 declares that, *as far as it can be*

স্মারকপত্র।

৯ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের ফৌজদারী কার্য্যকারক সাহেবেরদের জ্ঞাপনার্থে উক্ত পত্রের নকল পাঠান যাইতেছে।

সদর আদালতের আজ্ঞাক্রমে।

এচ টি প্রিন্সেপ।

রেজিষ্টর।

নিজামৎ আদালত।

১৮৬২ সাল ১০ মে।

---

৩২৪ নম্বর।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট শ্রীযুত এচ এচ রাবিনসন সাহেবের প্রতি নিজামৎ আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ৫ মে।

তোমার গত মাসের ১০ তারিখের ১২৭ নম্বরের পত্রের উত্তরে সদর আদালতের এই মত তোমাকে জ্ঞাত করিতেছি। পোলীসের কর্ম্মকারকের নিকটে নালিশ হইলে তাঁহার দ্বারা শপথ করাইবার কোন বিধি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনে নাই। অতএব তদ্রূপ শপথ না করান ব্যবস্থাপক সাহেবেরদের অভিপ্রায় স্পষ্ট দৃষ্ট হইতেছে।

আরো আজ্ঞাক্রমে জানাইতেছি যে, পোলীসের দারোগারা ১৮১৭ সালের ২০ আইনের যে ১৩ ধারা মতে কার্য্য করিতেন তাহা ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ৯ অধ্যায়দ্বারা স্পষ্টরূপে রহিত হইয়াছে।

এচ টি প্রিন্সেপ।

রেজিষ্টর।

স্মারকপত্র।

১০ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের ফৌজদারী কার্য্যকারক সাহেবেরদের জ্ঞাপন ও উপদেশার্থে এই পত্রের নকল পাঠান যাইতেছে।

সদর আদালতের আজ্ঞাক্রমে।

এচ টি প্রিন্সেপ।

রেজিষ্টর।

নিজামৎ আদালত।

১৮৬২ সাল ১০ মে।

---

১১ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের ফৌজদারী সমস্ত কার্য্যকারক সাহেবেরদের প্রতি নিজামৎ আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ১২ মে।

১৮৬২ সালের যে ১৭ আইন গত মাসের ৩ তারিখের কলিকাতা গেজেটে প্রকাশ হইয়াছে তদ্বিষয়ে তোমাকে আজ্ঞাক্রমে মনোযোগ করাইতেছি। তৎসংযুক্ত তফসীলে দৃষ্ট হইবেক যে, ঐ আইনদ্বারা ফৌজদারী প্রায় সমস্ত পুরাতন আইন ও আক্ট রদ হইয়াছে। ও তাহার ১ ও ২ ও ৩ ধারাতে আজ্ঞা হইল যে, ১৮৬২ সালের ১ জানুআরি তারিখঅবধি কিম্বা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন যে তারিখে ভারতবর্ষের কোন স্থানে প্রচলিত হয় সেই তারিখঅবধি উক্ত আইন সকল রদ হইল এমত জ্ঞান করিতে হইবেক, কিন্তু পূর্ব্বোক্তমতে রহিত কোন আইনের যে কথাক্রমে তৎপূর্ব্বের অন্য আইন রদ হয়, সেই কথা প্রবল থাকিবে, এবং জানুআরি মাসের ১ তারিখের পূর্ব্বে যে সকল অপরাধ করা গিয়াছে তদ্বিষয়ে উক্ত সকল আইন রদ হইবেক না।

২। ঐ ১৭ আইনের ৪ ধারাতে আজ্ঞা হইল যে,

applied, all Criminal Courts and Officers of Police shall be guided by the Code of Criminal Procedure in the investigation and trial of offences which may have been committed before the 1st of January, and that, for the trial and punishment of such offences, your powers are those conferred on you by the Code of Criminal Procedure, provided that the punishment awarded be not any other than that which could have been imposed before the operation of that Act.

3. Sections 5, 6 and 7 also deserve your attention.

(Signed) H. T. PRINSEP,
Register.

No. 364.

From H. T. Prinsep, Esq., Register of the Nizamut Adawlut, to E. G. Birch, Esq., Officiating Additional Sessions Judge of 24-Pergunnahs, &c.

Dated Calcutta, the 12th May, 1862.

I am directed to acknowledge the receipt of your letter No. 31, dated the 16th ultimo.

2. In reply to the first question propounded therein, I am directed to state that though under the Mahomedan law the making contradictory statements on oath or solemn affirmation amounted to perjury and was therefore punished by the Courts as such, yet the mere making contradictory statements will not satisfy the requirements of the Penal Code. In order to a conviction for perjury under this law, it must be proved 1st, that the statement made is false, and 2nd, that the party making it, either knew or believed it to be false, or did not believe it to be true.

3. In reply to your second question, I am to observe, that it is no longer necessary to constitute the crime of perjury, as defined in Section 191 of the Code, that the perjury should be on a point material to the issue of the case. Any wilful false statement will amount to perjury, and it is within the discretion of the Officer before whom such false statement is made, to order the commitment of the parties for the crime, but this discretion should be exercised with care and caution.

(Signed) H. T. PRINSEP,
Register.

MEMO.

No. 12.

Copy forwarded for the information and guidance of the Criminal Authorities.

By order of the Sudder Court,

(Signed) H. T. PRINSEP,
Register.

Sudder Court, the 12th May, 1862.

জানুআরি মাসের ১ তারিখের পূর্ব্বে যে সকল অপরাধ করা গিয়াছে তদ্বিষয়ের অনুসন্ধান ও বিচার করণ কার্য্যেতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন যেপর্য্যন্ত খাটান যাইতে পারে সেইপর্য্যন্ত ফৌজদারী সকল আদালত ও পোলীসের সকল কর্ম্মকারক ঐ আইনমতে কার্য্য করিবেন। ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনক্রমে তোমার প্রতি যে সকল ক্ষমতার্পণ হইয়াছে সেই ক্ষমতাক্রমে তুমি সেই২ অপরাধের বিচার ও দণ্ড করিতে পারিবা। কিন্তু এমন স্থলে ঐ আইন প্রচলিত হইবার পূর্ব্বে ঐ অপরাধের যে দণ্ডের আজ্ঞা হইতে পারিত তদ্ভিন্ন অন্য দণ্ডের আজ্ঞা না কর।

৩। ঐ ১৭ আইনের ৫ ও ৬ ও ৭ ধারাও তোমার মনোযোগের যোগ্য।

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্টর।

---

৩৬৪ নম্বর।

জিলা চব্বিশ পরগনাপ্রভৃতির একটিং অতিরিক্ত সেশন জজ শ্রীযুত ই জি বর্চ সাহেবের প্রতি নিজামৎ আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ১২ মে।

তোমার গত মাসের ১৬ তারিখের ৩১ নম্বরের পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে ইহা তোমাকে আজ্ঞাক্রমে জ্ঞাত করিতেছি।

২। তাহাতে তোমার প্রথম জিজ্ঞাসার এই উত্তর আজ্ঞামতে জানাইতেছি। মহম্মদীয় শরামতে কেহ শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করিলে পর যদি বিপক্ষ ভাবের দুই কথা কহে, তবে তাহাতে মিথ্যা শপথ করণ অপরাধ হয়, ও তদনুসারে আদালতকর্ত্তৃক ঐ অপরাধের দণ্ড হইত। কিন্তু কেবল বিপক্ষভাবের দুই কথা কহিলে দণ্ডবিধির আইনমতে মিথ্যা শপথ করণ অপরাধ হয় না। ঐ আইনমতে উক্ত অপরাধ নির্ণয় করণার্থে এই দুই বিষয়ের প্রমাণ করিতে হইবেক, অর্থাৎ ১, যে কথা কহা যায় তাহা মিথ্যা, ও ২, যে ব্যক্তি সেই কথা কহে সে ঐ কথা মিথ্যা জানিল কি বিশ্বাস করিল কিম্বা তাহা সত্য এমত বিশ্বাস করিল না।

৩। তোমার দ্বিতীয় জিজ্ঞাসার উত্তরে আমার লিখিতব্য এই। উক্ত আইনের ১৯১ ধারামতে মিথ্যা শপথ অপরাধের যে অর্থ করা গিয়াছে, তদ্বিবেচনায়, মোকদ্দমার নিষ্পত্তি সম্পর্কীয় কোন গুরুতর বিষয়ে মিথ্যা কথা না হইলে মিথ্যা শপথ হয় না, এমত জানিতে হইবেক না। ইচ্ছাপূর্ব্বক যে মিথ্যা কথা কহা যায় তাহাই মিথ্যাশপথ অপরাধ হয়। ও যে কার্য্যকারকের সম্মুখে ঐ মিথ্যা কথা কহা যায় তিনি স্বীয় বিবেচনামতে ঐ ব্যক্তিকে ঐ অপরাধের নিমিত্তে সমর্পণ করিতে পারিবেন। কিন্তু সেই কর্ম্ম তাঁহার অত্যন্ত সতর্ক ও সাবধান হইয়া করিতে হইবেক।

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্টর।

স্মারক পত্র।

১২ নম্বর।

ফৌজদারী কার্য্যকারক সাহেবেরদের জ্ঞাপন ও উপদেশার্থে এই পত্রের নকল পাঠান যাইতেছে।

সদর আদালতের আজ্ঞা ক্রমে।

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্টর।

সদর আদালত।
১৮৬২ সাল ১২ মে।

No. 14.

From H. T. Prinsep, Esq., Register of the Nizamut Adawlut, to the Criminal Authorities, in the Lower and Non-Regulation Provinces.

Dated Calcutta, the 21st May, 1862.

The Court are pleased to prescribe that, whenever the number of persons acquitted, to convicted, is disproportionately large, which is considered to be the case whenever it amounts to one-half of the persons tried, a note in explanation of the cause thereof, be invariably submitted by the Magistrate with the Quarterly Returns.

(Signed) H. T. PRINSEP,
Register.

N. B.—The above order refers to Magistrate's Statement No. 1.

No. 15.

From H. T. Prinsep, Esq., Register of the Nizamut Adawlut, to the Criminal Authorities, in the Lower Provinces.

Dated Calcutta, the 26th May, 1862.

In continuation of Circular No. 19, dated 31st December last, I am directed to request that you will have the goodness to substitute in the headings of statement No. 6, the words "offences declared to be non-bailable by the schedule attached to Act XXV. of 1861" for the words "Heinous offences" and "Heinous cases," and the words "offences declared to be bailable by the schedule attached to Act XXV. of 1861" for the words "Petty offences" and "Petty cases," wherever the same may occur.

(Signed) H. T. PRINSEP, *Register.*

No. 388.

From H. T. Prinsep, Esq., Register of the Nizamut Adawlut, to E. G. Birch, Esq., Officiating Additional Sessions Judge of Hooghly.

Dated Calcutta, the 19th May, 1862.

I am directed to acknowledge to receipt of your letter No. 158, dated the 6th instant, and to state that, when several persons are accused of the commission of the same offence, it would be obviously inconvenient if a Magistrate were to punish some and commit others to the Sessions, and as the Code does not seem to contemplate such procedure, the Magistrate should, if he considers the case to be one for the Sessions, commit all those concerned, for trial before that tribunal.

(Signed) H. T. PRINSEP,
Register.

MEMO.

No. 16.

Copy forwarded for information to the Criminal Authorities in the Lower Provinces.

By order of the Sudder Court,

H. T. PRINSEP,
Register.

Sudder Nizamut Adawlut, 27th May, 1862.

১৪ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের ও আইনবহির্ভূত প্রদেশের ফৌজদারীর শ্রীযুত কার্য্যকারক সাহেবেরদের প্রতি নিজামৎ আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্‌সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ২১ মে।

সদর আদালতের সাহেবেরা আজ্ঞা করিয়াছেন যে বিচারিত যত ব্যক্তির দোষ নির্ণয় হয় তাহারদের সংখ্যার সঙ্গে তুলনা করিলে যদি নির্দ্দোষীকৃত ব্যক্তিরদের সংখ্যা অপেক্ষাকৃত অধিক হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব ত্রৈমাসিক কৈফিয়তে উক্ত বিষয়ের হেতুজ্ঞাপক মন্তব্য কথা সর্ব্বদাই লিখিবেন। ফলতঃ বিচারিত ব্যক্তিরদের যত জন দোষী হয় তত জন নির্দ্দোষী হইলে ঐ নির্দ্দোষিরদের সংখ্যা বাহুল্য বোধ হয়।

এচ টি প্রিন্‌সেপ। রেজিষ্টর।

মন্তব্য কথা। পূর্ব্বোক্ত হুকুম মাজিষ্ট্রেট সাহেবের ১ নম্বরের কৈফিয়তের উপলক্ষে হইয়াছে।

---

১৫ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের ফৌজদারী শ্রীযুত কার্য্যকারক সাহেবেরদের প্রতি নিজামৎ আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্‌সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ২৬ মে।

গত ডিসেম্বর মাসের ৩১ তারিখের ১৯ নম্বরের সরক্যুলর অর্ডরের অতিরিক্ত তোমাকে আজ্ঞাক্রমে আদেশ করিতেছি যে ৬ নম্বরের কৈফিয়তের নানা ঘরের যে২ শিরোভাগে "গুরুতর অপরাধ" কি "গুরুতর মোকদ্দমা" লেখা থাকে তাহার পরিবর্ত্তে "১৮৬১ সালের ২৫ আইনের তফসীলঅনুসারে যে অপরাধের জামিন লওয়া যাইতে পারে না" এই কথা লিখিতে হইবেক। ও "ক্ষুদ্র অপরাধ" কি "ক্ষুদ্র মোকদ্দমা" এই কথার পরিবর্ত্তে "১৮৬১ সালের ২৫ আইনের তফসীলঅনুসারে যে অপরাধের জামিন লওয়া যাইতে পারে" এই কথা লিখিতে হইবেক।

এচ টি প্রিন্‌সেপ। রেজিষ্টর।

---

৩৮৮ নম্বর।

হুগলীর একটিৎ অতিরিক্ত সেশন জজ শ্রীযুত ই জি বর্চ সাহেবের প্রতি নিজামৎ আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্‌সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ১৯ মে।

তোমার বর্ত্তমান মাসের ৬ তারিখের ১৫৮ নম্বরের পত্র প্রাপ্তহওয়া গিয়াছে তদুত্তরে আদেশক্রমে জানাইতেছি যে, যখন অনেক ব্যক্তির নামে একি অপরাধের অভিযোগ হয় তখন তাহারদের কএক জনকে দণ্ড করিয়া অন্য কএক জনকে সেশনে সমর্পণ করা মাজিষ্ট্রেট সাহেবের বিহিত নয়। আইনেতেও তদ্রূপ কার্য্যের কোন বিধান নাই। অতএব যদি মাজিষ্ট্রেট সাহেব ঐ মোকদ্দমা সেশন আদালতের বিচার্য্য জ্ঞান করেন তবে ঐ অপরাধে লিপ্ত সকল ব্যক্তিকেই সেই আদালতে বিচার হওনার্থে সমর্পণ করা তাঁহার উচিত।

এচ টি প্রিন্‌সেপ। রেজিষ্টর।

স্মারক লিপি।

১৬ নম্বর।

সদর আদালতের আজ্ঞাক্রমে বাঙ্গলাপ্রভৃতি দেশের ফৌজদারী কার্য্যকারক সাহেবেরদের জ্ঞাপনার্থে এই পত্রের নকল পাঠান যাইতেছে।

এচ টি প্রিন্‌সেপ। রেজিষ্টর।

সদর নিজামৎ আদালত, ১৮৬২ সাল ২৭ মে।

A.

No. 22.

To all heads of Departments for information and guidance and for circulation to their local subordinates.

W. WATERFIELD,
Offg. Deputy Auditor and Accountant General, Bengal.

No. 2464.

FORT WILLIAM,
FINANCIAL DEPARTMENT.
The 31st March, 1862.

CIRCULAR MEMORANDUM.

His Excellency the Governor General in Council observes that, in most instances, applications for additional grants to the Budget are sent in, without its being stated in them to what heads of service those grants appertain; and in not a few cases, they are, when sanctioned, classified differently in the Financial Department and the different Offices of Account concerned. The consequence is, that the Registers of additional grants kept in the Offices do not agree, and much confusion ensues.

2. With a view to prevent this confusion, His Excellency in Council directs that every officer applying for a grant subsequent to the sanction of the General Annual Budget shall invariably specify in his application the class of service for which the grant is required.

3. The Financial Department will, after approval or correction, if necessary, of the classification given, note the Budget head in its orders, intimating sanction of the charge to the Auditor General of India and the Deputy Auditor and Accountant General concerned.

4. Whenever doubts are entertained as to the correctness of the classification adopted by the Financial Department, such doubts must at once be communicated to that Department by the Auditor General, or by the Deputy Auditor and Accountant General concerned, through the Auditor General, with a view to the correction of the classification if necessary.

MEMO.

No. 18.

Copy forwarded for information to the Civil and Criminal Authorities.

By order of the Sudder Court,

H. T. PRINSEP,
Register.

Sudder Nizamut Adawlut, the 7th May, 1862.

[*Government Gazette*, 17*th June*, 1862.]

A.

২২ নম্বর।

সকল সিরিশ্‌তার প্রধান কর্ম্মকারকেরদের জ্ঞাপন ও উপদেশার্থে ও স্থানবিশেষে তাঁহারদের অধীন কার্য্যকারকদিগকে জ্ঞাপনার্থে এই পত্র পাঠান যাইতেছে।

ডবলিউ ওয়াটরফিলড।
বাঙ্গলা দেশের একটিং ডেপুটী আডিটর ও আকৌণ্টেণ্ট জেনরল।

২৪৬৪ নম্বর।

ফোর্ট উলিয়ম।
ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।
১৮৬২ সাল ৩১ মার্চ।

স্মরণার্থ সরক্যুলর।

হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর দেখিতে পাইয়াছেন যে, বজেটে (অর্থাৎ আনুমানিক ব্যয়ের পত্রেতে) লিখিত কোন কর্ম্ম হেতুক যখন অধিক টাকা দিবার প্রার্থনা হয়, তখন সেই টাকা রাজকীয় কার্য্যের যে হিসাবে ধরা যাইবে ইহা প্রায়ই নির্দ্দিষ্ট থাকে না। আর যদি সেই অধিক ব্যয়ের অনুমতি হয়, তবে তাহা ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে এক হিসাবে লেখা যায়, ও অন্য যে২ আফিসের সঙ্গে ঐ ব্যয়ের সম্পর্ক থাকে তাহাতে ভিন্ন হিসাবে লেখা থাকে। বারম্বার এমত হওয়াতে, অধিক যে টাকা ব্যয় করিবার অনুমতি হয় তাহার যে২ রেজিষ্টর ভিন্ন২ আফিসে থাকে তাহা পরস্পরে মিলে না ও অনেক গোল হয়।

২। তদ্রূপ গোল নিবারণার্থে, হজুর কৌনসেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর আজ্ঞা করিতেছেন যে, বৎসরের সাধারণ বজেট গ্রাহ্য হইলে পর যদি কোন কার্য্যকারক কোন কর্ম্মের নিমিত্তে অধিক টাকা প্রার্থনা করেন, তবে ঐ কর্ম্ম যে শ্রেণীর মধ্যে ধরিতে হইবে তাহাও আপনার প্রার্থনাপত্রে নির্দ্ধার্য্য করিয়া লেখেন।

৩। ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের সাহেবেরা সেই ব্যয় সেই শ্রেণীর মধ্যে রাখা উপযুক্ত বোধ করিলে, তাহা গ্রাহ্য করিয়া কিম্বা প্রয়োজনমতে তাহা সংশোধন করিয়া বজেটের যে হিসাবে সেই অধিক টাকা লিখিতে হইবেক তাহা আপনার হুকুমে লিখিয়া সেই অধিক ব্যয় হইবার অনুমতির কথা ভারতবর্ষের আডিটর জেনরল সাহেবকে এবং যে ডেপুটী আডিটর ও আকৌণ্টেণ্ট জেনরলের হিসাবের মধ্যে ঐ খরচ পড়িবে তাঁহাকে জ্ঞাত করিবেন।

৪। ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট যে হিসাবে সেই ব্যয় ধরিতে চাহেন তদ্বিষয়ে যদি কিছু সন্দেহ থাকে তবে তাহা প্রয়োজনমতে সংশোধনপূর্ব্বক উপযুক্ত হিসাবে ধরা যাইবার অভিপ্রায়ে আডিটর জেনরল সাহেব, কিম্বা তাহাতে যে ডেপুটী আডিটর ও আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের সম্পর্ক থাকে তিনি, ঐ আডিটর জেনরল সাহেবের দ্বারা সেই সন্দেহ হয় কথা ঐ ডিপার্টমেণ্টে জ্ঞাত করিবেন।

আরক পত্র।

১৮ নম্বর।

দেওয়ানী ও ফৌজদারী কার্য্যকারক সাহেবেরদের জ্ঞাপনার্থে এই পত্রের নকল পাঠান যাইতেছে।

সদর আদালতের আজ্ঞাক্রমে।
এচ টি প্রিনসেপ।
রেজিষ্টর।

সদর নিজামৎ আদালত
১৮৬২ সাল ৭ মে।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 11th June, 1862.

Baboo Nobin Chunder Gungooley, to officiate as Moonsiff of Latoo, in Zillah Sylhet, on the full salary of a 2nd grade Moonsiff.

H. T. PRINSEP, *Register*.

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬২ সাল ১১ জুন।

শ্রীযুত বাবু নবীনচন্দ্র গাঙ্গুলী দ্বিতীয় শ্রেণীর মুনসেফের সম্পূর্ণ বেতন প্রাপ্ত হইয়া জিলা ছিলটের লাটুর মুনসেফের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

এচ টি প্রিন্সেপ। রেজিষ্টর।

বঙ্গদেশের পবলিক ওর্কস রেলওয়ে ডিপার্টমেণ্ট।

ফোর্ট উলিয়ম ১৮৬২ সাল ৬ জুন।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত অনরবিল লেপ্টেনেণ্ট গবরূনর্ সাহেব অবগত হইয়াছেন যে বাঘের খালে কারখানা ও কার্য্যকারকেরদের ঘর করিবার জন্যে ইষ্টারন্ বেঙ্গল রেলওয়ে কোম্পানির কতক ভূমির প্রয়োজন হওয়াতে সর্ব্বসাধারণের উপকারার্থে সেই ভূমি রাজকীয় ব্যয়ে গবর্ণমেণ্টের গ্রহণ করা আবশ্যক অতএব সম্বাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে মৌজা নন্দনবাটী ও বেজপুরের অন্তর্গত ৩০১৭১ ১/২ পরিমাণের চারি কেতা ভূমি আবশ্যক।

সেই ভূমিখণ্ডের সীমা এই২।

রেলওয়ে রাস্তার পূর্ব্বপার্শ্বে এক খণ্ড। তাহার উত্তর সীমা পরাণ দোবে ও দীন দোবের দখলী জমীদারী ভূমি ও নকৌড়ি মণ্ডলের বাগানের জমী ও ইষ্টারন্ বেঙ্গল রেলওয়ে সংক্রান্ত কর্ম্মকারকেরদের ও কন্ট্রাক্টরেরদের বাসাবাটী। পূর্ব্ব সীমা বাঘের খাল। দক্ষিণ সীমা গোবিন্দচন্দ্র মজুমদার ও উমাচরণ বসুপ্রভৃতির জমীদারীর পতিত ভূমি। পশ্চিম সীমা ইষ্টারন্ বেঙ্গল রেলওয়ে কোম্পানির গৃহীত অতিরিক্ত ভূমি।

রেলওয়ে রাস্তার পশ্চিম পার্শ্বে এক খণ্ড। তাহার উত্তর সীমা রেলওয়ে রাস্তাহইতে মল্লিকেরবাগে যাইবার কাঁচা রাস্তা। পূর্ব্বসীমা রেলওয়ে রাস্তা। দক্ষিণ সীমা ইষ্টারন্ বেঙ্গল রেলওয়ে কোম্পানির গৃহীত অতিরিক্ত ভূমি। পশ্চিম সীমা ঐ কোম্পানির কার্য্যকারকদিগের দখলে জমিদারী ভূমি।

রেলওয়ে রাস্তার পশ্চিমদিগে ও গঙ্গাতীরে যাইবার শাখা রাস্তার দক্ষিণ পার্শ্বে এক খণ্ড। তাহার উত্তর সীমা গঙ্গাতীরে যাইবার ঐ শাখা রাস্তা। পূর্ব্ব সীমা রেলওয়ে রাস্তা ও নকৌড়ি মণ্ডল ও তোরাপ সেখ ও পুটু সেখের দখলী জমীদারী ধান্যের ভূমি। দক্ষিণ সীমা নকৌড়ী মণ্ডলের ধান্যের ভূমি ও কাঁচা রাস্তা ও পশ্চিম সীমা নকৌড়ি মণ্ডল ও বিশ্বম্ভর রায় প্রভৃতির ধান্যের ভূমি।

রেলওয়ে রাস্তার পশ্চিম পার্শ্বে এক খণ্ড। তাহার উত্তর সীমা মৌজা দাঙ্গাপাড়ায় যাইবার কাচা রাস্তা। পূর্ব্ব সীমা রেলওয়ের রাস্তা। দক্ষিণ সীমা মৌজা চৌধুরীপাড়ায় যাইবার কাচা রাস্তা। পশ্চিম সীমা ধনকৌড়ি সেখ ও সনাতন ঘোষ ও রামচন্দ্র দে ও বদন ঘোষের দখলী ধান্যের ভূমি।

যাহারদের ইহাতে সম্পর্ক আছে তাহারদের সকলকে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানানুসারে এই বিজ্ঞাপন দেওয়া যাইতেছে।

এফ এস টেলর কাপ্তান।
রেলওয়ে ডিপার্টমেণ্টে
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং
জাইণ্ট সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ১৭ জুন।]

নদীসম্পর্কীয় কার্য্যবৃদ্ধিবিষয়ক লিখনপঠন।

২৬ নম্বর।
১৮৬২ সাল ৫ জুন।

বিজ্ঞাপন।

১৮৬০ সালের ২৫ ডিসেম্বর তারিখের গবর্ণমেণ্ট গেজেটের প্রকাশিত ১৮৬০ সালের ২২ ডিসেম্বর তারিখের ৫১৭১ নম্বরী বিজ্ঞাপনের অতিরিক্ত ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৬ সালের ২২ আইনের বিধানানুসারে বঙ্গদেশের গবর্ণমেণ্ট সাহেব বিজ্ঞাপনের লিখিত স্থানাতিরিক্ত করোতোয়া নদীর তীরস্থ নীচের লিখিত সকল কি কোন স্থানে কুতঘাটা স্থাপন করণার্থে শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঠাকুরকে ক্ষমতা প্রদান করিয়াছেন। অর্থাৎ

১। করোতোয়া নদীর পুরাতন খাদ।
২। খানসা।
৩। গোবিন্দগঞ্জের উত্তর।
৪। খালসীর দক্ষিণ।
৫ গোবিন্দগঞ্জের দক্ষিণ।
৬। মতিঝিল।
৭। চাট্টাখালী।
৮। বারপুর।
৯। আগুদী।
১০। ধণ্ডকোষ।
১১। গাজুরিয়া।

খানপুর এলাকাখণ্ড।

১২। শাখারিয়া।
১৩। চৈয়তারা।
১৪। শিরপুর।
১৫। মজিপুর।
১৬। জোলাপাড়া।

পূর্ব্বল্লিখিত বিজ্ঞাপনের দ্বারা শিবপুর ও গোঁসাইপুর এবং খানপুরের কুতঘাটায় যে সকল কার্য্য হইবার অনুমতি হইয়াছে তাহা পূর্ব্বোক্ত ষোল কুতঘাটায় করা যাইতে পারিবে ও পূর্ব্বোক্ত স্থানে যে সকল বিধি খাটে তাহাও উক্ত ষোল স্থানে খাটিবে।

উক্ত ৫১৭১ নম্বরের বিজ্ঞাপন সংশোধনপূর্ব্বক ১৮৬১ সালের ২৩ জানুআরি তারিখের যে বিজ্ঞাপন ১৮৬১ সালের ২৯ জানুআরি তারিখের বাঙ্গলা গেজেটের ৭০ পৃষ্ঠায় প্রকাশ হয় তদ্বিষয়ে মনোযোগ করিতে হইবে।

সেই বিজ্ঞাপন এইক্ষণে প্রবল আছে। তদনুসারে করতোয়া নদীর যে ভাগ গোঁসাইপুর ও খানপুরের মধ্যে থাকে তাহাতে গমনকারি নৌকার উপর শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঠাকুর নীচের লিখিত মাসুল আদায় করণের ক্ষমতা পাইয়াছেন। অর্থাৎ

বজরা ও ভাউলিয়া ও অন্যান্য সোয়ারি নৌকার দাঁড়প্রতি	।০ চারিআনা
মাল বোঝাইয়ের নৌকা খালী গেলে যত বোঝাই ধরে তাহার ১০০ মোন প্রতি...	৵০ দুই আনা
ইট ও টালি ও মৃত্তিকা পাত্র ও খড় ও ঘাস ও নল ও জ্বালানি কাষ্ঠ ও ফল ও শাক সবজি বোঝায়ের নৌকাতে যত বোঝাই ধরে তাহার ১০০ মোন প্রতি ...	।০ চার আনা

ধান্য ও মটর কলাইপ্রভৃতি ও বীজ ও অন্য যে২ দ্রব্য স্পষ্টরূপে নির্দ্দিষ্ট না হইয়াছে সেই২ দ্রব্য বোঝাইয়ের নৌকাতে যত মোন ধরে তাহার ১০০/ মোন প্রতি ... ... ৸০ বার আনা

কাহাদুরি কাষ্ঠ নৌকাতে বোঝাই না হইয়া মাড় বাঁধিয়া কি অন্য প্রকারে গেলে এক২ কাষ্ঠের ... ... ৵০ দুই আনা

বাঁশের মাড় এক২ শত বাঁশের উপর ... ... ।০ চারি আনা

৫০/ মোনের কম বোঝাইয়ের নৌকা ২৫/ মোন বোঝাইয়ের তুল্য গণ্য হইবেক। ও ৫০/ মোনঅবধি ৭৫/ মোনের কম বোঝাইয়ের নৌকা ৫০/ মোন বোঝাইয়ের তুল্য গনা হইবেক। ৭৫/ মোনঅবধি ১০০/ মোনের কম বোঝাইয়ের নৌকা ৭৫/ মোন বোঝাইয়ের তুল্য গণ্য হইবেক। ১০০/ মোনঅবধি ১২৫/ মোনের কম বোঝাইয়ের নৌকা ১০০/ মোন বোঝাইয়ের তুল্য গণ্য হইবে ইত্যাদি।

১০০ বাঁশের কম যত বাঁশ হউক তাহা শতের তুল্য গণ্য হইবেক।

জে পি বীডল।
লেপ্টেনেণ্ট কর্ণেল।
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বঙ্গদেশের পবলিকওর্কশ ডিপার্টমেণ্ট।

স্থানীয়।

ফোর্ট উলিয়ম। ১৮৬২ সাল ৯ জুন।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেব অবগত হইয়াছেন যে সম্বকরো কর্ম্মোপলক্ষে সরকারী ব্যয়ে কতক ভূমি অর্থাৎ কুমারখালী ও কুষ্টিয়ার পথ নামে খ্যাত ইষ্টারন বেঙ্গল রেলরোডে কুমারখালীঅবধি গোরাইনদীর বাম তটপর্য্যন্ত এক পথ করিবার জন্যে লওয়া আবশ্যক অতএব ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে পরগনা মহম্মদ শাইর মৌজা চোরাইদিগরের অন্তর্গত (৬১) একষট্টী একর (১) এক রুড (৪৮) পৌনে পাঁচ পোল ভূমি পূর্ব্বোক্ত কার্য্যার্থে লওয়া আবশ্যক হইয়াছে।

এই বিজ্ঞাপন ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতে প্রকাশকরা যাইতেছে।

জে পি বীডল। লেপ্টেনেণ্ট কর্ণেল।
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

১০২৭ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ৩ জুন।

কুমারখালির ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ এম রাইলি সাহেব (Mr. H. M. Reily,) ফরিদপুরে নিযুক্ত হইয়াছেন ও সেই জিলাতে তিনি মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কর্ম্ম করিবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র বাঁড়ুয্যা কুমারখালি এলাকা খণ্ডের কর্ম্মের ভার প্রাপ্ত হইয়াছেন।

১৮৬২ সাল ৫ জুন।

নিম্নের লিখিত মহাশয়েরা মুজের সাধারণের বিদ্যাস্থাপনীয় কমিটীর মেম্বর হইবেন। অর্থাৎ

শ্রীযুত জি ডবলিউ এস ডিক্সন সাহেব (Mr. G. W. S. Dixon.)

শ্রীযুত ডবলিউ ফিটসপাট্রিক্ সাহেব (Mr. W. Fitzpatrick)

১৮৬২ সাল ৬ জুন।

চাটিগাঁয়ের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ ডবলিউ বারবর সাহেব (Mr. H. W. Barber,) নওয়াখালিতে নিযুক্ত হইয়াছেন সেই জিলাতে তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

প্রথম পোলীস পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত টি ওয়েলডন সাহেব (Lieut. T. Weldon,) ঐ পল্টনের কমাণ্ডাণ্টের কর্ম্ম করিবেন।

প্রথম পোলীস পল্টনের সব-লেপ্টেনেণ্ট শ্রীযুত হিদায়ৎ আলী ঐ পল্টনের আজুটাণ্টের কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ৯ জুন।

শ্রীযুত জি কে মেয়রস্ সাহেব (Mr. G. K. Meares,) সান্তাল পরগনায় সব আসিষ্টাণ্ট কমিস্যনর হইবেন ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বুনয়স সাহেবের (Mr. Boulnois,) ছুটীক্রমে অনুপস্থিত থাকন সময়ে অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জি এস ফেগন সাহেব (Mr. G. S. Fagan,) কলিকাতার আপন মাজিষ্ট্রেটী কর্ম্মাতিরিক্ত কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের প্রধান জজের কর্ম্মও করিবেন।

ছুটী।

১৮৬২ সাল ৬ জুন।

হাজারিবাগের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এস ডেলপ্রাট সাহেব (Mr. S. Delpratt,) আপন কর্ম্মে প্রত্যাগমনার্থ প্রস্তুত হইবার নিমিত্তে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ৩০ মে।

বহরমপুরের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি ডবলিউ বি ড্রব্রিজ সাহেব (Rev. W. B. Drawbridge,) গত মাসের ২৪ তারিখে নিউবিয়ানামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষ হইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

সিবিল সম্পর্কীয় শ্রীযুত জে মনরো সাহেব (Mr. J. Monro,) বর্ত্তমান মাসের ২৪ তারিখে নেমিসিস নামক কলের জাহাজে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

১৮৬২ সাল ১০ জুন।

শ্রীযুত অনরবিল এ ইডন সাহেব (Hon'ble A. Eden,) বর্ত্তমান মাসের ৯ তারিখে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারীর কর্ম্মের ভার গ্রহণ করেন।

এচ বেল।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের জোট সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ৭ জুন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেব মফঃসলের কএক জিলাতে গমনোদ্যত হইয়া বর্ত্তমান মাসের ২৩ তারিখ সোমবারে কলিকাতা হইতে যাত্রা করিবার মানস করিয়াছেন অতএব গবর্ণমেণ্টের সঙ্গে যে কার্য্যকারকেরা ব্যয়ং লিখন পঠন করেন তাঁহারদের উপদেশের নিমিত্তে পশ্চাৎ লিখিত সাধারণ আজ্ঞা প্রকাশ করা যাইতেছে।

সকল পত্রাদি যেমন কলিকাতায় সেক্রেটারী সাহেবের

[*Government Gazette*, 17*th June*, 1862.]

আফিসে পাঠান গিয়া থাকে তেমনি পাঠাইতে হইবেক এই সাধারণ বিধি।

কিন্তু যদি কোন পত্রাদির সম্পূর্ণ অভিপ্রায় বুঝিবার জন্যে ঐ আফিসের অন্য কাগজপত্র দৃষ্টি করিবার প্রয়োজন না থাকে ও শ্রীযুক্ত যে সময়ে যে স্থানে উপস্থিত হইবেন তদ্বিবেচনায় যদি সেই পত্র কলিকাতার আফিসে না পাঠাইয়া একেবারেই তাঁহারই নিকটে পাঠান গেলে অরায় পঁহুছিতে পারে তবে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের সঙ্গে যে সেক্রেটারী সাহেব গমন করিবেন তাঁহার নিকটে ঐ সকল পত্র পাঠান যাইতে পারিবেক এবিষয়ে কার্য্যকারক সাহেবেরা আপনং বিবেচনামতে কর্ম্ম করিবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের ইচ্ছা আছে যে নিম্নের লিখিত তারিখ অনুসারে স্থানেং গমন করেন। অর্থাৎ

কলিকাতা হইতে	...	...	২৩ জুন তারিখে
ভাগলপুর	...	...	৭ জুলাই।
বৌলিয়া	...	...	১০ ,,
পাবনা	...	...	১২ ,,
সেরাজগঞ্জ	...	...	১৬ ,,
রগওয়া	...	...	১৯ ,,
গোয়ালপাড়া	...	...	২৩ ,,
গৌহাটী	...	...	২৮ ,,
তেজপুর	...	...	১ আগষ্ট।
শিবসাগর	...	...	৬ ,,
দেকুগড়	...	...	১১ ,,
গৌহাটী	...	...	১৪ ,,
ময়মনসিংহ	...	...	১৯ ,,
ছিলট	...	...	২৩ ,,
কাছাড়	...	...	২৮ ,,
ঢাকা	...	...	৩ সেপ্টেম্বর।
বরিশাল	...	...	৬ ,,

ও সেপ্টম্বর মাসের ৮ তারিখপর্য্যন্ত কলিকাতায় প্রত্যাগমন করিবেন।

অন্য হুকুম না হওনপর্য্যন্ত পূর্ব্বোক্ত হুকুম প্রবল থাকিবে। যেং স্থানে গমন করিতে মনস্থ থাকে তদ্বিষয়ের কিছু পরিবর্ত্তন হইলে ২ দিবস পূর্ব্বে সম্বাদ দেওয়া যাইবেক।

১১৭১ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ৩০ মে।

আসামের ডেপুটী কমিস্যনর কাপ্তান শ্রীযুত বি ডবলিউ ডি মর্টন সাহেব (Capt. B. W. D. Morton,) কাসীয়া ও জয়ন্তী পর্ব্বতের কর্ম্মের ভার প্রাপ্ত হইয়াছেন।

১৮৬২ সাল ১১ জুন।

শ্রীযুত এফ বি কেম্প সাহেব (Mr. F. B. Kemp,) নদর দেওয়ানী ও নিজামৎ আদালতের জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এফ সি ফৌল সাহেব (Mr. F. C. Fowle,) শাহাবাদের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

গোয়ালপাড়ার ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র সেন পূরণিয়াতে নিযুক্ত হইয়াছেন. সেই জিলাতে তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিস্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

কলিকাতার মাষ্টর আটেণ্ডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের ১৮৬২ সালের ৫ আইনের ১২ ও ১৩ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ এচ সাণ্ডিমান সাহেব ও জে ক্রানষ্টন সাহেব (Messrs. W. H. Sandeman and J. Cranston,) কলিকাতা বন্দরে বাষ্পীয় জাহাজের অবস্থার অনুসন্ধান করণার্থে হজুর কৌন্সেলে বঙ্গ দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের ১৮৬২ সালের ৫ আইনের ২ ধারামতে অনুসন্ধান কারক হইবেন।

১৮৬২ সাল ১২ জুন।

চব্বিশ পরগনার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু তারকনাথ সেন কিয়ৎ কালের নিমিত্তে ঐ জিলার অতিরিক্ত জজের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

পূরণিয়ার অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র চৌধুরী ঐ জিলার প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত এচ সি বি সি রেবান সাহেব (Mr. H. C. B. C. Raban,) শাহাবাদের মাজিস্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিস্ট্রেটের ও ১৮৫৯ সালের ১০ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত জি গ্রেহাম সাহেব (Mr. G. Graham,) পাটনার মাজিস্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টণ্ট হইবেন ও ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিস্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

কাপ্তান শ্রীযুত টি লাম্ব সাহেব (Captain T. Lamb,) আসামে দ্বিতীয় শ্রেণীর ডেপুটী কমিস্যনর হইবেন।

ছুটী।

১৮৬২ সাল ১১ জুন।

ফরিদপুরের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আলী আজম খাঁ অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকট ক্রমে চারি মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ১২ জুন।

আসামের ডেপুটী কমিস্যনর মেজর শ্রীযুত ই এ রৌলাট সাহেব (Major E. A. Rowlatt,) নিয়মিত ছুটী লইয়া গমনার্থ প্রস্তুত হইবার জন্যে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

চম্পারণের আসেসর ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কৃষ্ণপ্রসাদ অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে ১ মাসের ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের আসেসর ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মতবর আলী অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৮ ধারামতে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

নদীয়ার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কাশীনাথ ঘোষ গত আপ্রিল মাসের ২১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ৪ জুন।

শ্রীযুত এল এস জাকসন সাহেবকে (Mr. L. S. Jackson,) গত আপ্রিল মাসের ১৭ তারিখে ছুটী দিবার যে কথা ঐ মাসের ২৩ তারিখের গেজেটে প্রকাশ হয় তাহা রহিত হইল।

অশুদ্ধ শোধন। গত নয়রের মাসের ১৫ তারিখের যে হুকুম ঐ মাসের ২০ তারিখের গেজেটে প্রকাশ হয় তন্মধ্যে "কাপ্তান ডবলিউ এস শেরিল সাহেবের পরিবর্ত্তে মেজর জে এল শেরিল সাহেব ও ডেপুটী কমিস্যনরের ক্ষমতা" এই কথার পরিবর্ত্তে ১৮২২ সালের ৭ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাঠ করিতে হইবে।

এ ইডেন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিক্রয় নেমকের মাসকাবারী হিসাব সন ১৮৬২ সাল তারিখ ৩১ মে।

১	২	৩	৪	৫			৬
এজেন্সীর নাম	সন ১২৬৭ সাল অথবা ১৮৬০। ৬১ সালের পূর্ব্ব সনহারের উৎপন্ন নেমকের মৌজুদ	সন ১২৬৭ সাল মোতাবেক ইং ১৮৬০। ৬১ সাল	সন ১২৬৮ সাল মোতাবেক ইং ১৮৬১। ৬২ সাল	মৌজুদ নেমকের একুন।			
				পাঙ্গা	করকচ	মোট একুন	দর ফি ১০০/ মোন
তিজলী।	মোন	মোন	মোন	মোন	মোন	মোন	কোং টাকা
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর	০	৩৭৬,৫২/	৬৬,৫২৯/	১,০৪,১৮১/	০	১,০৪,১৮১/	৪০৪৲
ঐ ঐ কৃষ্ণ নগর	১০,৩২২/	৩,১৭৭/	১,০১,৫০৮/	১,১৫,১০৭/	০	১,১৫,১০৭/	ঐ
ঐ ঐ রাম নগর	০	৫৩,৪৪০/	৫৯,৫১৮/	১,১২,৯৫৮/	০	১,১২,৯৫৮/	ঐ
ঐ ঐ কালী নগর	০	৫৬,৮২৪/	১,৩২,৫১৭/	১,৮৯,৪১১/	০	১,৮৯,৪১১/	ঐ
ঐ ঐ পুরী ঘাটা	০	৭০,৭১০/	৩৩,৮২৪/	১,০৪,৬০৪/	০	১,০৪,৬০৪/	ঐ
একুন	১০,৩২২৲	২,২১,৮৭৩/	৩,২৩,২২৬/	৬,২৬,২৬১/	০	৬,২৬,২৬১/	
তমলুক।							
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর	০	৪,৪৬,৮২২/	২,৮৭,৫২৩/	৭,০৪,৪১৫/	০	৭,০৪,৪১৫/	৪০৪৲
একুন	০	৪,৪৬,৮২২/	২,৮৭,৫২৩/	৭,০৪,৪১৫/	০	৭,০৪,৪১৫/	
সালিখা।							
করকচ নেমক মান্দ্রাজ পরমিট	৭,৪২,১৪০/	০	০	০	৭,৪২,১৪০/	৭,৪২,১৪০/	৩২২৲
ঐ ঐ চিলকা	১,৫৮,১২৬/	০	০	০	১,৫৮,১২৬/	১,৫৮,১২৬/	৩৮২৲
ঐ ঐ সিন্ধু	০	৫,০০,০০০/	০	০	৫,০০,০০০/	৫,০০,০০০/	৪১৬৲
মিশ্রিত করকচ নেমক	২৯০০/	০	০	০	২,৯০০/	২,৯০০/	৩৮৮৲
পাঙ্গা নেমক কটক	৩২,০৬৫/	৬,৩৫২৪/	০	৯৫,৫৯১/	০	৯৫,৫৯১/	৪২৩৲
ঐ ঐ বালেশ্বর	১৫,৮১৫/	৩,০০,২৮১/	০	৩,১৬,০৯৬/	০	৩,১৬,০৯৬/	ঐ
ঐ ঐ খোরদা	২২,৮৬৭/	১,০২,৫৬৩/	০	১,২৫,৪৩০/	০	১,২৫,৪৩০/	ঐ
ঐ ঐ চিলকা	৩৩,১৪৮/	৯৯,২৪৫/	০	১,৩২,৩৯৩/	০	১,৩২,৩৯৩/	ঐ
ঐ ঐ রামনগর	২৮/	৪৭,১৬২/	০	৪৭,১৯০/	০	৪৭,১৯০/	ঐ
ঐ ঐ পুরিঘাটা	৭৭১৯/	১৫,২৫৭/	০	২৩,৬৭৬/	০	২৩,৬৭৬/	ঐ
ঐ ঐ কৃষ্ণনগর	১,২৭৩/	১,৪১,০৮৮৲	০	১৪,৩০৬১/	০	১৪৩০৬১/	ঐ
ঐ ঐ নারায়ণপুর	০	২,৩৬,৭৮২/	০	২,৩৬,৭৮২/	০	২,৩৬,৭৮২/	ঐ
একুন	১০,১৬,৮৫১/	১৫,০৬,৬০৪/	০	১১,২০,২১৯/	১৪,০৩,২৩৬/	২৫,২৩,৪৫৫/	

এজেন্সীর নাম।	সন ১২৬৭ সাল অর্থাৎ ১৮৬০। ৬১ সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ। মোন	সন ১২৬৭ সাল মোতাবেক ইং ১৮৬০। ৬১ সাল মোন	সন ১২৬৮ সাল মোতাবেক ইং ১৮৬১। ৬২ সাল মোন	মৌজুদ নেমকের একুন পাঙ্গা মোন	করকচ মোন	মোট একুন মোন	দর ফি ১০০/ মোন কোং টাকা
ঘুসুড়ি।							
পাঙ্গানেমক ঘাট কালী নগর	০	৯৮,০৩৫/	০	৯৮,০৩৫/	০	৯৮,০৩৫/	৪২৩/
ঐ ঐ রছুলপুর	০	৪৯,১১৮/	০	৪৯,১১৮/	০	৪৯,১১৮/	ঐ
মিশ্রিত ঐ ঐ রামনগর	০	৬৮৪৯৭/	০	৬৮,৪৯৭/	০	৬৮,৪৯৭/	ঐ
একুন।	০	২১,৫৬৫০/	০	২১,৫৬৫০/	০	২১,৫৬৫০/	
চট্টগ্রাম।							
পাঙ্গা নেমক সদর ঘাট	০	২,০২,২২৬/	০	২,০২,২২৬/	০	২,০২,২২৬/	৪০৪৲
একুন।	০	২,০২,২২৬/	০	২,০২,২২৬/	০	২,০২,২২৬/	
আরাকিন।							
পাঙ্গা নেমক ঘাট কৈককফু।	১৩,৪৪৮/	৬,২৮১৲	০	২০,৪২৯/	০	২০,৪২৯/	৩৮১৲
একুন।	১৩,৪৪৮/	৬,২৮১/	০	২০,৪২৯/	০	২০,৪২৯/	
মোট একুন	১০,৪০,৬২১/	২৬,০০,১৫৬/	৬,৮১,৫৮২/	২৯,১৯,২০০/	১৪,০৩,২০৬/	৪৩,২২,৪০৬/	

মন্তব্য।

শহর কলিকাতার অন্তর্গত রিবিনিউ বোর্ডের দপ্তরখানা হইতে সকল রকম নেমকের বারৎ যে রওয়ানা পাওয়া যায় সেই রওয়ানা গোলা ঘাটে দাখিল করিয়া যে সকল খরিদ্দার নেমক প্রার্থনা রাখে তাহার-দিগকে ৬ ঘরের লিখিত দরে ১ ঘরের লিখিত সরকারী গোলা হইতে ১০/ মোন এবং তাহার উর্দ্ধ পরিমাণে উপরের লিখিত নেমক ওজন দেওয়া যাইবেক।

বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৬২ সাল তারিখ ১০ জুন।

এচ এল ডাম্পিয়র। সেক্রেটারী।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬২ সাল তারিখ ৯ জুলাই বুধবার পূর্ব্বাহ্ণ দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্‌সচেঞ্জ ঘরে সন ১৮৬০। ৬১ সালের উৎপন্ন আফিমের সপ্তম নীলাম হইবেক এবং ঐ নীলামে ২৪৪০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম ——— ১৩০৫
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম ——— ১১৩৫
জুমলা সিন্দুক ২৪৪০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল চলিতমত গবর্ণমেণ্ট ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬১ সালের ৯ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহার দৃষ্টি করিলে অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিম্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬২ সালের ১৪ এবং ২৪ জুলাই এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিস্‌রী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ অথবা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬২ সালের ১৪ জুলাই সোমবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসিসবে কিম্মতের পূরা টাকার দরুণ বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ সন ১৮৬২ সালের ২৪ জুলাই বৃহস্পতিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের পরিমাণ আফিম ভিন্ন বর্ত্তমান সনে সন ১৮৬০। ৬১ সালের উৎপন্ন বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখহারে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের ক্ষমতা থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন।

	বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬২ সালের ৬ আগষ্ট বুধবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৩০৫	১১৩৫	২৪৪০
ঐ ৫ সেপ্টেম্বর শুক্রবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৩০৫	১১৩৫	২৪৪০
ঐ ১৫ আক্‌টোবর বুধবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৩০৫	১১৩৫	২৪৪০
ঐ ১০ নবেম্বর সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৩০৫	১১৩৫	২৪৪০
ঐ ৪ ডিসেম্বর বৃহস্পতিবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৩৫৬	১১৬৪	২৫২০
একুন	৬৫৭৬	৫৭০৪	১২২৮০

বিমোজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ
ফোর্ট উলিয়ম সন ১৮৬২ সাল তারিখ ৫ জুন।

এচ এল ডাম্পিয়র। সেক্রেটারী।

সুপ্রিম কোর্ট।
রিসিবর আফিস।
জমীদারী ইজারা।

শ্রীমতী শারদাসুন্দরী দাসী ... বাদিনী।
তিনকড়ি নন্দী ও শ্রীমতী কামিনী দাসী ... প্রতিবাদিগণ।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন হালের ২০ জুন শুক্রবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত চারলর্শঃ সুইণ্টন হাগ সাহেব তাঁহার আফিসে মৃত রামচন্দ্র পাল চৌধুরী ও শ্যামচন্দ্র পাল চৌধুরীর ইষ্টেটের বন্ধ নীচের লিখিত জমীদারীহায়ের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন ঐ সময়ে রিসিবর আফিসে উপস্থিত হইবেন ইতি।

জিলা নদীয়া।

পরগনে আলমপুর ডিহি সীকারপুরের মধ্যে	১৫ মৌজা।
পরগনে ঐ ডিহি কৃষ্ণচন্দ্রপুরের মধ্যে	১১ মৌজা।
চাকলে শ্রীনগর ডিহি পাল্লার মধ্যে	২ মৌজা।
চাকলে ঐ ডিহি শেরপুরের মধ্যে	৭ মৌজা।
পৎ পাঁজনর ডিহি সীকারপুরেরমধ্যে	৭ মৌজা।
তঃ চাপড়ার মধ্যে	৩ মৌজা।

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।
কোর্ট হৌস রিসিবর আফিস।
তারিখ ৩০ মে ১৮৬২ সাল।

সুপ্রিমকোর্ট।
রিসিবর আফিস।
সুন্দরবন আবাদ জমী ইজারা।

কাশীনাথ পণ্ডিত ... বাদী।
বৈজনাথ পণ্ডিত ... প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে বর্ত্তমান সনের ২৫ জুন বুধবার বেলা দুইপ্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত চারলস সুইণ্টন হাগ সাহেব তাঁহার আফিসে মৃত রাজরাণী দেব্যার ইষ্টেটের বন্ধ নিম্নের লিখিত সুন্দরবন আবাদ জমির ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন তাঁহারা ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

জেলা ২৪ পরগনা।

৬৪ নং মৌজার অন্তর্গত পরগনে পণ্ডিত সদানন্দপুর কমবেশ জমী ৫২৮৪ বিঘা তাহার চৌহদ্দি উত্তর গড় নয়ানের খাল দক্ষিণ চটকির খাল পূর্ব্ব কালুমাছির খাল ও নদী তায়লদহ পিটা সীমিলিয়াগ্রাম ও বেপারি পুষ্করিণীহইতে নাগর বোড় গ্রাম।

এই ৫২৮৪ বিঘা জমির মধ্যে ২৩৩ বিঘা জমি এই ইজারার ভুক্ত হইবেক না আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

কোর্ট হৌস রিসিবর আফিস।
তারিখ ২৬ মেই ১৮৬২ সাল।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণ জনগণকে জানান যাইতেছে যে ১৮৫৯ সালের ৮ আইন সংশোধনবিষয়ক দেওয়ানী মোকদ্দমার কার্য্য বিধান নামক ১৮৬১ সালের ১০।১২।২৩ আইন ও ১৮৬০ সালের ৪২ আইন এবং ১৮৫৯ সাল অবধি ১৮৬১ সালের ৩১ ডিসেম্বর তারিখপর্য্যন্ত সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডরে ও সমন ইত্যাদি একত্রে সংগ্রহ মুল্য ১৷৷০

১৮৫৯ সালের ১০।১১ আইন সংশোধনবিষয়ক ১৮৬২ সালের ৩ ও ৬ আইন মূল্য ।০

১৮৬০ সালের ৩৬।৪০।৫১ আইন সংশোধনবিষয়ক ১৮৬২ সালের ১০ আইন ইষ্টাম্পবিষয়ক মূল্য ৷৷০

শ্রী বেণীমাধব দে কলিকাতা চিতপুর রোড বটতলা ২৪৬নং

বিজ্ঞাপন।

বিজ্ঞাপন করা যাইতেছে যে আগত মুন্সেফী ও ওকালতী পরীক্ষার নিমিত্তে নির্দ্ধারিত পুস্তকসকলের মধ্যে সর্ব্ব সাধারণের প্রয়োজনীয় ম্যাক্‌নাটনস্ হিন্দু ও মহাম্মদান লঃ নামক পুস্তক অর্থাৎ সারফ্রান্সিস ম্যাক-নাটন সাহেব মহোদয় দ্বারা সংগৃহীত উক্ত ধর্ম্মশাস্ত্র দ্বয়ের মূল বিধানসকল ইংরেজীহইতে বঙ্গ ভাষায় অনুবাদিত হইয়া কলিকাতা তালতলাস্থ ত্রিস্রী নামক যন্ত্রালয়ে উত্তম অক্ষরে মুদ্রিত হইয়াছে ও মেকফরসন্ সাহেব কৃত কনট্রা কট অর্থাৎ চুক্তিসম্বন্ধীয় পুস্তক আগত জুলাই মাসের প্রথমে আর ঐ নামীয় ব্যক্তি কৃত মর্টগেজ অর্থাৎ বন্ধক সম্বন্ধীয় পুস্তক যে উপরোক্ত ভাষায় মুদ্রিত হইতেছে উক্ত মাসের শেষে সমাপ্ত হইবেক গ্রহণেচ্ছুক মহাশয়েরা অব-ধারিত মূল্যের টাকা নোট বা হুণ্ডীর দ্বারা প্রেরণ করিলে অভিলাষিত পুস্তক পাইতে পারিবেন।

উক্ত পুস্তক দ্বয়ের "উর্দ্দুও অতিশীঘ্র সমাপ্ত হইবে" ১০ জুন সন ১৮৬২ সাল।

কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতের উকীল শ্রীমহম্মদ ইসমাইল।

(গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ১৭ জুন।)

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল ডিক্রুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 1195. ১১৯৫)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 24, 1862.

কলিকাতা মঙ্গলবার ১৮৬২ সাল ২৪ জুন।

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 20.

From H. T. Prinsep, Esq., Register of the Sudder Dewanny Adawlut, to the Civil Judges in the Lower Provinces.

Dated, Calcutta, the 27th May, 1862.

In reviewing a Statement, the Court are oftentimes unable to form an exact estimate of the amount of work done by a Civil Judge, because when, as it frequently happens, two different officers have been in charge of the same office during different portions of the time over which the Statement extends, or when two officers have jointly done the work of the same office, (as is the case when an Additional Moonsiff is appointed, or a Moonsiff of another Chokey is temporarily employed elsewere on deputation) no separate detail of work is given for each officer. I am therefore directed to request that, in extension of Para. 6 of Circular Order No. 4 of 31st December 1861, on all future occasions, when such may be required, you will be so good as to invariably enter, bracketed, the Statements of work of the two officers so situated, as contained in columns 8—16 of Statement No. 1, Part 1.

(Signed) H. T. PRINSEP,

Register.

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

২০ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেবদিগের নিকটে সদর দেওয়ানী আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ২৭ মে।

সিবিল জজ সাহেবকর্ত্তৃক যত কর্ম্ম সম্পন্ন হয়, তাহা সদর আদালতের সাহেবেরা কৈফিয়ৎ দৃষ্টে যথার্থমতে নিরূপণ করিতে পারেন না। তাহার কারণ এই। কৈফিয়তে যত কালের বৃত্তান্ত লেখা আছে সেই কালের মধ্যে কখন২ একি কাছারীর কর্ম্মের ভার ভিন্ন২ সময়ে দুই কার্য্যকারকের প্রতি অর্পিত হয়, কিম্বা কোন স্থানে অতিরিক্ত মুনসেফ নিযুক্ত হইলে কিম্বা এক চৌকীর মুনসেফ কিয়ৎকালের নিমিত্তে অন্য চৌকীর কর্ম্মে সাহায্য করিতে প্রেরিত হইলে, দুই কর্ম্মকারক একত্রে একি কাছারীর কর্ম্ম নির্ব্বাহ করেন। কিন্তু এতদ্রূপ পুনঃ২ হইলেও, উক্ত প্রত্যেক কার্য্যকারকের কর্ম্মের স্বতন্ত্র বিবরণ লেখা যায় না। এই হেতুতে, ১৮৬১ সালের ৩১ ডিসেম্বর তারিখের ৪ নম্বরের সরক্যুলর অর্ডরের ৬ দফা বিস্তার করিয়া আদেশ করিতেছি যে ইহার পর যে বিবরণ ১ নম্বরের কৈফিয়তের প্রথম খণ্ডের ৮ অবধি ১৬ পর্য্যন্ত ঘরে লিখিবার বিধি আছে তাহাতে তুমি উক্ত প্রকারে নিযুক্ত দুই কার্য্যকারকের কর্ম্মের বিবরণ প্রয়োজনমতে ব্রাকেটের মধ্যে লিখিবা।

এচ টি প্রিন্সেপ।

রেজিষ্টর।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

NOTIFICATION.

SUDDER DEWANNY ADAWLUT.

The 20th June, 1862.

It is hereby notified for general information that the Pleadership Examination fixed for the 1st proximo, is with the sanction of Government postponed until further orders.

(Signed) H. T. PRINSEP,
Register.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 21st June, 1862.

Baboo Nilmadhub Mookerjee, L. L., to be Moonsiff of Borobaree, in Zillah Rungpore.

Baboo Mohanund Roy, to officiate as Moonsiff of Buddiakhally, in Zillah Rungpore.

LEAVE OF ABSENCE.

The 19th June, 1862.

Baboo Ramdoollub Doss, Moonsiff of Soonamgunge, in Zillah Sylhet, for one month.

H. T. PRINSEP, *Register.*

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরুনর্ সাহেবের হুকুম।

১২২১ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ৯ জুন।

নবম পোলীস পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত আর এচ এলিস সাহেব (Lieutenant R. H. Ellis,) ঐ পল্টনের আজুটাণ্টের কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ১৩ জুন।

শ্রীযুত পাদরী ডবলিউ ওয়ার্ড সাহেব (Reverend W. Ward,) শিবসাগর জিলাতে বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

ইহাতে শ্রীযুত ডবলিউ ও এ বেকেট সাহেবের (Mr. W. O. A. Beckett,) সেই পদে নিযুক্ত হইবার যে আজ্ঞা এ মাসের ৬ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা রহিত হইল।

১৮৬২ সাল ১৪ জুন।

শ্রীযুত জে মলার সাহেবের (Mr. J. Muller,) পরিবর্ত্তে শ্রীযুত ই টি ফিটস জিরালড সাহেব (Mr. E. T. FitzGerald,) দার্জিলিঙ্গে ১৮৫০ সালের ২৬ আইন অনুসারে কমিসানর হইবেন।

১৮৬২ সাল ১৬ জুন।

শ্রীযুত জে ডি গর্ডন সাহেব (Mr. J. D. Gordon,) পূরণিয়াতে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন কিন্তু কিয়ৎকালের নিমিত্ত বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারীর কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত জি এন বার্লো সাহেব (Mr. G. N. Barlow,) বঙ্গ দেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী হইবেন কিন্তু

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২৪ জুন।]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালত।

১৮৬২ সাল ২০ জুন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে ওকালতীর যে পরীক্ষা আগামি মাসের ১ তারিখে হইবার কল্পনা ছিল তাহা গবর্ণমেণ্টের অনুমতিক্রমে অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত স্থগিত রহিল।

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্টর।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬২ সাল ২১ জুন।

শ্রীযুত বাবু নীলমাধব মুখুয্যা L. L. জিলা রঙ্গপুরের বড়বাড়ীর মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু মহানন্দ রায় জিলা রঙ্গপুরের বুদিয়াখালীর মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬২ সাল ১৯ জুন।

জিলা ছিলটের সুনামগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু রামদুর্ল্লভ দাস এক মাসের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্টর।

পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত এফ বি পিকক্ সাহেব (Mr. F. B. Peacock) মুঙ্গেরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত মালদহের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত জে বি ওর্গান্ সাহেব (Mr. J. B. Worgan,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

পূর্ব্বোক্ত নিয়োগ শ্রীযুত ডবলিউ লি এফ রাবিনসন সাহেবের (Mr. W. Le F. Robinson,) নিয়মিত ছুটী লইয়া গমনের তারিখ অবধি প্রবল হইবে।

শ্রীযুত ডবলিউ আর লারমিনি সাহেব (Mr. W. R. Larminie,) শ্রীরামপুর এলাকা খণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন, ও হুগলীতে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারাক্রমে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতামতে ও ১৮৫৯ সালের ১০ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ বেবলী সাহেব (Mr. H. Beverley,) মুঙ্গেরে সাধারণের বিদ্যাধ্যাপনীয় কমিটির মেম্বর হইবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালিচন্দ্র চাটুয্যা, খুরদহ এলাকাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন, ও পুরীতে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারাক্রমে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু শম্ভুনাথ পণ্ডিত সদর আদালতে গবর্ণমেণ্টের প্রধান উকীলের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু জগদানন্দ মুখুয্যা সদর আদালতে গবর্ণমেণ্টের দ্বিতীয় উকীলের কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ১৭ জুন।

শ্রীযুত এচ জে মষ্টন সাহেব (Mr. H. J. Muston,) পশ্চিমাংশের নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন তাঁহার না পঁহুছনপর্য্যন্ত কলিকাতার নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ এল ওয়েন সাহেব (Mr. W. L. Owen,) আপন কর্ম্মের অতিরিক্ত পশ্চিমাংশের কর্ম্মও করিবেন।

শ্রীযুত এ ডি লেরিমোর সাহেব (Mr. A. D. Larymore,) বাকরগঞ্জে নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

ছুটী।

১৮৬২ সাল ১১ জুন।

হুগলীর দাতব্য ঔষধালয়ে নিযুক্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু পরমেশ্বর দাস অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন, দেশীয় চিকিৎসক শ্রীযুত সেখ জিলালুদ্দীন ঐসময়কালের নিমিত্তে বাবু পরমেশ্বর দাসের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৬২ সাল ১৬ জুন।

সরকারী মোকদ্দমার একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট ও রিমেমব্রেন্সর শ্রীযুত বাবু রমাপ্রসাদ রায় গত মাসের ১৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১২৮৭ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ২৯ মে।

শ্রীযুত বাবু রামতারক রায় রঙ্গপুরের প্রধান সদর আমীনের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু মদনগোপাল সোম বগুড়ার সদর আমীনের ও ঐ জিলার সদর মোকামের মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ১৭ জুন।

শ্রীযুত বাবু উৎসবানন্দ গোস্বামী গৌহাটীতে সাধারণের বিদ্যাধ্যাপনীয় কমিটির মেম্বর হইবেন।

১৮৬২ সাল ১৮ জুন।

শ্রীযুত জে সি গেডেস সাহেব (Mr. J. C. Geddes,) পাবনাতে সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটির মেম্বর ও সেক্রেটারী হইবেন।

১৮৬২ সাল ১৯ জুন।

শ্রীযুত জে এফ কে হিওয়েট সাহেব (Mr. J. F. K. Hewett) শাহাবাদের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ এল হিলী সাহেব (Mr. W. L. Heeley,) নদীয়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬২ সাল ১৭ জুন।

সরেণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কুলদীপনারায়ণ সিংহ অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ১৮ জুন।

পূরণিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নিরঞ্জন মুখুয্যা অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

ঢাকার আসেসর ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রামকুমার বসু অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে আগামি আগষ্ট মাসের ১৫ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ১৯ জুন।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত জি লক সাহেব, ও শ্রীযুত ই এচ লশিংটন সাহেব ও শ্রীযুত এচ রোস সাহেব (Messrs. G. Loch, E. H. Lushington, and H. Rose,) বর্ত্তমান মাসের ১৭ তারিখে কাণ্ডিয়া নামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ২০ জুন।

বর্ত্তমান মাসের ৭ তারিখের বিজ্ঞাপনের উপলক্ষে ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে, কলিকাতাহইতে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের গমন অনিবার্য্যহেতুতে কিয়দ্দিবস বিলম্ব হইল।

এ ইডেন।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

ZILLAH CACHAR.

Vacant—the Office of Treasurer with a salary of Rupees 65 per mensem.

Security to the amount of Rupees 10,000 will be required, a preference being given to cash deposits.

Applications enclosing testimonials to be forwarded to undersigned.

R. STEWART, *Superintendent.*

Zillah Cachar, Superintendent's Office, the 29th April, 1862.

[*Government Gazette, 24th June,* 1862.]

জিলা কাছাড়।

৬৫৲ টাকা মাসিক বেতনের খাজাঞ্চির পদ খালি ১০,০০০৲ টাকার জামিনীর আবশ্যক, নগদ ডিপাজিট দায়কের দাখিই শ্রেষ্ঠ হইবেক নিম্ন স্বাক্ষরিত সমীপে সর্টিফিকটসহ দরখাস্ত পাঠাইতে হইবেক।

আর ইষ্টুয়ার্ট সাহেব সুপরিণ্টেণ্ডেণ্ট কাছাড়।

জিলা কাছাড়। ১৮৬২ সাল তারিখ ২৯ আপ্রিল।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

সুপ্রিমকোর্ট।

রিসিবর আফিস।

সুন্দরবন আবাদ জমী ইজারা।

কাশীনাথ পণ্ডিত	বাদী।
বৈজনাথ পণ্ডিত	প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে বর্ত্তমান সনের ২৫ জুন বুধবার বেলা দুইপ্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত চারলস সুইষ্টন হাগ সাহেব তাঁহার আফিসে মৃত রাজরাণী দেব্যার ইষ্টেটের স্বত্ব নিম্নের লিখিত সুন্দরবন আবাদ জমির ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন তাঁহারা ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

জেলা ২৪ পরগনা।

৬৪ নং নাটির অন্তর্গত পরগনে পণ্ডিত সদানন্দপুর কমবেশ জমী ৫২৮৪ বিঘা তাহার চৌহদ্দি উত্তর গড় নয়ানের খাল দক্ষিণ চটকির খাল পূর্ব্ব কালুগাছির খাল ও নদী তাম্বলদহ পিটা সীমিনিয়াগ্রাম ও বেপারি পুষ্করিণীহইতে নাগর বোড় গ্রাম।

এই ৫২৮৪ বিঘা জমির মধ্যে ২৩৩ বিঘা জমি এই ইজারার ভুক্ত হইবেক না আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

কোর্ট হৌস রিসিবর আফিস।

তারিখ ২৬ মেই ১৮৬২ সাল।

ইষ্টাম্পের নূতন আইন বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। পাঠকেরদের সুগমরূপে বুঝিবার জন্যে ঐ আইনের সকল বিধানের সারসংগ্রহ নির্ঘণ্টস্বরূপে করা গিয়াছে ও তফসীলের নানা প্রকরণে যে২ দলীলের ইষ্টাম্প নির্ণয় হইয়াছে তাহার নির্ঘণ্ট অক্ষরক্রমে দেওয়া গিয়াছে। মূল্য ... ... ॥০ মাত্র।

বঙ্গদেশের খাজানাসম্পর্কীয়।

১৮৬২ সালের ৬ আইন মূল্য ... ... ৵ আনামাত্র।

ভারতবর্ষের দণ্ডবিধির আইন নির্ঘণ্টসহ মূল্য ... ... ২ টাকা মাত্র।

আরো দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৫৯ সালের ৮ আইন ১৮৬১ সালের ২৩ আইনঅনুসারে সংশোধিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। মূল্য ... ... ২৲ টাকা মাত্র।

উক্ত পুস্তকে যাঁহারদের প্রয়োজন থাকে তাঁহারা শ্রীরামপুরে গবর্ণমেণ্টের অনুবাদক শ্রীযুত রাবিনসন সাহেবের নিকটে কিম্বা কলিকাতায় ডিরোজারিও সাহেবের ও থাকর কোম্পানির পুস্তকালয়ে তত্ত্ব করিলে পাইতে পারিবেন। ডাকযোগে পুস্তক পাঠাইতে হইলে মূল্যাতিরিক্ত ডাক মাসুলও লাগিবে।

বিজ্ঞাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে প্রবোধ চন্দ্রিকা গ্রন্থ শ্রীরামপুর যন্ত্রালয়ে উত্তম কাগজে উত্তমাক্ষরে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ২৲ দুই টাকা মাত্র।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২৪ জুন।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল ডিক্রুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

অতিরিক্ত
গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 24, 1862.

কলিকাতা মঙ্গলবার ১৮৬২ সাল ২৪ জুন।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 1st May 1862, and is hereby promulgated for general information :—

Act No. XVII. of 1862.

An Act to repeal certain Regulations and Acts relating to Criminal Law and Procedure.

[Preamble.]

WHEREAS by Act XLV. of 1860 a Penal Code has been prescribed for British India, and the said Code came into operation on the 1st day of January 1862; and whereas by Act XXV. of 1861 a Code of Procedure is provided for the Courts of Criminal Judicature not established by Royal Charter, and the said Code likewise came into operation on the 1st day of January 1862 in the Presidencies of Bengal, Madras, and Bombay, and was at the same time, or has since been, or hereafter may be extended to other parts of British India; and whereas it is expedient to repeal, in the manner hereinafter provided, certain Regulations and Acts relating to Criminal Law and Procedure; It is enacted as follows :—

[Repeal of Regulations and Acts providing for the punishment of offences. Exception.]

I. The several Regulations and Acts set forth in the Schedule hereunto annexed, so far as they provide for the punishment of offences, shall be held to have been and are hereby repealed from the 1st day of January 1862 in the Presidencies of Bengal, Madras, and Bombay, and in the other parts of British India in which such Regulations and Acts or any of them were in force on the said 1st day of January 1862, except in so far as

হোম ডিপার্টমেণ্ট।

লেজিসলেটিব।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের পশ্চাৎ লিখিত আইনেতে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬২ সালের ১ মে তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। তাহা এইক্ষণে সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬২ সালের ১৭ আইন।

ফৌজদারী মোকদ্দমার আইন ও কার্য্যবিধান সম্পর্কীয় কএক আইন ও আক্ট রহিত করণের আইন।

[হেতুবাদ।]

১৮৬০ সালের ৪৫ আইনেতে ব্রিটনীয় ভারতবর্ষের নিমিত্তে দণ্ডবিধির আইন নির্দ্দিষ্ট হইয়া ১৮৬২ সালের ১ জানুআরি তারিখঅবধি প্রচলিত হইয়াছে। ও ফৌজদারী মোকদ্দমার বিচারার্থ যে২ আদালত রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত হয় নাই, সেই২ আদালতের নিমিত্তে ১৮৬১ সালের ২৫ আইনেতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন নির্দ্দিষ্ট হইয়া বঙ্গ ও মান্দ্রাজ ও বোম্বাই প্রসীডেন্সীতে ১৮৬২ সালের ১ জানুআরি তারিখঅবধি প্রচলিত হইয়াছে ও ব্রিটনীয় ভারতবর্ষের অন্য২ স্থানেও সেই সময়ে কি তৎপরে প্রচলিত হইয়াছে ও উত্তর কালে প্রচলিত হইতে পারিবে। এবং ফৌজদারী মোকদ্দমার আইন ও কার্য্যবিধান সম্পর্কীয় কতক আইন ও আক্ট পশ্চাৎ লিখিতমতে রহিত করা বিহিত, এই কারণে পশ্চাৎ লিখিত বিধান হইল।

[অপরাধের দণ্ডনিরূপক আইন ও আক্ট রহিত হইবার কথা ও বর্জ্জিত কথা।]

১ ধারা। এই আইনসংযুক্ত তফসীলে যে২ আইন ও আক্ট নির্দ্দিষ্ট আছে তাহার যে২ কথাদ্বারা অপরাধের দণ্ডের বিধি হইয়াছে, সেই২ কথা, বঙ্গ ও মান্দ্রাজ ও বোম্বাই প্রসীডেন্সীতে, ও ব্রিটনীয় ভারতবর্ষের অন্য যে২ স্থানে উক্ত আইন ও আক্ট কি তন্মধ্যে কোন আইন কি আক্ট ১৮৬২ সালের ১ জানুআরি তারিখে প্রচলিত ছিল সেই২ স্থানে, ১৮৬২ সালের উক্ত ১ জানুআরি তারিখঅবধি রহিত হইয়াছে জ্ঞান হইবেক, ও এই ধারাক্রমে রহিত করা গেল। কিন্তু সেই২ আইনের যে

they repeal the whole or any part of any other Regulation or Act, and except as to any offence committed before the said 1st day of January 1862.

[Repeal of Regulations and Acts not repealed by last Section, in places where Code of Criminal Procedure came into operation on 1st January 1862.]

II. To the extent expressed in the Schedule annexed to this Act, the Regulations and Acts set forth therein, which are not repealed by the last preceding Section, shall, except in so far as they repeal the whole or any part of any other Regulation or Act, and except as to any offence committed before the said 1st day of January 1862, be held to have been and are hereby repealed from the said date in the Presidencies of Bengal, Madras, and Bombay, and in the other parts of British India in which such Regulations and Acts or any of them were in force on the said 1st day of January 1862, and in which the said Code of Criminal Procedure came into operation on such date.

[Repeal of the same Regulations and Acts in places where the Code of Criminal Procedure did not come into operation on 1st January 1862.]

III. To the extent expressed in the Schedule annexed to this Act, the Regulations and Acts set forth therein, which are not repealed by Section I. of this Act, and which were in force on the said 1st day of January 1862 in any part of British India in which the said Code of Criminal Procedure did not come into operation on the said 1st day of January 1862, shall, except in so far as they repeal the whole or any part of any other Regulation or Act and except as to any offence committed before the date on which the said Code shall have been or shall hereafter be extended to such part of British India, be held to have been or shall be repealed in such part of British India from the date on which the said Code shall have been or shall be so extended thereto.

[Procedure and powers in the investigation and trial of offences committed before 1st January 1862.]

IV. In the investigation and trial of offences committed before the said 1st day of January 1862, the Criminal Courts of the several grades and the Officers of Police shall, after the passing of this Act, be guided by the provisions of the Code of Criminal Procedure, so far as the same can be applied, wherever the said Code shall be in operation at the time of such investigation or trial; and for the trial and punishment of such offences such Courts shall exercise the jurisdiction and powers vested in them under the said Code of

কথা দ্বারা অন্য কোন আইনের কি আক্টের সমুদয় কি কোন অংশ রহিত করা যায় সেই কথা প্রবল থাকিবে, ও ১৮৬২ সালের উক্ত ১ জানুআরি তারিখের পূর্ব্বে যে কোন অপরাধ করা গিয়াছিল তদ্বিষয়ে উক্ত সকল আইন প্রবল থাকিবে ইতি।

[ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন ১৮৬২ সালের ১ জানুআরি তারিখে যে২ স্থানে প্রচলিত হয় সেই২ স্থানে ১ ধারাক্রমে যে২ আইন রহিত না হইয়াছে তাহা রহিত হইবার কথা।]

২ ধারা। বাঙ্গলা ও মান্দ্রাজ ও বোম্বাই প্রসীডেন্সীতে, ও ব্রিটনীয় ভারতবর্ষের অন্য যে২ স্থানে এই আইনসংযুক্ত তফসীলের নির্দ্দিষ্ট আইন ও আক্ট কি তন্মধ্যে কোন২ আইন কি আক্ট ১৮৬২ সালের ১ জানুআরি তারিখে প্রবল ছিল এবং সেই তারিখে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের উক্ত আইন প্রচলিত করা যায়, সেই২ স্থানে পূর্ব্বোক্ত যে২ আইন ও আক্ট ইহার পূর্ব্বের ধারাক্রমে রহিত হয় নাই তাহা ঐ তফসীলে যেপর্য্যন্ত নির্দ্দিষ্ট আছে সেইপর্য্যন্ত উক্ত তারিখঅবধি রহিত হইয়াছে জ্ঞান হইবেক ও এই ধারাক্রমে রহিত করা গেল। পরন্তু সেই২ আইনের যে কোন কথাদ্বারা অন্য কোন আইনের কি আক্টের সমুদয় কি কোন অংশ রদ হয় তাহা প্রবল থাকিবে। ও ১৮৬২ সালের উক্ত ১ জানুআরি তারিখের পূর্ব্বে যে কোন অপরাধ করা গিয়াছিল তদ্বিষয়ে সেই২ আইন ও আক্ট প্রবল থাকিবে ইতি।

[ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধান যে২ স্থানে ১৮৬২ সালের ১ জানুআরি তারিখঅবধি প্রচলিত না হইয়াছিল সেই২ স্থানে এই২ আইন ও আক্ট রহিত হইবার কথা।]

৩ ধারা। এই আইনসংযুক্ত তফসীলের লিখিত যে২ আইন ও আক্ট এই আইনের ১ ধারাক্রমে রহিত হয় নাই, এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের উক্ত আইন ব্রিটনীয় ভারতবর্ষের যে২ স্থানে ১৮৬২ সালের উক্ত ১ জানুআরি তারিখে প্রচলিত হয় নাই, এমত স্থানে উক্ত যে২ আইন ও আক্ট ১৮৬২ সালের উক্ত ১ জানুআরি তারিখে প্রবল ছিল, সেই২ আইন উক্ত তফসীলে যেপর্য্যন্ত নির্দ্দিষ্ট হইয়াছে সেইপর্য্যন্ত, ব্রিটনীয় ভারতবর্ষের সেই২ স্থানে ঐ কার্য্যবিধানের আইন প্রচলিত হইবার তারিখঅবধি রহিত হইল জ্ঞান হইবেক এবং রহিত হইবেক। কিন্তু পূর্ব্বোক্ত আইনের যে কথার দ্বারা অন্য কোন আইনের সমুদয় কি কোন অংশ রদ হইয়াছে সেই কথা প্রবল থাকিবে। ও ব্রিটনীয় ভারতবর্ষের উক্ত স্থানে উক্ত কার্য্যবিধানের আইন যে তারিখে প্রচলিত করা যায় কি করা যাইবে সেই তারিখের পূর্ব্বে যে কোন অপরাধ করা যায় তদ্বিষয়ে সেই২ আইন প্রবল থাকিবে ইতি।

[১৮৬২ সালের ১ জানুআরি তারিখের পূর্ব্বে যে২ অপরাধ হইয়াছিল তাহার অনুসন্ধান ও বিচার করণে যেরূপে ও যে ক্রমতাক্রমে কার্য্য হইবে তাহার কথা।]

৪ ধারা। ১৮৬২ সালের উক্ত ১ জানুআরি তারিখের পূর্ব্বে যে অপরাধ হইয়াছিল তাহার অনুসন্ধান ও বিচার যে সময়ে যে স্থানে হইবে সেই সময়ে ও সেই স্থানে যদি ফৌজদারী মোকদ্দমার উক্ত কার্য্যবিধানের আইন প্রচলিত থাকে, তবে এই আইন জারী হইবার পরে নানা শ্রেণীর ফৌজদারী সকল আদালত ও পোলীসের সকল কর্ম্মকারক উক্ত আইনের বিধান যেপর্য্যন্ত বর্ত্তিতে পারে সেইপর্য্যন্ত সেই বিধানমতে কার্য্য করিবেন। ও তদ্রূপ অপরাধের বিচার ও দণ্ড করণ কার্য্যে উক্ত সকল আদালত ফৌজদারী মোকদ্দমার উক্ত কার্য্যবিধানক্রমে যে সকল ক্ষমতা ও শক্তি প্রাপ্ত হইয়াছেন

Criminal Procedure, provided that no person convicted of any such offence shall be liable to any other punishment than that to which he would have been liable had he been convicted of such offence before the said 1st day of January 1862, and that no such person, who shall claim the same, shall be deprived of any right of appeal or reference to a Sudder Court which he would have enjoyed had the trial been held under any of the Regulations or Acts hereby repealed.

[Procedure in the investigation and trial, in places to which the Code of Criminal Procedure is extended after passing of this Act, of offences committed before date of extension.]

V. In any part of British India to which the Code of Criminal Procedure shall be extended after the passing of this Act, the said Code shall, subject to the provisions of the last preceding Section, be followed in the investigation and trial of any offences committed before the date of such extension.

[Saving of certain sentences passed for offences committed before Code of Criminal Procedure came into operation, by reason only of the procedure of that Code having been followed. Proviso.]

VI. No sentence passed before the passing of this Act for any offence which shall have been committed before the 1st day of January 1862, (or whenever the said Code of Criminal Procedure shall not have been extended to any place in British India on the said 1st day of January 1862, then before the date on which the said Code shall have been extended to such place), shall be liable to be quashed or set aside by reason only of the procedure in the investigation or trial of any such offence having been wholly or in part the procedure provided by the said Code of Criminal Procedure. Provided that, if in any such case it shall appear that the accused party has been deprived of any right of appeal or reference to a Sudder Court, which he would have enjoyed had the trial been held under any of the Regulations or Acts hereby repealed, the Sudder Court or the highest Court of Criminal Jurisdiction may call for the proceedings in the case and pass such order thereon as it may deem just and proper.

[Saving of certain sentences passed, &c., before passing of this Act.]

VII. Nothing in this Act shall affect any sentence or order passed or any proceeding held or any act done previously to the passing of this Act and in accordance with any Act or Regulation repealed by this Act.

তদনুসারে কার্য্য করিবেন। কিন্তু যে ব্যক্তির তদ্রূপ কোন অপরাধ প্রমাণ হয়, তাহার সেই অপরাধের প্রমাণ ১৮৬২ সালের উক্ত ১ জানুআরি তারিখের পূর্ব্বে হইলে সে যে দণ্ডের যোগ্য হইত তদ্ভিন্ন অন্য কোন দণ্ডের যোগ্য হইবে না। ও এই আইনক্রমে যে২ আইন ও আক্ট রহিত হইয়াছে তাহার কোন আইনমতে ঐ ব্যক্তির বিচার হইলে যদি তাহার আপীল করিবার কি সদর আদালতে কোন বিষয় অর্পণ করিবার অধিকার থাকিত, তবে সেই ব্যক্তি তাহা করিবার দাওয়া করিলে তাহার তদ্রূপ অধিকার রহিত হইবেক না ইতি।

[ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন এই আইন প্রচলিত হইবার পরে যে২ স্থানে প্রচলিত হইবে সেই২ স্থানে প্রচলিত হইবার তারিখের পূর্ব্বে যে অপরাধ করা যায় তাহার অনুসন্ধান ও বিচার করণে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৫ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের যে কোন স্থানে এই আইন প্রচলিত হইবার পরে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন প্রচলিত করা যাইবে, সেই২ স্থানে উক্ত আইন প্রচলিত হইবার তারিখের পূর্ব্বে যে সকল অপরাধ হইয়াছিল তাহার অনুসন্ধান ও বিচার ইহার পূর্ব্বের ধারার বিধানানুসারে উক্ত আইনমতে করিতে হইবেক ইতি।

[ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে২ অপরাধ হইয়াছিল তাহার কোন২ দণ্ডের আজ্ঞা উক্ত আইনের কার্য্যবিধানমতে হওয়াপ্রযুক্ত অসিদ্ধ না হইবার কথা ও বর্জ্জিত কথা।]

৬ ধারা। ১৮৬২ সালের ১ জানুআরি তারিখের পূর্ব্বে (অথবা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন ব্রিটনীয় ভারতবর্ষের যে স্থানে ১৮৬২ সালের উক্ত ১ জানুআরি তারিখে প্রচলিত না হয়, সেই স্থানে উক্ত আইন যে তারিখে প্রচলিত হয়, তাহার পূর্ব্বে) যে অপরাধ হইয়াছিল তদ্রূপ কোন অপরাধের অনুসন্ধান কি বিচার কার্য্যের সমুদয় কি এক অংশ উক্ত ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের নির্দ্দিষ্ট বিধানমতে করা গিয়াছে কেবল এই কারণে এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে করা কোন অপরাধের দণ্ডাজ্ঞা নিষ্ফল কি অসিদ্ধ হইবার যোগ্য হইবেক না। কিন্তু তদ্রূপ কোন স্থলে যদি দৃষ্ট হয় যে, এই আইনদ্বারা রহিত করা কোন আইন কি আক্টঅনুসারে অভিযুক্ত ব্যক্তির বিচার হইলে তাহার সদর আদালতে আপীল করিবার কি কোন বিষয় অর্পণ করিবার যে অধিকার থাকিত তাহার সেই অধিকার রহিত হইয়াছে, তবে সদর আদালত কিম্বা ফৌজদারী মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপন্ন অতি উচ্চ আদালত, সেই মোকদ্দমার কাগজপত্র তলব করিয়া, যে আজ্ঞা যথার্থ ও উপযুক্ত বোধ করেন তাহা করিতে পারিবেন ইতি।

[এই আইন প্রচলিত হইবার অগ্রে যে২ দণ্ডাজ্ঞা হইয়াছে তাহা অসিদ্ধ না হইবার কথা।]

৭ ধারা। এই আইনদ্বারা রহিত করা কোন আইন কি আক্টঅনুযায়ি যে কোন দণ্ডাজ্ঞা কি আজ্ঞা কি মোকদ্দমাঘটিত যে কোন কার্য্য কিম্বা যে কোন কর্ম্ম এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে করা যায়, তাহা এই আইনের কোন কথাতে অন্যথা হইবেক না ইতি।

SCHEDULE OF REGULATIONS AND ACTS REPEALED.

Reference to Regulation or Act.	Title of Regulation or Act.	Extent of Repeal.
Act XIII. of 1835 ...	... ...	The whole Act.
Act XV. of 1835 ...	... ...	The whole Act.
Act XVIII. of 1835 ...	... ...	The whole Act.
Act XX. of 1835 ...	... ...	The whole Act.
Act VI. of 1836 ...	... ...	The whole Act.
Act XXX. of 1836 ...	... ...	The whole Act.
Act XVIII. of 1837 ...	... ...	The whole Act.
Act XXI. of 1837 ...	... ...	Section IV.
Act XXIII. of 1837 ...	... ...	The whole Act.
Act XXVII. of 1837 ...	... ...	Section XII.
Act XXX. of 1837 ...	... ...	The whole Act.
Act XXXIII. of 1837 ...	... ...	The whole Act.
Act XXXVII. of 1837 ...	... ...	The whole Act.
Act III. of 1838 ...	... ...	The whole Act.
Act IX. of 1838 ...	... ...	The whole Act.
Act XXVI. of 1838 ...	... ...	The whole Act.
Act II. of 1839 ...	... ...	The whole Act.
Act XVIII. of 1839 ...	... ...	The whole Act.
Act XIX. of 1839 ...	... ...	The whole Act.
Act I. of 1840 ...	An Act for regulating the procedure on trials referred to the Court of Foujdaree Adawlut at Madras ...	The whole Act.
Act IV. of 1840 ...	An Act for preventing affrays concerning the possession of land, and for providing relief in cases of forcible dispossession, within the Presidency of Fort William in Bengal ...	The whole Act.
Act V. of 1840 ...	An Act concerning the oaths and declarations of Hindoos and Mahomedans ...	Sections II. and III.
Act XI. of 1840 ...	An Act for the Presidency of Bombay, amending the law concerning prisoners sentenced to labor or solitude. ...	Sections II. and III.
Act XVII. of 1841 ...	An Act for amending the proceedings in appeals before the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut in the Presidency of Fort William in Bengal	Section II., so much as was not repealed by Act X. of 1861.
Act XXI. of 1841 ...	An Act for the better prevention of local nuisances	The whole Act.
Act XXX. of 1841 ...	An Act for repressing obstructions to justice in certain Courts of the East India Company ...	Section I.
Act XXXI. of 1841 ...	An Act for amending the provisions of the Bengal Code touching Criminal Appeals, and the revision of sentences and orders of Criminal Courts	The whole Act.
Act VIII. of 1842 ...	An Act for describing in Legislative Acts, with greater certainty and convenience, the Courts of the highest jurisdiction in the respective Presidencies	The whole Act.
Act XVIII. of 1842 ...	An Act for facilitating preliminary investigations of criminal cases connected with the collection of the revenue within the Presidency of Bombay	The whole Act.
Act IV. of 1843 ...	An Act for amending the law concerning appeals from Justices of the Peace, and from Magistrates acting under the Statute 53, Geo. III. c. 155 ...	The whole Act.
Act VII. of 1843 ...	An Act for abolishing the Provincial Courts of Appeal and Circuit in the Presidency of Fort Saint George, and for establishing new Zillah Courts to perform their functions; for establishing Courts constituted according to Regulations I. and II., and Regulations VII. and VIII. of 1827, in place of the existing Civil and Criminal Zillah Courts, and for extending the Civil jurisdiction of such Courts	Sections XXVII., XXIX., XXX., XXXI., XXXII., XXXIII., XXXIV., XXXVI., XXXVII. XLI., XLII., XLIII., LI., LIV., LV., and LVI.
Act XV. of 1843 ...	An Act for the more extensive employment of Uncovenanted Agency in the Judicial Department	In so far as it relates to the powers of Deputy Magistrates or Judicial Officers.
Act XXIV. of 1843 ...	An Act for better prevention of the crime of dacoity	The whole Act.
Act III. of 1844 ...	An Act for legalizing the infliction of corporal punishment in cases of petty larceny generally, and when committed by offenders of tender age	The whole Act.
Act XIV. of 1844 ...	An Act for regulating the proceeding of the Sudder Courts at Fort William, Fort St. George, Bombay, and at Agra, in regard to sentences of transportation for life	The whole Act.

Reference to Regulation or Act.	Title of Regulation or Act.	Extent of Repeal.
Act II. of 1845 ...	An Act for regulating the punishment of adultery in the Courts of the East India Company, in the Territories subject to the Presidency of Bombay	The whole Act.
Act X. of 1845 ...	An Act for empowering Courts to issue warrants in cases of failure to serve summons ...	The whole Act.
Act XVIII. of 1845 ...	An Act for the punishment of offences committed by convicts sentenced to imprisonment for life	The whole Act.
Act XXVII. of 1845 ...	An Act for enabling Assistant Magistrates vested with special powers to decide cases under the provisions of Act IV. of 1840 ...	The whole Act.
Act XXX. of 1845 ...	An Act for enabling Session Judges within the Madras Presidency to award fines in compensation to injured parties	The whole Act.
Act VII. of 1846 ...	An Act regarding the deposit of diet money for witnesses in petty cases ...	The whole Act.
Act X. of 1847 ...	An Act for amending Act XXX. of 1836 ...	The whole Act.
Act XX. of 1847 ...	An Act for the encouragement of learning in the Territories subject to the Government of the East India Company, by defining and providing for the enforcement of the right called copy-right therein	Section IV.
Act I. of 1848 ...	An Act to regulate the proceedings in certain cases of forgery	The whole Act.
Act III. of 1848 ...	An Act for removing doubts as to the meaning of the words "thug" and "thuggee," and the expression "murder by thuggee," when used in the Acts of the Council of India ...	The whole Act.
Act V. of 1848 ...	An Act to amend the law regarding the taking of Mochulkas or Penal recognizances ...	The whole Act.
Act XI. of 1848 ...	An Act for the punishment of wandering gangs of thieves and robbers	The whole Act.
Act XIX. of 1848 ...	An Act for better defining the law as to revision of the sentences of subordinate Criminal Courts in the Presidencies of Bengal and Madras ...	The whole Act.
Act IV. of 1849 ...	An Act for the safe custody of Criminal Lunatics	The whole Act.
Act XIV. of 1849 ...	An Act to punish tampering with the Army or Navy	The whole Act.
Act VII. of 1850 ...	An Act for better defining the law as to the removal of prisoners	The whole Act.
Act XIII. of 1850 ...	An Act for punishing breaches of trust ...	The whole Act.
Act XVI. of 1850 ...	An Act for the restitution of the value of stolen property ...	The whole Act.
Act XXXVIII. of 1850 ..	An Act to allow Counsel to all persons on the trial of offences	The whole Act.
Act IV. of 1851 ...	An Act for the appointment of Uncovenanted Deputy Magistrates, and for defining the duties of Deputy and Assistant Magistrates in Bombay	The whole Act.
Act XVI. of 1851 ...	An Act for the trial of receivers of stolen property	The whole Act.
Act XXXII. of 1852 ...	An Act to facilitate the prosecution of certain Ministerial and Police Officers for certain Criminal acts	The whole Act.
Act I. of 1853 ...	An Act for providing in the Presidencies of Fort St. George and Bombay for the punishment of males of tender age for petty thefts ...	The whole Act.
Act VII. of 1854 ..	An Act for the apprehension within the Territories under the Government of the East India Company, of persons charged with the commission of heinous offences beyond the limits of the said Territories and for delivering them up to justice and to provide for the execution of warrants in places out of the jurisdiction of the authorities issuing them ...	So much of the Act as relates to warrants issued otherwise than under the provisions of the said Act.
Act X. of 1854 ...	An Act for regulating the powers of Assistants to Magistrates and of Deputy Magistrates appointed under Act XV. of 1843 ...	So much of Section I. as recites that the order passed by any Assistant or Deputy Magistrate shall be subject to appeal, and Sections II. & III.
Act XII. of 1854 ...	An Act for conferring Criminal Jurisdiction upon District Moonsiffs in the Presidency of Madras	The whole Act.
Act XV. of 1855 ...	An Act to amend Regulation III. of 1833 of the Bombay Regulations	The whole Act.

Reference to Regulation or Act.	Title of Regulation or Act.	Extent of Repeal.
Act XVI. of 1855 ...	An Act to amend the law in force in the Presidency of Bombay, concerning the use of badges	The whole Act.
Act XIX. of 1855 ...	An Act to amend the law relating to District Moonsiffs in the Presidency of Fort St. George	Section V.
১৮৩২ সালের ৮ আইন	সদর ও ফৌজদারী আদালতের এবং প্রবিন্সাল আপীল আদালতের দুই কি ততোধিক জন জজ সাহেব একত্রে বসিয়া যে২ ক্ষমতাক্রমে এইক্ষণে কার্য্য করিতে পারেন, এ২ আদালতের এক২ জন জজ সাহেবের প্রতি সেই২ ক্ষমতার্পণ করিবার আইনের ...	৫ ধারা।
১৮৩১ সালের ৮ আইন	১৮২১ সালের ৪ আইনের ৭ ধারার ২ প্রকরণ ও ৮ ধারা রহিত করিবার	সম্পূর্ণ আইন।
১৮৩২ সালের ৯ আইন	জিলার পোলীসের প্রধান কার্য্যকারকের নিকটে কি তাঁহার ক্ষমতাপ্রাপ্ত পোলীসের কর্ম্মকারকের নিকটে মিথ্যা অভিযোগ হইলে তাহার দণ্ড করিবার ...	সম্পূর্ণ আইন।
১৮৩২ সালের ১৩ আইন	কোন২ স্থলে ফৌজদারী মোকদ্দমা আরো উত্তমরূপে করিবার	সম্পূর্ণ আইন।
১৮৩৩ সালের ২ আইন	অপরাধি স্ত্রীদিগকে প্রহার না করিবার ...	সম্পূর্ণ আইন।
১৮৩৩ সালের ৩ আইন	সদর আমীনদিকে ফৌজদারী মোকদ্দমায় ক্ষমতা দেওনের ও দেওয়ানী সম্পর্কে রেজিষ্টরেরদের ও সদর আমীনেরদের ও জিলার মুনসেফেরদের ক্ষমতা বৃদ্ধি করণের আইনের	২ ধারা।
১৮৩৪ সালের ১ আইন	যাহারদের রাজবিদ্রোহিতা কি রাজ্য বিপক্ষে হঙ্গামা দোষ প্রমাণ হয় তাহারদের দণ্ড করিবার ...	সম্পূর্ণ আইন।
	বোম্বাই।	
১৮২৭ সালের ২ আইন	দেওয়ানী আদালত সংস্থাপনের নিয়ম ও তাহার বিচারকর্ত্তারদের ও কর্ম্মকারকেরদের ক্ষমতা ও কর্ত্তব্য কর্ম্ম নিরূপণ করিবার আইনের ...	৩৬ ধারা।
১৮২৭ সালের ৪ আইন	দেওয়ানী ও আপীলী মোকদ্দমায় আইনসম্পর্কীয় আদালতের কার্য্য করিবার নিয়ম ও সেই মোকদ্দমার বিচার করিবার বিধান নির্দ্দিষ্ট করিবার আইনের ...	৩৪ ধারার ৪ প্রকরণ ও ৫২ ও ৫৪ ও ৫৫ ধারা।
১৮২৭ সালের ১১ আইন	ফৌজদারী মোকদ্দমার বিচার করিবার আইন যে২ ব্যক্তিরদের উপর প্রচলিত হইবে, ও বিদেশীয় লোকেরা যে গবর্ণমেণ্টের লোক হয় সেই গবর্ণমেণ্টের প্রতি তাহারদিগকে যে২ গতিকে সমর্পণ করা যাইবেক ও বিদেশাগত ব্যক্তিরদের ও তাহারদের সন্তানেরদের উপর ও তাহারদের বাসস্থান বিষয়ে গবর্ণমেণ্ট যে২ গতিকে কর্ত্তৃত্ব করিতে পারেন এই সকল কথা নির্দ্ধার্য্য করিবার	সম্পূর্ণ আইন।

যেআইন কি আক্ট	আইনের নাম	যেপর্য্যন্ত রদ হইল।
১৮২৭ সালের ১২ আইন	বোম্বাই দেশের অধীন সমস্ত জিলাতে পোলীসের নিয়ম স্থাপন করিবার ও তাহার কার্য্যের বিধি করিবার ও পোলীসের সকল কর্ম্মকারকের ও চাকরের কর্ত্তব্য কর্ম্ম ও ক্ষমতা নির্ণয় করিবার আইনের ...	পশ্চাৎ লিখিত ধারা ভিন্ন সম্পূর্ণ আইন। অর্থাৎ জিলার মাজিষ্ট্রেট সাহেব সম্পর্কে ১ ধারা। ও জিলার মাজিষ্ট্রেট সাহেবের পোলীস সম্পর্কীয় কার্য্য বিষয়ে ৩ ধারার ১ প্রকরণ ও ৩ ধারার ২ প্রকরণ। ও জিলার মাজিষ্ট্রেট সাহেব সম্পর্কে ঐ ধারার ৫ প্রকরণ, ও ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট কালেক্টর সাহেবেরদের সম্পর্কে ৪ ধারা, ও ৬ ধারা, ও ১০ ধারার ৪ প্রকরণ ও মাজিষ্ট্রেট সাহেবেরদের জারী করা পরওয়ানার পৃষ্ঠে লিখন ও রিকার্ড করণের বিষয়ে ১৩ ধারার ১ প্রকরণ, ও ১৯ ধারার ১ ও ৬ ও ৭ ও ৮ প্রকরণ ও ২০ ধারা ও গ্রাম্য পোলীসের তত্ত্বাবধারণসম্পর্কে ২২ ধারার ১ প্রকরণ ও ২৭ ধারার ২ প্রকরণ ও ৩০ ধারা ও ৩১ধারার ৪প্রকরণ ও ৩৭ ও ৪০ধারা ও ৬ অধ্যায়।
১৮২৭ সালের ১৩ আইন	ফৌজদারী আদালত সংস্থাপনের নিয়ম ও তাহাতে কর্ম্মকারকেরদের কর্ত্তব্য কর্ম্ম ও কার্য্য চলনের নিয়ম নিরূপণ করিবার আইনের ...	৪, ৫, ৬, ১০, ১১, ১২ ও ১৩ ধারা ও ৩ ও ৪ অধ্যায় ও ২৯ ও ৩০ ধারা, ও ৩১ ধারার ১ ও ২ প্রকরণ, ও ৩৩ ধারার ৩ প্রকরণ এবং সমনের পরিবর্ত্তে কোন২ সময়ে পত্র প্রেরণের ক্ষমতাসম্পর্কীয় ৩৪ ধারার ৩ প্রকরণ ও সেই ধারার ৯ প্রকরণ ও ৩৬ ধারার ২ প্রকরণ ও ৪৩ ধারার ১ ও ২ প্রকরণভিন্ন ৬ অধ্যায়। ৩ ধারার ২ প্রকরণ ও ২০ ও ২৩ ধারা ভিন্ন সম্পূর্ণ আইন।
১৮২৭ সালের ১৪ আইন	অপরাধ ও দোষ নির্ণয় করিবার ও তাহার দণ্ড নির্দ্দিষ্ট করিবার আইনের	
১৮২৭ সালের ১৫ আইন	ভূম্যধিকারিরা যে বিধিমতে আপন২ দের ভূমির মধ্যে কিম্বা উপযুক্ত অন্য সীমার মধ্যে পোলীসের ক্ষমতাপ্রাপ্ত হইতে পারে, ও তাহারদের স্থানে সেই ক্ষমতা নীত হইতে পারিবেক সেই বিধি নিণায়ক ও ফৌজদারী বিষয়ে তাঁহারদের যে বিধানমতে কার্য্য করিতে হইবেক তৎপ্রকাশক	সম্পূর্ণ আইন।
১৮২৭ সালের ২৩ আইন	দেওয়ানী কোন২ পদস্থ ব্যক্তিরদের অপর ব্যক্তিরদের সঙ্গে টাকা লেনা দেনার বিষয়ে ও যাহারদের সঙ্গে টাকা লেনা দেনা হয় তাহারদিগকে ঐ কর্ম্মকারকেরদের সরকারী কর্ম্মে নিযুক্ত করণ বিষয়ে ও ইউরোপীয় ও আমেরিকা দেশীয় লোকেরদের ভূমির অধিকারী হইবার বিষয়ে ও সরকারী পোশাক ও চাপরাস সাধারণমতে ব্যবহার করণ বিষয়ে কোন২ নিষেধ করিবার ...	সম্পূর্ণ আইন।
১৮২৭ সালের ৩০ আইন	পূণা ও আহ্মদনগর জিলার বিষয়ে ১৮২৭ সালের ১২, ১৩, ১৪, ও ১৫ আইনের কোন২ অংশ মতান্তর করিবার	সম্পূর্ণ আইন।
১৮২৮ সালের ১৭ আইন	ষড়যন্ত্র করণাপরাধের দণ্ডের বিধান করিবার ...	সম্পূর্ণ আইন।

যে আইন কি আক্ট।	আইনের নাম।	যেপর্য্যন্ত রদ হইল।
১৮৩০ সালের ৩ আইন	১৮২৮ সালের ৮ ও ১২ আইন রহিত করিবার, ও ফৌজদারী জজ সাহেবদিগকে সেশন জজের ক্ষমতা ও কর্ম্ম দিবার আইনের	২ ও ৪ ও ৬ ও ৭ ধারাভিন্ন সম্পূর্ণ আইন।
১৮৩০ সালের ৪ আইন	১৮২৭ সালের ১২ আইনের যে বিধানক্রমে ফৌজদারী জজ সাহেবকে পোলীস সংক্রান্ত কর্ম্মে মাজিষ্ট্রেট সাহেবের ও তাঁহার আসিষ্টাণ্টেরদের ক্ষমতার্পণ হয় সেই বিধান রহিত করিবার আইনের ...	১ ধারার ১ প্রকরণ ও ২ ধারাভিন্ন সম্পূর্ণ আইন।
১৮৩০ সালের ১৬ আইন	যাহারা নরহরণের কার্য্যে সাহায্য করে তাহারদিগকে হত্যা করণাপরাধের দণ্ড হইতে মুক্ত করিবার বিধান ১৮২৭ সালের ১৪ আইনের ২৬ ধারার ২ প্রকরণের যে অংশে হইয়াছে সেই অংশ রহিত করিবার, ও যাহারা সেই প্রকারের কার্য্যেতে সাহায্য কি বল কি জোর করে তাহারা যে দণ্ডের যোগ্য হয় তাহা প্রকাশ করিবার ...	সম্পূর্ণ আইন।
১৮৩০ সালের ১৯ আইন	পূণা জিলার মধ্যে জাইণ্ট সেশন জজকে নিযুক্ত করিবার বিধানের	সম্পূর্ণ আইন।
১৮৩১ সালের ৫ আইন	যাহারা বিনাবলে কারাগারহইতে পলাতক হয় তাহারদিগকে ১৮২৭ সালের ১৪ আইনের ২৪ ধারার নির্দ্দিষ্ট দণ্ড যোগ্য করিবার	সম্পূর্ণ আইন।
১৮৩১ সালের ৮ আইন	সেশন জজ সাহেব ও জুডিস্যিয়ল কমিস্যনর সাহেবদিগের এলাকা মতান্তর করিবার আইনের ...	১ ধারাভিন্ন সম্পূর্ণ আইন।
১৮৩১ সালের ৯ আইন	ভূম্যধিকারিরা যে বিধিমতে পোলীসসংক্রান্ত ক্ষমতা প্রাপ্ত হইতে পারেন সেই বিধি মতান্তর করিবার ...	সম্পূর্ণ আইন।
১৮৩৩ সালের ৩ আইন	বোম্বাই দেশের জিলার অন্তঃপাতি কোন২ বড় নগরে পোলীসের কার্য্য আরো সফলরূপে নির্ব্বাহ করিবার ...	সম্পূর্ণ আইন।
১৮৩৩ সালের ৭ আইন	রাজবিদ্রোহব্যাপার ভিন্ন দাঙ্গা কি হঙ্গামা করিবার জন্যে দ্বাদশ জনের অধিক সংগ্রহ হইলে তাহারদের বিচার ও দণ্ড করিবার প্রচলিত আইন মতান্তর করিবার ও প্রচলিত আইন পরিবর্ত্তন করণের বেআইনীমতের উদ্যোগ কিম্বা ভিন্ন দেশের শান্তি ভঞ্জন উদ্যোগ নামক অপরাধ যাহারা করে তাহারদের বিচার যে আদালতে হইতে পারে তাহা নিরূপণ করিবার ...	সম্পূর্ণ আইন।
১৮৩৩ সালের ৮ আইন	১৮৩০ সালের ৩ আইনের ৯ ধারা মতান্তর করিবার ও জুডিসিয়ল কমিস্যনর সাহেবদিগের হুংসরে২ দওরা করণের আরো উত্তম নিয়ম প্রচলিত করিবার, ...	সম্পূর্ণ আইন।

এম ওয়াইলি।
হোম ডিপার্টমেণ্টে
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২৪ জুন।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল ডিকুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JULY 1, 1862.

কলিকাতা মঙ্গলবার ১৮৬২ সাল ১ জুলাই।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 1st May 1862, and is hereby promulgated for general information :—

ACT No. XVIII, OF 1862.

An Act to repeal Act XVI. of 1852 in those parts of British India in which the Indian Penal Code is in force, and to re-enact some of the provisions thereof with amendments, and further to improve the administration of Criminal Justice in Her Majesty's Supreme Courts of Judicature.

[Preamble.]

WHEREAS, in consequence of the passing of the Indian Penal Code, many of the provisions of Act XVI. of 1852 (*for further improving the administration of Criminal Justice in Her Majesty's Courts of Justice in the territories of the East India Company*) have become inapplicable and others require amendment, and it is expedient to repeal the said Act and, pending the preparation of a Code of Criminal Procedure for Her Majesty's Supreme Courts of Judicature, to re-enact some of the provisions of the said Act, and to make further provision for the administration of Criminal Justice in such Courts ; It is enacted as follows :—

[Court may amend certain variances not material to the merits of the case and by which the defendant cannot be prejudiced in his defence and either proceed with or postpone the trial to be had before the same or another Jury.]

I. Whenever, on the trial of an indictment for an offence, there shall appear to be a variance between any statement in such indictment and the evidence offered in proof thereof, it shall be lawful

হোম ডিপার্টমেণ্ট।

লেজিসলেটিব।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের পশ্চাৎ লিখিত আইনেতে শ্রীলশ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুর ১৮৬২ সালের ১ মে তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। তাহা সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে এইক্ষণে প্রকাশ করা যাইতেছে।

১৮৬২ সালের ১৮ আইন।

ভারতবর্ষের দণ্ডবিধির আইন ব্রিটনীয় ভারতবর্ষের যে২ স্থানে প্রচলিত আছে, সেই২ স্থানে ১৮৫২ সালের ১৬ আইন রদ করিবার, ও সেই আইনের কোন২ বিধান সংশোধনপূর্ব্বক পুনশ্চ বলবৎ করিবার, ও শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রীম কোর্টে ফৌজদারী মোকদ্দমার বিচার কার্য্যের সৌষ্ঠব করিবার আইন।

[হেতুবাদ।]

ভারতবর্ষের দণ্ডবিধির আইন প্রচলিত হওয়াপ্রযুক্ত ১৮৫২ সালের ১৬ আইনের (অর্থাৎ কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যবর্ত্তি শ্রীশ্রীমতীর আদালতে ফৌজদারী মোকদ্দমার বিচার কার্য্যের সৌষ্ঠব করণার্থ আইনের) অনেক বিধান বর্ত্তে না, ও অন্য২ বিধান সংশোধন করা প্রয়োজন, এবং সেই আইন রহিত করা, ও শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রীমকোর্টসম্পর্কীয় ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন যত কাল প্রস্তুত না হয়, তত কালপর্য্যন্ত উক্ত আইনের কোন২ বিধান পুনশ্চ প্রচলিত করা, ও সেই২ আদালতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যনির্ব্বাহের অধিক বিধান করা বিহিত, এই২ কারণে পশ্চাৎ লিখিত বিধান হইল।

[মোকদ্দমার দোষগুণ বিষয়ে যাহা গুরুতর নয়, ও যদ্দ্বারা আসামীর উত্তর দেওনের ক্ষতি না হয়, এমত অসঙ্গত কোন২ কথা আদালতের সংশোধন করিতে পারিবার, এবং সেই কি অন্য জুরির সম্মুখে যে বিচার হইবে, তাহা তৎকালে কি গৌণে করিতে পারিবার কথা।]

১ ধারা। কোন অপরাধের অভিযোগ হইলে তাহার বিচারকালে যদি সেই অভিযোগের ও তাহার কথার পোষণার্থ প্রমাণের বৈলক্ষণ্য দৃষ্ট হয়, কিন্তু যে আদালতের সম্মুখে বিচার হইতেছে সেই আদালতের

for the Court before which the trial shall be had, if it shall consider that by the amendment of the indictment the person indicted will not be prejudiced in his defence on the merits, to order such indictment to be amended, according to the proof, by some Officer of the Court or other person, both in that part of the indictment where such variance occurs, and in every other part of the indictment which it may become necessary to amend, on such terms as to postponing the trial if the person indicted apply for a postponement, and ordering the same to be had before the same or another Jury, as such Court shall think reasonable; and after any such amendment the trial shall proceed, whenever the same shall be proceeded with, in the same manner in all respects and with the same consequences both with respect to the liability of witnesses to be indicted for giving false evidence and otherwise, as if no such variance had occurred. Provided that in any such case where the trial shall be so postponed as aforesaid, it shall be lawful for such Court to respite the recognizances of the prosecutor and witnesses, and of the person indicted and his surety or sureties, (if any), in which case the prosecutor and witnesses shall be bound to attend to prosecute and give evidence respectively, and the person indicted shall be bound to attend to be tried at the time and place to which such trial shall be postponed, without entering into any fresh recognizances for that purpose, in such and the same manner as if they were originally bound by their recognizances to appear and prosecute, or give evidence at the time and place to which such trial shall be so postponed. Provided also, that where any such trial shall be ordered to be had before another Jury, the Crown and the person indicted shall respectively be entitled to the same challenges as they were respectively entitled to before the first Jury was sworn.

যদি এইরূপ বিবেচনা হয়, যে ঐ অভিযোগপত্র সংশোধন হইলেও, দোষগুণ সম্পর্কে অভিযুক্ত ব্যক্তির উত্তর দেওনে কোন ক্ষতি হইবে না, তবে ঐ আদালত আজ্ঞা করিতে পারিবেন যে আদালতের কোন আমলার কি অন্য কোন ব্যক্তির দ্বারা ঐ অভিযোগ প্রমাণানুসারে সংশোধন করা যায়, অর্থাৎ অভিযোগপত্রের যে স্থানে উক্ত প্রকার বৈলক্ষণ্য থাকে সেই স্থান ও অন্য যে কোন স্থানে ঐ অভিযোগপত্র সংশোধন করা আবশ্যক হইতে পারে সেই স্থানও সংশোধন করা যায়, ও যদি অভিযুক্ত ব্যক্তি মোকদ্দমার বিচার গৌণে হইবার প্রার্থনা করে, তবে আদালত তাহারও নিয়ম করিতে পারিবেন, ও আদালতের বিবেচনামতে ঐ মোকদ্দমার বিচার সেই জুরির কিম্বা অন্য জুরির সম্মুখে হইবার আজ্ঞা করিতে পারিবেন। ও তদ্রূপ সংশোধন হইলে পর, যখন মোকদ্দমার বিচার কার্য্য চলিবে, তখন উক্ত প্রকারের বৈলক্ষণ্য না হইলে যেরূপে চলিত, ও মিথ্যা প্রমাণ দেওনপ্রভৃতির কারণে সাক্ষিদের নামে অভিযোগ হইতে পারিবার বিষয়ে যে ফল হইত, সেই মোকদ্দমা সর্ব্বতোভাবে সেই প্রকারে চলিবে ও মিথ্যা প্রমাণ দেওনের সেই ফল হইবে। কিন্তু তদ্রূপ কোন স্থলে যদি বিচারের কার্য্য গৌণে হয়, তবে সেই আদালত ঐ অভিযোগি ব্যক্তির ও সাক্ষিদের, এবং অভিযুক্ত ব্যক্তির (ও তাহার জামিন কি জামিনেরা থাকিলে তাহার কি তাহারদের) উপস্থিত হইবার প্রতিজ্ঞাপত্র গৌণে সফল করিতে পারিবেন। তাহা হইলে, ঐ মোকদ্দমার বিচার গৌণে যে সময়ে ও স্থানে হইবেক সেই সময়ে ও স্থানে উপস্থিত হইবার নূতন কোন প্রতিজ্ঞাপত্র না লিখিয়া ঐ অভিযোক্তার ও সাক্ষিদের উপস্থিত হইয়া অভিযোগ করিতে ও সাক্ষ্য দিতে হইবেক এবং অভিযুক্ত ব্যক্তিরও বিচার হইবার নিমিত্তে সেই সময়ে ও স্থানে উপস্থিত হইতে হইবেক। অর্থাৎ সেই মোকদ্দমার গৌণে বিচার হইবার যে সময় ও স্থান নির্দ্ধার্য্য হয় সেই সময়ে ও স্থানে তাহারা ঐ প্রতিজ্ঞাপত্রক্রমে আদৌ যেমন উপস্থিত হইয়া অভিযোগ করিতে ও সাক্ষ্য দিতে বদ্ধ ছিল তেমনি বদ্ধ হইবেক। কিন্তু যদি সেই মোকদ্দমার বিচার অন্য জুরির সম্মুখে হইবার আজ্ঞা হয়, তবে মহারাণীর পক্ষে আদালত এবং ঐ অভিযুক্ত ব্যক্তি, প্রথম জুরির ব্যক্তিদিগকে শপথ করাইবার পূর্ব্বে যেমন তাহারদের বিষয়ে আপত্তি করিতে পারিতেন, তেমনি সেই দ্বিতীয় জুরির বিষয়ে তাঁহারদের আপত্তি করিবার ক্ষমতা থাকিবে ইতি।

[On trial for criminal breach of trust and other offences, if the offence be theft, the Court may order indictment to be amended.]

[অপরাধভাবে বিশ্বাসঘাতকতাপ্রভৃতি অপরাধের বিচারকালে, যদি চৌর্য্য অপরাধ দৃষ্ট হয়, তবে আদালতের তদনুসারে অভিযোগপত্র সংশোধন করিতে আজ্ঞা করিবার কথা।]

II. If upon the trial of any person charged with the offence of criminal breach of trust under Section 405 of the Indian Penal Code, or the offence of cheating and thereby dishonestly inducing the person deceived to deliver property under Section 420 of the said Code, or of criminal breach of trust as a carrier, wharfinger, or warehouse-keeper under Section 407 of the said Code, evidence shall be given to prove that such person took the property in question in any such manner as to amount to the offence of theft under Section 378 of the said Code, the Court may order the indictment to be amended under the provisions of Section I. of this Act.

২ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪০৫ ধারামতে অপরাধভাবে বিশ্বাসঘাতকতা করণাপরাধে, কিম্বা উক্ত আইনের ৪২০ ধারামতে, বঞ্চনা করিয়া কোন সম্পত্তি দিতে শঠতাক্রমে ঐ বঞ্চিত ব্যক্তির প্রবৃত্তি জন্মাইবার অপরাধে, কিম্বা ঐ আইনের ৪০৭ ধারামতে মুটিয়া কি মাল তুলিবার ঘাট রক্ষক কি আড়তদারস্বরূপে বিশ্বাসঘাতকতা করণাপরাধে কোন ব্যক্তির নামে অভিযোগ হইলে, তাহার বিচারকালে যে সাক্ষ্য দেওয়া যায়, তাহাতে যদি প্রমাণ হয় যে সেই ব্যক্তি ঐ সম্পত্তি যেরূপে হরণ করিয়াছিল, তদ্বিবেচনায় তাহার উক্ত আইনের ৩৭৮ ধারামতে চৌর্য্য অপরাধ হইয়াছে, তবে আদালত এই আইনের ১ ধারার বিধানমতে ঐ অভিযোগপত্র সংশোধন করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ১ জুলাই।]

[Similar power of amendment in cases of Criminal breach of trust as a clerk or servant.]

III. If upon the trial of any person charged with the offence of criminal breach of trust as a clerk or servant under Section 408 of the Indian Penal Code, evidence shall be given to prove that such person took the property in question in any such manner as to amount to the offence of theft under Section 378 of the said Code, or the offence of theft as a clerk or servant of property in possession of his master under Section 381 of the said Code, the Court may order the indictment to be amended under the provisions of Section I. of this Act.

[Similar power of amendment in cases of theft or of theft in a building, tent, or vessel.]

IV. If upon the trial of any person charged with the offence of theft under Section 378 of the Indian Penal Code, or the offence of theft in a building, tent, or vessel under Section 380 of the said Code, evidence shall be given to prove that, in respect of the property stated in the indictment, such person was guilty of the offence of dishonest misappropriation of property under Section 403 of the said Code, or the offence of criminal breach of trust under Section 405 of the said Code, the Court may order the indictment to be amended under the provisions of Section I. of this Act.

[Similar power of amendment in cases of theft as a clerk or servant.]

V. If upon the trial of any person charged with the offence of theft as a clerk or servant of property in the possession of his master under Section 381 of the Indian Penal Code, evidence shall be given to prove that such person was guilty of the offence of dishonest misappropriation of property under Section 403 of the said Code, or the offence of dishonest misappropriation of property possessed by a deceased person at the time of his death under Section 404 of the said Code, or of such dishonest misappropriation under the said Section 404, the offender being at the time of the person's decease employed by him as a clerk or servant, or the offence of criminal breach of trust under Section 405 of the said Code, or the offence of criminal breach of trust as a clerk or servant under Section 408 of the said Code, in respect of the property stated in the indictment, the Court may order the indictment to be amended under the provisions of Section I. of this Act.

[Verdicts and judgments valid after amendments.]

VI. Every verdict and judgment which shall be given after the making of any amendment under the provisions of this Act, shall be of the same force and effect in all respects as if the indictment had originally been in the form in which it is after such amendment shall have been made.

[Records to be drawn up in amended form without noticing the amendments.]

VII. If it shall become necessary at any time,

[কেরাণী কি চাকরস্বরূপে অপরাধভাবে বিশ্বাসঘাতকতার মোকদ্দমায় সংশোধন করিবার তদ্রূপ ক্ষমতার কথা।]

৩ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪০৮ ধারামতে কেরাণী কি চাকরস্বরূপে অপরাধভাবে বিশ্বাসঘাতকতা করণাপরাধে কোন ব্যক্তির নামে অভিযোগ হইলে, তাহার বিচারকালে যে সাক্ষ্য দেওয়া যায় তাহাতে যদি প্রমাণ হয়, যে সেই ব্যক্তি যেরূপে বিবাদীয় দ্রব্য হরণ করিয়াছে তদ্বিবেচনায় তাহার উক্ত আইনের ৩৭৮ ধারামতে চৌর্য্য অপরাধ হইয়াছে, কিম্বা উক্ত আইনের ৩৮১ ধারামতে কেরাণী কি চাকরস্বরূপে কর্ত্তার অধিকারস্থিত দ্রব্য চুরি করণাপরাধ হইয়াছে, তবে আদালত এই আইনের ১ ধারার বিধানমতে ঐ অভিযোগপত্র সংশোধন করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[চৌর্য্য কিম্বা গৃহে কি তাম্বুতে কি নৌকাদিতে চৌর্য্য করণাপরাধের মোকদ্দমায় সংশোধন করিবার তদ্রূপ ক্ষমতার কথা।]

৪ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৩৭৮ ধারামতে চৌর্য্য করণাপরাধে, কিম্বা ঐ আইনের ৩৮০ ধারামতে গৃহে কি তাম্বুতে কি নৌকাদিতে চৌর্য্য করণাপরাধে কোন ব্যক্তির নামে অভিযোগ হইলে, তাহার বিচারকালে যে সাক্ষ্য দেওয়া যায়, তাহাতে যদি প্রমাণ হয়, যে অভিযোগপত্রের লিখিত দ্রব্য সম্পর্কে, সেই ব্যক্তি উক্ত আইনের ৪০৩ ধারামতে সেই দ্রব্য শঠতাক্রমে অবিহিতরূপে ব্যবহার করণাপরাধের, কিম্বা ঐ আইনের ৪০৫ ধারামতে অপরাধভাবে বিশ্বাসঘাতকতা করণাপরাধের অপরাধী হয়, তবে আদালত এই আইনের ১ ধারার বিধানমতে ঐ অভিযোগপত্র সংশোধন করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[কেরাণী কি চাকরস্বরূপে চৌর্য্যের মোকদ্দমায় সংশোধন করিবার তদ্রূপ ক্ষমতার কথা।]

৫ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৩৮১ ধারামতে কেরাণী কি চাকরস্বরূপে কর্ত্তার অধিকারস্থিত দ্রব্য চুরি করণাপরাধে কোন ব্যক্তির নামে অভিযোগ হইলে, তাহার বিচার কালে যে সাক্ষ্য দেওয়া যায়, তাহাতে যদি প্রমাণ হয় যে সেই ব্যক্তি ঐ আইনের ৪০৩ ধারামতে দ্রব্য শঠতাভাবে অবিহিতরূপে ব্যবহার করণাপরাধের, কিম্বা উক্ত আইনের ৪০৪ ধারামতে মৃত ব্যক্তির মরণকালে তাহার অধিকারস্থিত সম্পত্তি শঠতাভাবে অবিহিতরূপে ব্যবহার করণাপরাধের, কিম্বা ঐ ব্যক্তির মরণকালে অপরাধী কেরাণী কি চাকরস্বরূপে তাহার কর্ম্মে থাকিয়া উক্ত ৪০৪ ধারামতে উক্ত প্রকারে শঠতাভাবে ঐ দ্রব্য অবিহিতরূপে ব্যবহার করণাপরাধের, কিম্বা ঐ আইনের ৪০৫ ধারামতে অপরাধভাবে বিশ্বাসঘাতকতা করণাপরাধের, কিম্বা ঐ আইনের ৪০৮ ধারামতে ঐ অভিযোগপত্রের লিখিত দ্রব্য সম্পর্কে কেরাণী কি চাকরস্বরূপে অপরাধভাবে বিশ্বাসঘাতকতা করণাপরাধের অপরাধী হইয়াছে, তবে আদালত এই আইনের ১ ধারার বিধানমতে সেই অভিযোগপত্র সংশোধন করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[সংশোধনের পরে জুরির ও আদালতের নিষ্পত্তি সিদ্ধ হইবার কথা।]

৬ ধারা। অভিযোগপত্র এই আইনের বিধানমতে সংশোধন হইলে পর, তাহাতে যে কথা থাকে সেই কথা প্রথমে ঐ অভিযোগপত্রে লেখা থাকিলে জুরির ও আদালতের নিষ্পত্তি যেরূপে ফলবৎ ও বলবৎ হইত, উক্ত প্রকারে সংশোধন হইলে পরও তাহা সেইরূপে ফলবৎ ও বলবৎ হইবেক ইতি।

[সংশোধন হইবার কথার উল্লেখ না করিয়া রিকার্ড সংশোধিত কথানুসারে লিখিতে হইবার কথা।]

৭ ধারা। যে মোকদ্দমায় এই আইনের বিধানমতে

for any purpose whatsoever, to draw up a formal record in any case where any amendment shall have been made under the provisions of this Act, such record shall be drawn up in the form in which the indictment is, after such amendment shall have been made, without taking any notice of the fact of such amendment having been made.

[Form of indictment in cases of theft.]

VIII. In an indictment for theft the person indicted may be charged with having dishonestly taking the property stated in the indictment out of the possession of the person mentioned therein without that person's consent, and in support of such allegation it shall be sufficient to prove that the person indicted, intending to take dishonestly such property out of the possession of the person mentioned in the indictment, without that person's consent moved that property in order to such taking.

[The means by which the injury was inflicted need not be specified in indictments for murder and culpable homicide.]

IX. In an indictment for murder or culpable homicide not amounting to murder, or for abetting murder or culpable homicide not amounting to murder, or for attempting to commit murder which shall be preferred after this Act shall come into operation, it shall not be necessary to set forth the manner in which, or the means by which, the death of the deceased was caused or attempted to be caused.

[Form of indictment in cases of murder.]

X. In an indictment for murder it shall be sufficient to state that the person charged with the offence did murder the deceased by doing an act with the intention of causing the death of a human being, or, as the case may be, by doing an act with the intention of causing such bodily injury to the deceased as the offender knew to be likely to cause the death of the deceased, or by doing an act with the intention of causing bodily injury to some person, and that the bodily injury intended to be inflicted was sufficient in the ordinary course of nature to cause death, or by doing an act knowing it to be so imminently dangerous that it must in all probability cause the death of a human being, or such bodily injury as was likely to cause the death of a human being, and committing such act without any excuse for incurring the risk of causing death or such injury as aforesaid, and in any indictment for abetting murder or for attempting to commit murder, it shall be sufficient to state that the person charged with the offence abetted the murder of the deceased, or attempted to murder the deceased, as the case may be.

[Upon indictment for murder, Jury may find the accused guilty of culpable homicide not amounting to murder.]

XI. Upon an indictment for murder the Jury

কোন কথা সংশোধিত হইয়াছে এমত কোন মোকদ্দমায় যদি কোন কারণে নিয়মিতমতের রিকার্ড লেখা কোন সময়ে আবশ্যক হয়, তবে অভিযোগপত্রের উক্ত প্রকারে সংশোধন হইবার কোন কথা উল্লেখ না করিয়া সংশোধনের পরে ঐ অভিযোগপত্র যেরূপে লেখা হইয়াছে তদনুসারে ঐ রিকার্ড লিখিতে হইবেক ইতি।

[চৌর্য্যের মোকদ্দমায় অভিযোগ লিখিবার পাঠ।]

৮ ধারা। চৌর্য্যের অভিযোগপত্রে অভিযুক্ত ব্যক্তির নামে এইরূপে অভিযোগ লেখা যাইতে পারিবে যে সেই ব্যক্তি অভিযোগপত্রলিখিত অন্য ব্যক্তির অনুমতিবিনা ঐ ব্যক্তির অধিকারহইতে অভিযোগপত্রের লিখিত দ্রব্য শঠতাক্রমে হরণ করিয়াছে। ও ঐ অভিযোগের পোষণার্থে কেবল এই কথা প্রমাণ করা আবশ্যক যে সেই অভিযুক্ত ব্যক্তি অভিযোগপত্রের লিখিত ঐ অন্য ব্যক্তির অধিকারহইতে ঐ দ্রব্য শঠতাক্রমে হরণ করিবার কল্পনায় তাহার অনুমতিবিনা ঐ দ্রব্য লইবার জন্যে তাহা সরাইল ইতি।

[বধ ও দোষযুক্ত নরহত্যার অভিযোগপত্রে যে অস্ত্রাদিদ্বারা ঐ হানি হয় তাহা নির্দ্দিষ্ট করা আবশ্যক না হওয়ার কথা।]

৯ ধারা। এই আইন প্রচলিত হইবার পরে জ্ঞানকৃতবধ করণের কিম্বা জ্ঞানকৃত বধের তুল্য নয় দোষযুক্ত এমত নরহত্যার কিম্বা জ্ঞানকৃতবধ করণের কি জ্ঞানকৃতবধের তুল্য নয় দোষযুক্ত এমত নরহত্যার সহায়তা করণের, কিম্বা জ্ঞানকৃত বধ করিবার উদ্যোগ করণের যে অভিযোগ হয়, সেই অভিযোগপত্রে মৃত ব্যক্তিকে যে প্রকারে কি যে অস্ত্রাদিদ্বারা বধ করাগিয়াছিল কি করিবার উদ্যোগ করা হইয়াছিল তাহা ব্যক্ত করা আবশ্যক নাই ইতি।

[জ্ঞানকৃত বধের মোকদ্দমায় অভিযোগপত্র লিখিবার পাঠ।]

১০ ধারা। জ্ঞানকৃতবধের অভিযোগপত্রে কেবল ইহা লেখা প্রয়োজন যে, ঐ অপরাধের অভিযুক্ত ব্যক্তি মনুষ্যের প্রাণনাশের অভিপ্রায়ে কোন কার্য্য করণদ্বারা, অথবা বিষয়বিশেষে শরীরের যে হানিদ্বারা অপরাধির জ্ঞানমতে মৃত ব্যক্তির মরণ সম্ভাবনা তাহার তদ্রূপ শরীরের হানি করণাভিপ্রায়ে কোন কার্য্য করণ দ্বারা, অথবা শরীরে যেরূপ হানি হইলে স্বভাবতঃ ব্যক্তির মরণ হইতে পারে, কোন ব্যক্তির তদ্রূপ শারীরিক হানি করণের অভিপ্রায়ে কোন কার্য্য করণদ্বারা, অথবা যে কার্য্য অত্যন্ত আপদজনক হওয়াতে মনুষ্যের প্রাণনাশের কিম্বা শারীরিক যে হানিদ্বারা মনুষ্যর মরণ হইতে পারে এমত হানির সম্পূর্ণ সম্ভাবনা যে কার্য্যেতে হয় সেই কার্য্য করণ দ্বারা, এবং মৃত্যুর কি পূর্ব্বোক্তমতের হানির শঙ্কটজনক কার্য্য করিবার কোন হেতু না থাকিলেও ঐ কার্য্য করণ দ্বারা ঐ মৃত ব্যক্তিকে বধ করিয়াছিল। এবং জ্ঞানকৃত বধের সহায়তা কি জ্ঞানকৃত বধ করণের উদ্যোগ করিবার কোন অভিযোগপত্রে কেবল ইহা লেখা প্রয়োজন যে, অভিযুক্ত ব্যক্তি ঐ মৃত ব্যক্তিকে জ্ঞানকৃত বধ করিবার সহায়তা করিয়াছিল, কিম্বা কিম্বা বিশেষে তাহাকে বধ করিতে উদ্যোগ করিয়াছিল ইতি।

[জ্ঞানকৃত বধের অভিযোগ হইলে, অপরাধির জ্ঞানকৃত বধের তুল্য নয় এমত অপরাধযুক্ত নরহত্যার অপরাধ জুরির দ্বারা নির্ণয় হইতে পারিবার কথা।]

১১ ধারা। জ্ঞানকৃত বধের অভিযোগ হইলে জুরি

may find the person charged with the offence not guilty of murder, but guilty of culpable homicide not amounting to murder.

[Upon indictment for murder, Jury may find the accused guilty of concealing, or endeavoring to conceal, the birth of a child.]

XII. Upon an indictment for the murder of a child the Jury may find the person indicted not guilty of murder, but guilty of intentionally concealing or endeavoring to conceal the birth of such child under Section 318 of the Indian Penal Code, and the person so found guilty shall be liable to be punished under the said Section of the said Code.

[Not necessary to specify the particular kind of grievous hurt.]

XIII. It shall not be necessary in an indictment for voluntarily causing grievous hurt to specify the particular kind of grievous hurt.

[Provision for cases of trial for causing grievous hurt and other similar offences.]

XIV. Upon an indictment for voluntarily causing grievous hurt, or for voluntarily causing hurt to any person, or for an offence under Section 336, 337, or 338 of the Indian Penal Code, the person indicted shall not be entitled to be acquitted upon the ground that the hurt caused the death of the person injured or that the person indicted was guilty of culpable homicide.

[Form of indictment in cases respecting instruments or documents.]

XV. In an indictment in which it shall be necessary to mention any instrument or document, or to make an averment or allegation respecting any instrument or document, it shall be sufficient to describe such instrument or document by any name or designation by which the same is usually known, or by the purport thereof, without setting out any copy or *fac simile* thereof, or otherwise describing the same, or the value thereof.

[Intent to defraud particular person need not be alleged or proved.]

XVI. In an indictment in which it shall be necessary to allege an intent to defraud, it shall not be necessary to allege or prove an intent to defraud any particular person, but it shall be sufficient to allege and prove an intent to defraud.

[A party indicted for an offence may be found guilty of an attempt to commit the same, and shall be liable to the same consequences as if charged with and convicted of the attempt only. No person so tried to be afterwards prosecuted for the same.]

XVII. If, on the trial of any person charged with any offence, it shall appear to the Jury upon the evidence that the person charged did not complete the offence charged, but was guilty of an offence within the meaning of Section 511 of the Indian Penal Code by attempting to commit

[*Government Gazette*, 1*st July*, 1862.]

সেই অপরাধিকে জ্ঞানকৃত বধাপরাধের নির্দ্দোষী কিন্তু জ্ঞানকৃত বধের তুল্য নয় দোষযুক্ত এমত নরহত্যার অপরাধী নির্ণয় করিতে পারিবেন ইতি।

[জ্ঞানকৃত বধের অভিযোগ হইলে অপরাধির শিশু-জন্ম গোপন রাখিবার কি গোপন রাখিতে উদ্যোগ করিবার অপরাধ জুরির দ্বারা নির্ণয় হইতে পারিবার কথা।]

১২ ধারা। শিশুকে জ্ঞানকৃত বধ করিবার অভিযোগ হইলে, জুরি সেই অভিযুক্ত ব্যক্তিকে জ্ঞানকৃত বধাপরাধের নির্দ্দোষী, কিন্তু ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৩১৮ ধারামতে ঐ শিশুর জন্ম ইচ্ছাপূর্ব্বক গোপন রাখিবার কিম্বা গোপন রাখিতে উদ্যোগ করিবার অপরাধী নির্ণয় করিতে পারিবেন। ও তদ্রূপ অপরাধ নির্ণীত ব্যক্তি উক্ত আইনের উক্ত ধারামতের দণ্ড যোগ্য হইবেক ইতি।

[গুরুতর পীড়ার বিশেষ কথা লেখা অনাবশ্যক হওয়ার কথা।]

১৩ ধারা। ইচ্ছাপূর্ব্বক গুরুতর পীড়া জন্মাইবার অভিযোগপত্রেতে ঐ গুরুতর পীড়া বিশেষ যে প্রকারের হয় ইহা নির্ণয় করা আবশ্যক নাই ইতি।

[গুরুতর পীড়ার ও তদ্রূপ অন্য অপরাধের বিচারার্থ মোকদ্দমার বিধান।]

১৪ ধারা। কোন ব্যক্তির নামে ইচ্ছাপূর্ব্বক গুরুতর পীড়া জন্মাইবার, কিম্বা ইচ্ছাপূর্ব্বক পীড়া জন্মাইবার, কিম্বা ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৩৩৬ কি ৩৩৭ কি ৩৩৮ ধারার নির্দ্দিষ্ট অপরাধের অভিযোগ হইলে, যদিও সেই পীড়াতে ঐ পীড়াগ্রস্ত ব্যক্তির মৃত্যু হয় কিম্বা অভিযুক্ত ব্যক্তি দোষযুক্ত নরহত্যা অপরাধের দোষী হয় তথাপি সেই অভিযুক্ত ব্যক্তির পূর্ব্বোক্ত অভিযোগ প্রযুক্ত নির্দ্দোষ হইবার অধিকার থাকিবে না ইতি।

[কোন দলীল কি পত্রসম্পর্কীয় অভিযোগ লিখিবার পাঠ।]

১৫ ধারা। যদি কোন অভিযোগপত্রেতে কোন দলীলের কি পত্রের কথা উল্লেখ করা, কিম্বা কোন দলীলের কি পত্রের বিষয়ে কোন স্থির কি নিশ্চয় বাক্য কহা আবশ্যক হয়, তবে সেই দলীল কি পত্র যে কোন নামে কি খ্যাতিতে সাধারণমতে জানা যায় কেবল তাহা কিম্বা সেই পত্রাদির স্থূল মর্ম্ম লেখা প্রয়োজন, তাহার কোন নকল কি অনুলিপি দেওয়া কিম্বা প্রকারান্তরে তাহার বর্ণনা কি তাহার মূল্য ব্যক্ত করা প্রয়োজন নাই ইতি।

[প্রতারণাক্রমে ব্যক্তিবিশেষের দ্রব্য লওয়ার অভিপ্রায় ব্যক্ত কি প্রমাণ করা অনাবশ্যক হওয়ার কথা।]

১৬ ধারা। যদি কোন অভিযোগপত্রে প্রতারণাক্রমে কোন দ্রব্য লওয়ার অভিপ্রায় ব্যক্ত করা আবশ্যক হয়, তবে কোন বিশেষ ব্যক্তির দ্রব্য অভিযুক্ত ব্যক্তির প্রতারণাপূর্ব্বক লওনের অভিপ্রায় ছিল ইহা ব্যক্ত কি প্রমাণ করা আবশ্যক নাই, কেবল প্রতারণাপূর্ব্বক কোন দ্রব্য লওনের অভিপ্রায় ব্যক্ত কি প্রমাণ করা প্রয়োজন ইতি।

[কোন অপরাধের অভিযুক্ত ব্যক্তির সেই অপরাধ করিবার উদ্যোগকরণ দোষ নির্ণয় হইতে পারিবার, ও উদ্যোগ মাত্রের অভিযোগ ও প্রমাণ হওয়ার মত দণ্ড হইতে পারিবার, ও উক্ত প্রকারে যাহার বিচার হয় তাহার নামে পশ্চাতে সেই অপরাধের অভিযোগ না হইবার কথা।]

১৭ ধারা। কোন ব্যক্তির নামে কোন অপরাধের অভিযোগ হইলে যদি তাহার বিচার কালে জুরি প্রমাণক্রমে দেখিতে পান যে অভিযুক্ত ব্যক্তি অভিযোগপত্রলিখিত অপরাধ করে নাই, কিন্তু ঐ অপরাধ করিবার কি করাইবার উদ্যোগকরণেতে, ও সেই উদ্যোগকরণ কালে সেই অপরাধ হইবার নিমিত্ত কোন কর্ম্ম করণেতে তাহার

such offence, or to cause such offence to be committed, and in such attempt doing an act towards the commission of such offence, such person shall not by reason thereof be entitled to be acquitted, but the Jury shall be at liberty to return as their verdict that the person accused is not guilty of the offence charged, but is guilty of an attempt to commit the same within the meaning of Section 511 of the Indian Penal Code, and the offender so found guilty shall be liable to be punished in the same manner as if he had been convicted upon an indictment framed under the said Section for attempting to commit the particular offence charged in the indictment, and no person so tried as herein lastly mentioned shall be liable to be afterwards prosecuted for an attempt to commit the offence for which he was so tried.

[If person indicted for criminal misappropriation be proved guilty of theft.]

XVIII. If, upon the trial of any person indicted for criminal misappropriation of property, it shall be proved that he was guilty of committing theft of such property, he shall not by reason thereof be entitled to be acquitted of the offence charged against him.

[Upon an indictment for jointly receiving, persons guilty of separately receiving may be convicted.]

XIX. If, upon the trial of two or more persons indicted for jointly receiving stolen property, it shall be proved that one or more of such persons separately received any part of such property, it shall be lawful for the Jury to convict upon such indictment such of the said persons as shall be proved to have received any part of such property.

[Abettor of an offence may be indicted and punished in the absence of the principal.]

XX. A person may be indicted and punished for abetting an offence which has been committed in consequence of the abetment, notwithstanding the person who committed the offence shall not have been indicted or found guilty, or shall not be in custody or amenable to justice, and every abettor of an offence may be indicted, tried, and punished for the abetment as a substantive offence, and may be tried either jointly with the principal offender or separately, and punished by any of Her Majesty's Supreme Courts of Judicature which would have power to try the principal offender, or which would have power to try the abettor if he had committed the offence himself, either in the place in which he is guilty of the abetment, or in the place in which any act shall have been committed in pursuance of the abetment.

[Receiver of stolen property may be indicted and punished in the absence of the principal.]

XXI. A person may be indicted and punished for dishonestly receiving or retaining stolen property, notwithstanding the person by whose offence the possession of such property shall have been

বর্ষের দণ্ডবিধির আইনের ৫১১ ধারার মর্ম্মানুসারে অপরাধী হইয়াছে, তবে উক্ত অভিযোগপ্রযুক্ত সেই ব্যক্তির নির্দ্দোষী হইবার অধিকার থাকিবে না, কিন্তু জুরি আপনারদের এই নিষ্পত্তি জ্ঞাত করিতে পারিবেন যে, অভিযুক্ত ব্যক্তি অভিযোগপত্রের লিখিত অপরাধের দোষী নয়, কিন্তু ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৫১১ ধারার মর্ম্মানুসারে, ঐ অপরাধ করিবার উদ্যোগকরণের দোষী। তাহা হইলে সেই অভিযোগপত্র লিখিত বিশেষ অপরাধকরণের উদ্যোগের অভিযোগ উক্ত ধারাক্রমে লেখা হইলে ঐ ব্যক্তির অপরাধ প্রমাণ হইয়া তাহার যে দণ্ড হইতে পারিত উক্ত প্রকারের অপরাধ নির্ণীত ব্যক্তির সেই দণ্ড হইতে পারিবেক। ও শেষোক্ত প্রকারে যে ব্যক্তির বিচার হয়, সেই ব্যক্তির যে অপরাধের বিচার হইয়াছে তাহার সেই অপরাধ করিবার উদ্যোগের অভিযোগ পশ্চাতে পুনরায় হইতে পারিবেক না ইতি।

[কোন ব্যক্তির নামে অপরাধভাবে কোন দ্রব্য অবিহিতরূপে ব্যবহার করিবার অভিযোগ হইয়া তাহার চৌর্য্যাপরাধ প্রমাণ হইলে তাহার কথা।]

১৮ ধারা। কোন ব্যক্তির নামে অপরাধভাবে কোন দ্রব্য অবিহিতরূপে ব্যবহার করিবার অভিযোগ হইলে, যদি তাহার বিচার কালে প্রমাণ হয় যে সেই ব্যক্তি ঐ দ্রব্য চুরি করিবার অপরাধী, তবে সেই অভিযোগপত্রলিখিত অপরাধ না হওয়াতে তাহার নির্দ্দোষি হইবার অধিকার থাকিবে না ইতি।

[একত্রে দ্রব্য গ্রহণ করিবার অভিযোগ হইলে, পৃথক রূপে গ্রহণ করিবার প্রমাণ হইতে পারিবার কথা।]

১৯ ধারা। দুই কি ততোধিক ব্যক্তির নামে একত্রে চোরা দ্রব্য গ্রহণ করিবার অভিযোগক্রমে তাহারদের বিচার হইলে যদি প্রমাণ হয় যে, তাহারদের মধ্যে কোন এক কি অধিক ব্যক্তি ঐ সম্পত্তির কোন অংশ স্বতন্ত্রভাবে গ্রহণ করিয়াছিল, তবে ঐ সম্পত্তির কোন অংশ গ্রহণাপরাধ যে ব্যক্তিরদের পক্ষে প্রমাণ হয়, তাহারদিগকে জুরি সেই অভিযোগক্রমে দোষী নির্ণয় করিতে পারিবেন ইতি।

[মুখ্য অপরাধির অনুপস্থিত কালে, সহায় ব্যক্তির নামে অভিযোগ ও তাহার দণ্ড হইবার কথা।]

২০ ধারা। সহায়তার বলে যে অপরাধ করা যায় সেই অপরাধ যে ব্যক্তি করিয়াছিল তাহার নামে অভিযোগ না হইলে কি দোষ প্রমাণ না হইলে কিম্বা সে অবরুদ্ধ না হইলে কিম্বা তাহার বিচার না হইতে পারিলেও, সহায়তাহেতুক সহায় ব্যক্তির নামে অভিযোগ ও তাহার দণ্ড হইতে পারিবে, ও সহায়তা প্রকৃত অপরাধস্বরূপ জ্ঞান হইয়া তজ্জন্যে ঐ অপরাধের প্রত্যেক সহায় ব্যক্তির নামে অভিযোগ ও তাহার বিচার ও দণ্ড হইতে পারিবেক, ও যে স্থানে সহায় ব্যক্তি সহায়তা দোষ করে কিম্বা ঐ সহায়তার উপলক্ষে যে স্থানে কোন কার্য্য করা গিয়াছে সেই স্থানে, শ্রীশ্রীমতী মহারাণীর যে সুপ্রীম কোর্ট মুখ্য অপরাধির বিচার করিতে ক্ষমতাপন্ন হইতেন কিম্বা সহায় ব্যক্তি আপনি ঐ অপরাধ করিলে তাহার বিচার করিতে ক্ষমতাপন্ন হইতেন, সেই সুপ্রীম কোর্ট ঐ সহায় ব্যক্তির বিচার মুখ্য অপরাধির সঙ্গে কি পৃথকরূপে করিতে ও তাহার দণ্ড করিতে পারিবেন ইতি।

[মুখ্য অপরাধি অনুপস্থিত হইলেও, চোরা দ্রব্য গ্রাহকের অভিযোগ ও দণ্ড হইতে পারিবার কথা।]

২১ ধারা। কোন চোরা দ্রব্য যে ব্যক্তির অপরাধক্রমে হস্তান্তর করা যায়, কি যে ব্যক্তি সেই দ্রব্য অপরাধভাবে অবিহিতরূপে ব্যবহার করে, কি সেই দ্রব্য সম্পর্কে অপরাধভাবে বিশ্বাসঘাতকতা করে, সেই

transferred, or who shall have criminally misappropriated such property or committed criminal breach of trust in respect thereof, shall not have been found guilty of such offence, or shall not be in custody or amenable to justice.

[Insertion of several counts in the same indictment against the same person.]

XXII. It shall be lawful to insert several counts in the same indictment against the same person for different offences. But the Judge, before whom the person indicted shall be tried, may direct that any one or more of the counts shall be treated as a distinct indictment or indictments, and that the person indicted shall be tried thereupon in the same manner as if such count or counts had been in separate and distinct indictments.

[If the property alleged in an indictment for theft appear to have been taken at different times, prosecutor need not elect, unless where more than three takings, or more than six months between the first and last taking.]

XXIII. If, upon the trial of an indictment for theft, it shall appear that the property alleged in the indictment was taken or moved at different times, the prosecutor shall not by reason thereof be required to elect upon which taking or moving he will proceed, unless it shall appear that there were more than three takings or movings, or that more than the space of six calendar months elapsed between the first and the last of such takings or movings, and in either of such last mentioned cases the prosecutor shall be required to elect to proceed for such number of takings or movings not exceeding three as shall appear to have taken place within the period of six calendar months from the first to the last of such takings or movings.

[Form of indictment for giving or fabricating false evidence, &c.]

XXIV. In an indictment for giving or fabricating false evidence, or for using or attempting to use false or fabricated evidence, or for any offence which by the Indian Penal Code is declared to be punishable in the same manner as the offence of intentionally giving false evidence, or for abetting or attempting to commit any of the offences aforesaid, it shall be sufficient to set forth the substance of the offence charged, without setting out any part of any proceeding either in law or in equity and without setting forth the commission or authority of the Court or person before whom such offence was committed.

[Coin and Bank or Government Notes may be described simply as money.]

XXV. In an indictment in which it shall be necessary to make any averment as to any money or any note of any Bank, or any note of Government payable on demand, or which by any law is or shall be declared to be a legal tender, it shall be sufficient to describe such money or note sim-

ব্যক্তির সেই অপরাধ যদিও নির্ণয় না হয়, কিম্বা যদিও সে অবরুদ্ধ না হয় কি তাহার বিচার হইতে না পারে, তথাপি সেই চোরা দ্রব্য শঠতাক্রমে গ্রহণ কি রাখণের অভিযোগ ঐ গ্রাহকের নামে হইয়া তাহার দণ্ডও হইতে পারিবেক ইতি।

[একি ব্যক্তির নামে একি অভিযোগপত্রে ভিন্ন২ দফা লিখিবার কথা।]

২২ ধারা। একি ব্যক্তির নামে একি অভিযোগ পত্রে ভিন্ন২ অপরাধের ভিন্ন২ দফা লেখা যাইতে পারিবেক। কিন্তু যে জজ সাহেবের সম্মুখে ঐ অভিযুক্ত ব্যক্তির বিচার হয়, তিনি আজ্ঞা করিতে পারিবেন যে উক্ত কোন এক কি অধিক দফা পৃথক২ অভিযোগস্বরূপ জ্ঞান হয়, ও সেই এক কি অধিক দফা পৃথক২ ও ভিন্ন২ অভিযোগ জ্ঞানে ঐ অভিযুক্ত ব্যক্তির তদনুসারে বিচার হয় ইতি।

[চৌর্য্যের অভিযোগপত্রে যে দ্রব্যের উল্লেখ হয় তাহা ভিন্ন২ সময়ে হরণ হইয়াছে ইহা যদি দৃষ্ট হয়, তবে তিনবারের অধিক সেই দ্রব্য হরণ না হইলে কিম্বা প্রথম ও শেষবার হরণের কালের মধ্যে ছয় মাস ব্যবধান না থাকিলে যাহার মনোনীত করিবার প্রয়োজন না থাকার কথা।]

২৩ ধারা। চৌর্য্যের অভিযোগের বিচারকালে যদি দৃষ্ট হয় যে অভিযোগপত্রলিখিত দ্রব্য ভিন্ন২ সময়ে হরণ কি স্থানান্তর করা গিয়াছে, তবে সেই কারণে বাদী যে সময়ের হরণ কি স্থানান্তর করণ বিষয়ে মোকদ্দমা চালাইবে তাহা মনোনীত করিতে তাহার প্রতি আজ্ঞা হইবেক না। কিন্তু যদি দৃষ্ট হয় যে তিনের অধিকবার ঐ দ্রব্য হরণ কি স্থানান্তর করা গিয়াছিল, কিম্বা প্রথম ও শেষবার হরণ কি স্থানান্তর করণের মধ্যে ইঙ্গলণ্ডীয় পঞ্জিকামতের ছয় মাসের অধিক ব্যবধান থাকে, তবে তদ্রূপ কোন স্থলে, ঐ দ্রব্য হরণ কি স্থানান্তর করণের প্রথমবারঅবধি শেষবারপর্য্যন্ত যে ছয় মাস ব্যবধান থাকে, তন্মধ্যে তিনের অনধিক যেং বারের হরণ কি স্থানান্তর করণ বিষয়ে বাদী মোকদ্দমা চালাইবে, তাহা মনোনীত করিতে তাহার প্রতি আজ্ঞা হইবেক ইতি।

[মিথ্যা সাক্ষ্য দেওনের কি সৃষ্টি করণের অভিযোগ লিখিবার পাঠ।]

২৪ ধারা। মিথ্যা প্রমাণ দেওনের কি সৃষ্টি করণের অথবা মিথ্যা কি সৃষ্ট প্রমাণ ব্যবহার করণের কি ব্যবহার করিতে উদ্যোগ করণের অভিযোগপত্রে, কিম্বা যে কোন অপরাধ ভারতবর্ষের দণ্ডবিধি আইনক্রমে মিথ্যা প্রমাণ ইচ্ছাপূর্ব্বক দেওন অপরাধের ন্যায় দণ্ড যোগ্য প্রকাশ হইয়াছে তাহার, কিম্বা পূর্ব্বোক্ত কোন অপরাধের সহায়তা করিবার কি উদ্যোগ করিবার অভিযোগপত্রে, আইন কি একটি পক্ষের মোকদ্দমার কোন কার্য্যের কোন অংশ ব্যক্ত না করিয়া ও যে আদালতের কি যে ব্যক্তির সম্মুখে ঐ অপরাধ হইয়াছে তাঁহার সনন্দ কি ক্ষমতা প্রকাশ না করিয়া, কেবল ঐ অভিযোগের অপরাধের মর্ম্ম প্রকাশ করা প্রয়োজন ইতি।

[মুদ্রা কি ব্যাঙ্ক নোট কি গবর্ণমেণ্টের নোট কেবল টাকা বলিয়া নির্দ্দিষ্ট করার কথা।]

২৫ ধারা। কোন মুদ্রার কিম্বা কোন ব্যাঙ্ক নোটের কি দাওয়াক্রমে দেয় টাকার গবর্ণমেণ্টের কোন নোটের, কিম্বা অন্য যে নোট কোন আইনক্রমে চলন মুদ্রাস্বরূপ প্রকাশ হইয়াছে কি হইবে, সেই নোটের কথা যদি কোন অভিযোগপত্রের মধ্যে উল্লেখ করা আবশ্যক হয়, তবে কোন বিশেষ মুদ্রা কি বিশেষ ব্যাঙ্কের কি অন্য প্রকারের

ply as money without specifying any particular coin or Bank or other note, and such allegation, so far as regards the description of the property, shall be sustained by proof of any amount of coin or of any such note as aforesaid, although the particular species of coin, of which such amount was composed, or the amount, number, or other particulars of the note, shall not be proved, and in cases of obtaining money or any such note or notes as aforesaid by cheating by proof that the offender obtained any piece or pieces of coin, or any such note or notes, or any portion thereof, or of the value thereof by cheating, although such piece or pieces of coin or note or notes may have been delivered to him in order that some part of the value thereof should be returned to the party delivering the same or to any other person or persons, and such part shall have been returned accordingly.

নোট নির্দ্দিষ্ট না করিয়া সেই মুদ্রার কি নোটের কথা কেবল টাকা বলিয়া উল্লেখ করা প্রয়োজন। ও সেই সমুদয় টাকা যে২ বিশেষ প্রকারের মুদ্রা হয় কিম্বা প্রত্যেক নোট যত টাকার হয় কি তাহার যে নম্বর কি অন্য বিশেষ বিবরণ হয় তাহার যদিও প্রমাণ না হয়, তথাপি ঐ সম্পত্তির বর্ণনাসম্পর্কে পূর্ব্বোক্ত মুদ্রা কি নোট সর্ব্বসুদ্ধ যত টাকার হয় তাহার প্রমাণ হইলে সেই কথা সাব্যস্ত হইবেক। ও কোন মোকদ্দমায় যদি সেই টাকা কি পূর্ব্বোক্ত প্রকারের কোন নোট প্রবঞ্চনাক্রমে প্রাপ্ত হইবার অভিযোগ হয়, তবে সেই টাকার কি সেই নোটের মূল্যের কোন অংশ যদ্যপি ঐ টাকাপ্রভৃতি দাতা ব্যক্তির নিকটে ফিরিয়া আনিবার কি অন্য ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে দিবার অভিপ্রায়ে অপরাধিকে দেওয়া গিয়াছিল, ও যদ্যপি সে তদনুসারে এক অংশ দিয়াছে, তথাপি অপরাধী সেই টাকা কি তদ্রূপ এক কি অধিক নোট কি তাহার কোন অংশ কি তাহার মূল্য বঞ্চনাদ্বারা প্রাপ্ত হইয়াছে ইহার প্রমাণ করণদ্বারা ঐ অপরাধ সাব্যস্ত হইবেক ইতি।

[Absence of general exceptions under the Penal Code to be assumed. Evidence as to general exception.]

[কোন মোকদ্দমা উপস্থিত হইলে তাহা দণ্ডবিধির আইনের বর্জ্জিত কথার মধ্যে আইসে না ইহা স্বতই জ্ঞান হইবার কথা। ও সাধারণ বর্জ্জিত কথার প্রমাণের কথা।]

XXVI. It shall not be necessary to allege in an indictment any circumstances for the purpose of shewing that the case does not come, nor shall it shall be necessary to allege that the case does not come within any of the general exceptions contained in Chapter IV. of the Indian Penal Code, or within the exceptions contained in Section 136, Section 300, Section 323, Section 324, Section 325, Section 326, Section 375, or Section 499 of the said Code, but every charge shall be understood to assume the absence of all such circumstances, and it shall not be necessary on the part of the prosecutor to prove at the trial the absence of such circumstances in the first instance; but the person indicted shall be entitled to give evidence of the existence of any such circumstances, and evidence in disproof thereof may then be given on the part of the prosecutor.

২৬ ধারা। কোন মোকদ্দমা ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪ অধ্যায়ের লিখিত সাধারণ বর্জ্জিত কথার মধ্যে কিম্বা ঐ আইনের ১৩৬ কি ৩০০ কি ৩২৩ কি ৩২৪ কি ৩২৫ কি ৩২৬ কি ৩৭৫ কি ৪৯৯ ধারার লিখিত বর্জ্জিত কথার মধ্যে আইসে না এই কথা দর্শাইবার কোন ভাবগতিক, কিম্বা সেই কথাই অভিযোগপত্রে লেখা আবশ্যক নাই। অভিযোগ হইলে সেই ভাবগতিক না থাকা স্বতই বোধ হইবে। ও মোকদ্দমার বিচার কালে তদ্রূপ ভাবগতিক না থাকার বিষয়ে বাদির প্রথমে প্রমাণ করা আবশ্যক নাই। কিন্তু অভিযুক্ত ব্যক্তি তদ্রূপ কোন ভাবগতিক থাকার প্রমাণ দিতে পারিবেক। পরে বাদির পক্ষে তদ্বিপরীত প্রমাণ দেওয়া যাইতে পারিবেক ইতি।

[Good faith to be presumed in certain cases.]

[কোন২ স্থলে সরলভাব থাকা স্বতই জ্ঞান হইবার কথা।]

XXVII. In proving the existence of circumstances as a defence under the 2nd, 3rd, 5th, 6th, 7th, 8th, 9th, or 10th exception to Section 499 of the Indian Penal Code, good faith shall be presumed unless the contrary appear.

২৭ ধারা। যদি প্রতিবাদী আপনার দোষ খণ্ডনার্থে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪৯৯ ধারার বর্জ্জিত কথার ২ কি ৩ কি ৫ কি ৬ কি ৭ কি ৮ কি ৯ কি ১০ প্রকরণের লিখিত কোন ভাবগতিক থাকার প্রমাণ করেন, তবে তাহার সরলভাব নাই ইহা দৃষ্ট না হইলে সরলভাবই আছে এমত জ্ঞান করিতে হইবেক ইতি।

[Words in indictments to be taken in the sense of the Penal Code.]

[অভিযোগপত্রে যে২ কথা থাকে তাহার অর্থ ভারতবর্ষের দণ্ডবিধিমতে করিতে হইবার কথা।]

XXVIII. In every indictment, words used in describing an offence shall be deemed to have been used in the sense attached to them by the Indian Penal Code.

২৮ ধারা। প্রত্যেক অভিযোগপত্রে কোন অপরাধ নির্দ্দিষ্ট করণের যে২ কথার ব্যবহার হয়, তাহার অর্থ ভারতবর্ষের দণ্ডবিধির আইনের লিখিত সেই কথার অর্থ স্বরূপে ধরিতে হইবেক ইতি।

[Trials for murder or culpable homicide if the act which caused or the death took place within the jurisdiction.]

[জানকৃতবধ কি দোষযুক্ত নরহত্যা যে ক্রিয়াদ্বারা হইয়াছে তাহা কিম্বা মৃত্যু, যে আদালতের এলাকায় হয় সেই আদালতে বিচার হইবার কথা।]

XXIX. Any person accused of murder or of culpable homicide not amounting to murder, may be dealt with, tried, and punished by any of Her Majesty's Supreme Courts of Judicature if the

